ইতীতি। অভ্যনন্দন্ অর্জুনং প্রাশংসন্। সহিতাঃ সম্মিলিতাঃ সম্ভঃ ॥১৫॥
আমস্ক্রোতি। পার্থং মুধিষ্টিবম্। যথাস্বং স্বং স্বম্, বাষ্ট্রং রাজ্যম্ ॥১৬॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভাবতটীকাষাং ভাবতকোমুদীসমাখ্যায়াং বনপর্কণি অর্জুনাভিগমনে বিংশোহধ্যায়ঃ ॥০॥
ভারতভাবদীপঃ

রর্জ্বনঃ, আদাশ্রতে আচ্ছিন্ত গ্রহীক্ততি, যশাংসি যশস্কবাণি দিব্যসভাদীনি ॥১৩॥ ভবস্তিঃ পৌরেঃ, বাচ্যাঃ প্রার্থ্যাঃ ॥১৪—১৬॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্ব্বণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে বিংশোহধ্যায়ঃ ॥২০॥

লেন—"বাজা যুধিষ্ঠিব এই বনবাস অতিক্রম কবিয়া বলপ্রয়োগে শক্রদিগেব যশ গ্রহণ করিবেন ॥১০॥

আপনারা উপস্থিত হইয়া এবং প্রসন্ন কবিয়া প্রধান প্রধান দ্বিজাতি, তপস্বী ও ধর্মার্থজ্ঞ লোকদিগকে বলিবেন যে, আমাদেব যেন উৎকৃষ্টভাবে কার্য্যসিদ্ধি হয়"॥১৪॥

অর্জুন এই কথা বলিলে, ব্রাহ্মণেরা এবং অন্ত সকল বর্ণেবা আনন্দে অর্জুনেব প্রশংসা কবিলেন এবং সম্মিলিত হইয়া ধার্ম্মিকশ্রেষ্ঠ যুধিষ্ঠিবকে প্রদক্ষিণ কবিলেন ॥১৫॥

তাহাব পর, তাহাবা যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব ও দ্রৌপদীব

<sup>\* &#</sup>x27;... ত্রযোবিংশভিতমো২ধ্যায়ঃ'...বা ব কা নি।

## একবিংশোহধ্যায়ঃ।

--°#°---

বৈশস্পায়ন উবাচ।

ততন্তেষু প্রযাতেষু কোন্তেয়ঃ ইনত্যসঙ্গরঃ ।
অভ্যভাষত ধর্মাত্মা ভাতৃন্ সর্ববান্ যুধিষ্ঠিবঃ ॥১॥
দাদশেমাঃ সমাহস্মাভির্বস্তব্যং নির্জ্জনে বনে ।
সমীক্ষধবং মহারণ্যে দেশং বহুমুগদ্বিজম্ ॥২॥
বহুপুষ্পাফলং বম্যং শিবং পুণ্যজনার্তম্ ।
যত্রেমাঃ শবদঃ সর্ববাং স্থথং প্রতিবসেমহি ॥৩॥ (যুগ্মকম্)
এবমুক্তে প্রত্যুবাচ ধর্মাবাজং ধনঞ্জয়ঃ ।
গুরুবন্মানবগুরুং মানরিত্বা মনস্বিনম্ ॥৪॥
অর্জ্জন্ উবাচ ।
ভবানেব মহর্ষীণাং রদ্ধানাং পর্যুপাদিতা ।
অজ্ঞাতং মানুষে লোকে ভবতো নান্তি কিঞ্চন ॥৫॥

### ভাবতকৌমুদী

তত ইতি। সত্যসঙ্গর: সত্যপ্রতিজ্ঞ:, কথমন্তথা বনবাসাদিক্রেশং সেহে ইতি ভাব: ॥১॥
দ্বাদশেতি। সমা বৎসবান্। বিসর্গলোপেহপি সন্ধিবার্য:। বহবো মুগা হরিণা: দ্বিজা:
পক্ষিণশ্চ যত্ত তম্। শিবং নিরুপত্রবম্, পুণ্যজনৈর্ধান্মিকৈবাবৃত্য্। শবদো বৎসরান্ ॥২—৩॥
এবমিতি। মানবেষ্ শুরুং শ্রেষ্ঠম্, মানষিত্বা বিনমপ্রদর্শনাদিত্যাশয: ॥৪॥

নিকট বিদায় লইয়া, যুধিষ্ঠিবেব অনুমতি পাইয়া, বিষণ্ণচিত্তে আপন আপন দেশে প্রস্থান কবিলেন ॥১৬॥

#### \_\_\_<u>°</u>#°\_\_\_

বৈশস্পায়ন বলিলেন—সেই সকল লোক চলিয়া গেলে পৰ, সত্যপ্ৰতিজ্ঞ ও ধাৰ্ম্মিক কুন্তীনন্দন যুধিষ্ঠিৰ সমস্ত ভ্ৰাতাৰ নিকট কহিলেন—॥১॥

"এই বাব বংসব আমাদেব নির্জ্জন বনে বাস কবিতে হইবে, স্থতরাং তোমবা মহাবনেব মধ্যে এমন একটা স্থান দেখ, যেখানে বহুতব হবিণ, পদ্দী, পুষ্প ও ফল আছে এবং যে স্থানটা মনোহব, নিৰুপদ্ৰব এবং ধার্দ্মিকলোকে পূর্ণ, যেখানে আমবা এই বংসবগুলি স্থথে বাস কবিতে পাবি" ॥২—৩॥

যুধিষ্ঠিব এইবাপ বলিলে, অর্জুন, মনুষ্যশ্রেষ্ঠ ও মনস্বী যুধিষ্ঠিবকে সম্মানিত কবিযা গুরুব নিকট যেমন বলিতে হয়, তেমনই বলিলেন ॥৪॥ ত্বয়া হ্যুপাসিতা নিত্যং ব্রাহ্মণা ভরতর্ষভ!।

দৈপায়নপ্রভূতয়ো নারদশ্চ মহাতপাঃ ॥৬॥

যঃ সর্ববলাকদারাণি নিত্যং সঞ্চরতে বশী।

দেবলোকাদ্ব্রহ্মলোকং গন্ধর্বগঙ্গরসামপি ॥৭॥

অনুভাবাংশ্চ জানাসি ব্রাহ্মণানাং ন সংশয়ঃ।

প্রভাবাংশ্চিব বেখ ত্বং সর্বেষামেব পার্থিব! ॥৮॥

ত্বমেব রাজন্! জানাসি শ্রেয়ঃকারণমেব চ।

যথেচ্ছসি মহারাজ! নিবাসং তত্র কুর্মাহে ॥৯॥

ইদং দ্বৈতবনং নাম সরঃ পুণ্যজনোচিতম্।

বহুপুষ্পফলং বম্যং নানাদ্বিজনিষেবিতম্ ॥১০॥

## ভাবতকোমুদী

ভবানিতি। অজ্ঞাতং নান্তি, তেষাং মুখে সর্ব্ববিষয়প্রবণাদিত্যভিপ্রায়: ॥৫॥

ষ্যেতি। উপাদিতা উপদেশগ্রহণায় শুশ্রুষিতাঃ ॥৬॥

য ইতি। যো নারদ:। গন্ধর্কাঞ্সবসামপি লোকমিতি সম্বন্ধ: ॥१॥

অন্বিতি। অন্নভাবান্ অভিপ্রাযান্, "অন্নভাবঃ প্রভাবে চ সভাঞ্চ মতিনিশ্চযে' ইত্যমবঃ ॥৮॥

স্বমিতি। শ্রেষসো মঙ্গলক্ত কবিণং সাধনম্। যথা যত্ত ॥১॥
ভাবতভাবদীপঃ

তত ইতি। স্তাসঙ্গর: সত্যপ্রতিজ্ঞ: ॥১॥ সমা বর্ষাণি, সন্ধিবার্য: ॥২॥ শরদো বৎসবান্
॥৩— १॥ অমুভাবান্ কর্ত্তব্যাকর্ত্তব্যবিষধান্ নিশ্চধান্, প্রভাবো নিগ্রহান্তগ্রহশক্তিঃ। "অনুভাবো
নিশ্চয়ে স্থাৎ প্রভাবঃ শক্তিতেজসোঃ" ইতি বিশ্বঃ ॥৮॥ শ্রেম্মো মৌক্ষঃ, কাবণং তৎসাধনম্ ॥॥

অর্জুন বলিলেন—"আপনিই মহযিগণ ও বৃদ্ধগণেব সেবক , স্থৃতরাং মনুয়ুলোকে আপনার অজ্ঞাত কিছুই নাই ॥৫॥

ভবতশ্রেষ্ঠ ৷ আপনিই বেদব্যাসপ্রভৃতি ব্রাহ্মণগণের এবং মহাতপা নারদেব সর্ববদা সেবা কবিয়াছেন ॥৬॥

যে জিতেন্দ্রিয় নারদ, দেবলোক হইতে ব্রহ্মলোক পর্যান্তের এবং গন্ধর্বলোক ও অপ্সরোলোকের সমস্ত ব্যক্তির দাবেই সর্ব্বদা বিচরণ করিয়া থাকেন ॥৭॥

মহাবাজ! আপনি সকল ব্রাহ্মণেব মত জানেন এবং ক্ষমতাও জানেন; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৮॥

অতএব আপনি মঙ্গলেব কাবণও জানেন; স্থতরাং আপনি যেখানে ইচ্ছা কবিবেন, আমবা সেইখানেই বাস করিব ॥১॥

<sup>(</sup>৯) নাসং তত্ত্র চ কুর্দ্মহে কেপি। (১০) করঃ পুণান্ধলোচিতম্ কেপি বা।

অত্রেমা দ্বাদশ সমা বিহুবেমেতি রোচয়ে। যদি তেহনুমতং রাজন্! কিমন্তুন্মন্ততে ভবান্॥১১॥ যুধিষ্ঠির উবাচ।

মমাপ্যেতন্মতং পার্থ ! ত্বয়া যৎ সমুদাহৃতম্ । গচ্ছামঃ পুণ্যবিখ্যাতং মহদ্বৈতবনং সরঃ ॥১২॥ বৈশম্পায়ন উবাচ ।

ততন্তে প্রযয়ঃ সর্বে পাণ্ডবা ধর্মচাবিণঃ। ব্যক্ষবৈর্জভিঃ সার্জ্জং পণ্ডং দ্বিত্রকঃ সবং ॥১১

ব্রাহ্মণৈর্বহুভিঃ সার্দ্ধং পুণ্যং দ্বৈতবনং সরঃ ॥>৩॥ ব্রাহ্মণাঃ সাগ্নিহোত্রাশ্চ তথৈব চ নিবগ্নয়ঃ। স্বাধ্যাযিনো ভিক্ষবশ্চ তথৈব বনবাসিনঃ॥>৪॥ (যুগ্মকম্)

## ভাবতকোমূদী

ইদমিতি। বহুনি পূপাণি ফলানি চ যত্ত তৎ, অতএব বম্যম্, নানা দ্বিজৈব্ৰণিদ্ধণৈঃ পক্ষিভিৰ্বা নিষেবিতম্, ইদং সম্মুখবৰ্ত্তি, পূণ্যজনানাং ধাৰ্ম্মিকলোকানামূচিতং যোগ্যং দৈতবনং নাম বনম্, সবশ্চ দৃশ্যত ইতি শেষঃ। অক্সত্ৰাপ্যেবং ব্যাখ্যানম্, দৈতবনশ্য কাননত্বেনৈব প্ৰাসিদ্ধেঃ। দ্বযোৰ্ভোগি-মুম্কোৰ্ভাব ইতি দ্বিতা তন্ত্ৰা ইদং দৈতং ভোগমোক্ষোপ্যোগীত্যৰ্থঃ বনং কাননং দৈতবনম্, তদস্তৰ্গতঞ্চ সবঃ। অত্ৰ কাম্যকবনদৈতবন্যাঃ সান্নিধ্যং স্পষ্টম্ ॥১০॥

আত্রেতি। ইমা দ্যুতপণনির্দিষ্টা:। সমা বৎসবান্ ॥১১॥
মমেতি। পুণ্যেন পুণ্যস্থানত্বেন বিখ্যাতম্। দ্বৈতবনং তদন্তর্গতং সবশ্চ ॥১২॥
তত ইতি। পুণ্যং পুণ্যজনকম্। স্বাধ্যাযিনো বেদপাঠিন: ॥১৩—১৪॥
ভাবতভাবদীপঃ

বৈতং দ্বো শোকমোহো ইতো গতো যশ্মাৎ তদ্বীতং দ্বীতমেব বৈতং দ্বার্থে তদ্ধিতঃ, বনং জলং যশ্মিন্ তৎ দ্বৈতবনং পুণ্যেন পাবনেন জলেন উচিতং সমবেতম্, এতেন দ্বৈতবনশবার্থঃ

এই মনোহৰ দ্বৈত্তবন ও তদন্তৰ্গত সবোবৰ দেখা যাইতেছে, ইহাতে বহুতব পুষ্পা ও ফল আছে এবং অনেক ব্ৰাহ্মণ আছেন; অতএব ইহাই ধাৰ্দ্মিক লোকের বাসের যোগ্য ॥১০॥

অতএব মহাবাজ। যদি'আপনার অভিপ্রেত হয়, তবে আমরা এই বাব বংসব এইখানেই বাস কবি, এই আমাব ইচ্ছা , এখন আপনি কি মনে কবেন" ॥১১॥

যুধিষ্ঠিব বলিলেন—"গ্রৰ্জ্ন। তুমি যাহা বলিলে, সামাবও তাহাই মত , অতএব চল, আমবা পুণ্যস্থান বলিয়া বিখ্যাত বিশাল দ্বৈতবনে এবং তদন্তর্গত সবোববেই যাই" ॥১২॥

<sup>(</sup>১১) যত্ত্রেমা ছাদশ সমাঃ---বা ব কা নি। বন-২৮ (৬)

বহবো ব্রাহ্মণাস্তত্র পবিবক্রযু (ধিষ্ঠিবম্।
ততঃ সিদ্ধা মহাত্মানঃ শতশঃ সংশিতব্রতাঃ ॥১৫॥
তে যাত্মা পাণ্ডবাস্তত্র বহুভিব্রাহ্মণাঃ সহ।
পুণ্যং দৈতবনং বম্যং বিবিশুর্ভবতর্বভাঃ ॥১৬॥
তৎসালতালা অমধ্কনীপ-কদম্বসর্জ্জার্জ্জুনকর্ণিকাবৈঃ।
তপাত্যযে পুষ্পধ্যবক্রপেতং মহাবনং বাষ্ট্রপতিদ দর্শ ॥১৭॥
মহাক্রমাণাং শিখবেরু তমুর্মনোরমাং বাচমুদীরয়ন্তঃ।
মযুবদাত্যহচকোবসংঘান্তশ্মিন্ বনে বহিণকোকিলাশ্চ ॥১৮॥

#### ভাবতকোমুদী

বহব ইতি। পরিবক্র: পরিবেটিতবন্ত:। সংশিতব্রতা দৃঢ়নিয্মা: ॥১৫॥
ত ইতি। যাত্ম গত্ম। তত্র তদানীং বৈতবনোপকণ্ঠে বা ॥১৬॥
তদিতি। মধুকো মধুব্রত:। নীপকদম্যোদ্ধৈ বিধ্যান্তেদ:। তপাত্যয়ে গ্রীত্মাপগ্যে॥১৭॥
মহেতি। বাচং ববম্। মধ্বা: সংঘান্তর্গতা:, বর্হিণাশ্চ ত এব পৃথগিতি ভেদ: ॥১৮॥
ভাবতভাবদীপঃ

স্টিত:, উচ সমবাযে দিবাদি: ॥>৽॥ বিহবেম প্রীত্যা নয়েম ॥>১ – ১৫॥ যাত্মা গত্মা ॥১৬॥ তপাত্যযে বর্ষাস্থ, মহাবলং মহাবনং দস্ত্যাদিবযং শব্দঃ, "দেবা বৈ বলে গাঃ পর্য্যপশ্মন্" ইতি

বৈশম্পায়ন বলিলেন—তাহাব পব, ধর্মচাবী সেই পাগুবেরা সকলে বহুতব ব্রাহ্মণেব সহিত সেই পবিত্র দ্বৈতবনে ও তদন্তর্গত সবোববে গমন কবিলেন। তখন সাগ্নি, নিবগ্নি, বেদাধ্যায়ী, ভিক্ষু ও বনবাসী ব্রাহ্মণেবাও তাঁহাদেব সঙ্গে গেলেন॥১৬—১৪॥

তাহাব পব তখন সিদ্ধ, উদাবচেতা ও দৃঢ়।নিযমশালী আবও বহুশত ব্রাহ্মণ আসিয়া যুধিষ্ঠিবকে পবিবেষ্টন কবিলেন ॥১৫॥

তথন সেই ভবতশ্রেষ্ঠ পাণ্ডবেরা বহুতব ব্রাহ্মণেব সহিত মিলিত হইয়া যাইয়া পরিত্র ও মনোহর দ্বৈতবনে প্রবেশ কবিলেন ॥১৬॥

তদনন্তব বাজা সেই মহাবনটা দেখিতে লাগিলেন , তাহাতে বর্ষাকালে যথাসম্ভব পুষ্পাসমন্বিত সাল, তাল, আত্র, মহুয়া, নানাবিধ কদম্ব, সর্জ্জ্, অর্জ্জ্ন ও কর্ণিকাববৃক্ষ ছিল ॥১২॥

সেই বনে বিশাল বৃক্ষসমূহেব উপরে সংঘবদ্ধভাবে মযূর, ডাক্তক ও চকোবপক্ষী এবং বিশ্লিষ্টভাবে মযূব ও কোকিলপক্ষী সকল মনোহর বব করিতে থাকিয়া অবস্থান কবিতেছিল ॥১৮॥

<sup>(</sup>১৪,...তপঃসিদ্ধা মহাত্মানঃ...বা ব। (১৭) তমাল্জা চিন্ত্র---মহাবলং রাষ্ট্রপতির্দদর্শ—বা।

কবেণুযুথিঃ সহ যুথপানাং মদোৎকটানামচলপ্রভাণাম্।
মহান্তি যুথানি মহাদ্বিপানাং তিম্মন্ বনে বাষ্ট্রপতির্দদর্শ ॥>৯॥
মনোবমাং ভোগবতীমুপেত্য পূতাত্মনাং চীবজ্বটাধবাণাম্।
তিম্মন্ বনে ধর্মাভূতাং নিবাদে দদর্শ সিদ্ধর্মিগণাননেকান্॥২০॥
ততঃ স যানাদবক্তয় বাজা সত্রাতৃকঃ সজনঃ কাননং তৎ।
বিবেশ ধর্মাত্মবতাং ববিষ্ঠিস্ত্রিপিষ্টপং শক্র ইবামিতৌজাঃ॥২>॥
তং সত্যসন্ধং সহিতাভিপেতুর্দিদৃক্ষবশ্চাবণিদিদ্ধসংঘাঃ।
বনৌকসশ্চাপি নবেন্দ্রসিংহং মনস্বিনং তং পরিবার্য্য তস্থুঃ॥২২॥
স তত্র সিদ্ধানভিবাত্য সর্ববান্ প্রত্যর্জিতো বাজবদ্দেববক্ত।
বিবেশ সবৈর্ধঃ সহিতো দ্বিজাত্যৈঃ কৃতাঞ্জলির্ধর্মাভূতাং ববিষ্ঠঃ॥২০॥

### ভাবতকোমুদী

কবেখিতি । কবেণবো হস্তিন্য: । অচলপ্রভাণাং পর্বতরূপাণাম্ । যুখানি গণান্ ॥১৯॥
মনোবমামিতি । ভোগবতীং জলকেল্যাদিভোগসম্পাদ্যিত্রীং সরস্বতীং নদীম্ ॥২০॥
তত ইতি । যানাৎ বথাৎ । সজনঃ সভ্ত্যঃ । ত্রিপিষ্টপং স্বর্গম্, শক্র ইন্দ্রঃ ॥২১॥
তমিতি । সহিতাঃ সম্মিলিতাঃ, বিদর্গলোপেহপি সন্ধিবার্যঃ । চাবণা নটাঃ, "ভবতা ইত্যপি
নটান্চারণান্চ কুশীলবাঃ" ইত্যমরঃ, সিদ্ধান্তপঃসিদ্ধান্চ তেষাং সংঘাঃ ॥২২॥
স ইতি । স যুধিষ্টিরঃ । প্রত্যক্ষিতঃ অভিনক্ষনেন সম্মানিতঃ ॥২৩॥

আর, সেই বনে হস্তিনীসমূহেব সহিত মদমত্ত ও পর্বতপ্রমাণ যুথপতি মহাহন্তী-দিগকেও যুধিষ্ঠিব দর্শন করিলেন ॥১৯॥

এবং যুর্ধিষ্ঠিব স্থন্দর একটা নদীর নিকটে যাইয়া, পবিত্রহাদয় এবং জটা কৌপীন-ধারী ধার্ম্মিকদিগেব বাসভবনে অনেক সিদ্ধ ঋষিগণকে দেখিলেন ॥২০॥

তাহাব পব, ধার্ম্মিকশ্রেষ্ঠ যুধিষ্ঠিব ভ্রাতৃগণ ও পরিজনগণেব সহিত বথ হইতে অবতবণ কবিয়া—অমিততেজা ইন্দ্র যেমন স্বর্গে প্রবেশ করেন, সেইরূপ হৈতবনে প্রবেশ কবিলেন ॥২১॥

তখন স্বতিপাঠকগণ ও মহর্ষিগণ সম্মিলিত হইয়া সত্যপ্রতিজ্ঞ যুখিন্টিরেব সহিত সাক্ষাৎ করিবাব জন্ম উপস্থিত হইলেন এবং বনবাসীবাও আসিয়া বাজশ্রেষ্ঠ ও মনস্বী যুধিষ্ঠিবকে পবিবেষ্টন কবিয়া দাঁড়াইলেন ॥২২॥

সেই সময়ে যুথিষ্ঠিব সকল মহর্ষিকে অভিবাদন কবিলে, তাঁহাবাও যুথিষ্টিরকে রাজাব স্থায় এক দেবভাব স্থায় সম্মানিত কবিলেন , তখন ধার্ম্মিকশ্রেষ্ঠ যুথিষ্টিব কৃতাঞ্জলি হইয়া ব্রাহ্মণগণেব সহিত দৈতবনেব ভিতবে প্রবেশ করিলেন ॥২৩॥ স পূণ্যশীলঃ পিতৃবন্মহাত্মা তপস্থিভির্ধর্মপরৈকপেত্য।
প্রত্যক্ষিতঃ পূজ্পধরস্থ মূলে মহাক্রমস্থোপবিবেশ রাজা ॥২৪॥
ভীমশ্চ কৃষণ চ ধনঞ্জযশ্চ যমৌ চ তে চাকুচরা নরেন্দ্রম্।
বিমূচ্য বাহানবশাশ্চ সর্বের তত্ত্রোপতস্কুর্ভরতপ্রবর্হাঃ ॥২৫॥
লতাবতানাবনতঃ স পাগুবৈর্মহাক্রমঃ পঞ্চভিরেব ধন্নিভিঃ।
বভৌ নিবাসোপগতৈর্মহাত্মহাগিরিবারণযুথপৈরিব ॥২৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতারাং বৈয়াসিক্যাং বনপর্ববি
অজ্বুনাভিগমনে দ্বৈত্বন প্রবেশে একবিংশোহধ্যায়ঃ ॥০॥ \*\*

--:\*:--

# ভারতকৌমুদী

স ইতি । প্রত্যান্তিতঃ অভিনন্দনেনৈর সম্মানিতঃ । মহাক্রমশু বিশালরক্ষশু ॥২৪॥
ভীম ইতি । বিমৃচ্য বিহাম, বাহান্ বথান্, অবশা অম্বতন্ত্রাঃ ॥২৫॥
লতেতি । লতানামবতানৈবিস্তাবৈববনতঃ । বাবণ্যুথপৈইস্তিশ্রেষ্ঠিঃ ॥২৬॥
ইতি মহামহোপাধ্যাম-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূমণ-শ্রীহবিদাসিদিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভাবতটীকাষাং ভাবতকোমুদীসমাখ্যাযাং বনপর্বাণি অর্জুনাভিগমনে একবিংশোহধ্যামঃ ॥৽॥

\_\_\_\_\_0340 \_\_\_

#### ভাবতভাবদীপঃ

বনে বলশব্দপ্রযোগদর্শনাৎ ॥১৭ – ১৮॥ করেণুইস্তিনী ॥১৯॥ ভোগবতীং সবস্বতীং নদীম্ ॥২০—২১॥ চাবণা দেবগায়নাঃ, সিদ্ধা মহর্ষয়ঃ ॥২২—২৩॥ মহাক্রমঃ কদম্বঃ ॥২৪—২৫॥ লতাবতানাবনতঃ বল্লীতম্ভভিবাবৃত্তহা নম্রঃ ॥২৬॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে একবিংশোহধ্যায়: ॥২১॥

--- °\*°---

তখন ধর্ম্মপবায়ণ তপস্বীবা আসিয়া পিতার ক্যায় সম্মানিত কবিলে, পুণ্যশীল ও উদাবচেতা যুধিষ্ঠিব পুষ্পশোভিত কোন মহাবৃক্ষের মূলে উপবেশন কবিলেন ॥২৪॥

এই সময়ে ভবতবংশশ্রেষ্ঠ ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব এবং জৌপদী ও অনুচরগণ সকলেই বথ পবিত্যাগ কবিয়া অস্বতন্ত্রভাবে সেই স্থানে অবস্থান কবিলেন ॥২৫॥

তথন হস্তিশ্রেষ্ঠগণ ঘাঁবা মহাপর্বতের স্থায়, আশ্রয়ে উপস্থিত ধনুর্দ্ধারী মহাত্মা পঞ্চ পাণ্ডবদ্বাবা সেই লতাভাবাবনত মহাবৃক্ষও শোভা পাইতে লাগিল ॥২৬॥

# দ্বাবিংশোহধ্যায়ঃ।

- \*:-

#### বৈশস্পায়ন উবাচ।

তৎ কাননং প্রাপ্য নবেন্দ্রপুত্রাঃ স্থথোচিতাবাসমুপেত্য কৃচ্ছুম্। বিজহু বিক্রপ্রতিমাঃ শিবের্ সবস্বতীশালবনের্ তেরু ॥>॥ বতীং\*চ বাজা স মুনীং\*চ সর্ব্বান্ তিম্মন্ বনে মূলকলৈকদগ্রিঃ। বিজ্ঞাতিমুখ্যান্যভঃ কুরূণাং সন্তর্পবামাস মহামুভাবঃ ॥২॥ ইষ্টী\*চ পিত্র্যাণি তথা ক্রিযাশ্চ মহাবনে বসতাং পাগুবানাম্। পুবোহিতন্ত্র সমূদ্ধতেজা\*চকাব ধোম্যঃ পিতৃবন্ধ্যাণাম্॥।। অপেত্য বাষ্ট্রাদ্বসতান্ত তেবাম্বিঃ পুবাণোহতিথিবাজগাম। তমাশ্রমং তীব্রসমূদ্ধতেজা মার্বত্বেয় প্রীমতাং পাগুবানাম্॥৪॥

## ভাবতকৌমুদী

তদিতি। কুক্তুং নির্মাণকট্টং যথা স্থান্তথা, উপেত্য প্রাপা। শিবেষ্ নিরুপস্তবেষ্ ॥১॥
যতীনিতি। যতীন্ জিতেন্দ্রিযান্। উদত্রৈক্তব্যাং। শ্বষভং শ্রেষ্ঠং ॥২॥
ইষ্টানিতি। ইষ্টার্দর্শাদিযাগান্, পিত্রাণি দর্শশ্রাদ্বাদীনি, জিযা দানাদীং ॥৩॥
অপেত্যেতি। রাষ্ট্রাৎ রাজ্যাৎ, অপেত্য অপক্রমা। পুবাণোহতীবপ্রাচীনঃ॥।॥
ভাবতভাবদীপঃ

তদিতি। তৎকাননমিত্যাভধ্যাবছযেন বৃদ্ধতমাভ্যাং মার্কণ্ডেষদাল্ভাভ্যাং ধর্মস্রাত্যাগো ব্রাহ্মণভক্তিন্ট বর্ত্তব্যেত্যুচাতে। তৎকারণমিতি পাঠে তদ্বনং কারণং চিক্রীডিগাহেতু:। কুচ্ছুং বনবাসসম্ভান্ ॥১—২॥ ইষ্টার্দশপৌর্ণমাসাল্তাঃ, পিত্রাণি পিগুপিতৃযজ্জদর্শশ্রাদ্বীনি॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—ইন্দ্রভুল্য বাজপুত্র পাণ্ডবগণ সেই দ্বৈতবনে উপস্থিত হইয়া, বিশেষ কষ্ট সহকাবে স্থুখবাসেব যোগ্য বসতি নির্দ্যাণ কবিয়া, সবস্বতীনদীব তীববর্ত্তী সেই সকল শালবনে বিহার কবিতে লাগিলেন ॥১॥

মহাপ্রভাবশালী কুকশ্রেষ্ঠ বাজা যু্ধিষ্টিব উত্তম উত্তম কল ও মূল দ্বাবা সেই বনে যতি, মুনি ও ব্রাহ্মণদিগকে সহুষ্ট কবিতে থাকিলেন ॥২॥

অত্যন্ত তেজস্বী ধৌম্যপুৰোহিত, মহাবনবাসী রাজপুত্র পাণ্ডবগণেব যাগ, গ্রাদ্ধ ও দানপ্রভৃতি কার্য্য পিতাবই তুল্য সম্পাদন কবিতে লাগিলেন ॥৩॥

মনোহব্যূৰ্ত্তি পাণ্ডবেবা বাজ্য হইতে আসিয়া যখন বনবাস কবিতেছিলেন, তখন একদা অসাধাৰণ তেজম্বী ও অতিপ্ৰাচীন মাৰ্কণ্ডেযমূনি তাঁহাদেব আশ্ৰমে অতিথি হইয়া আগমন কবিলেন ॥৪॥ তমাগতং জ্বলিতত্তাশনপ্রভং মহামনাঃ কুরুর্মভো যুধিষ্ঠিরঃ।
অপূজয়ৎ স্থবঋষিমানবার্চিতং মহামুনিং হৃত্বপমসন্ত্বীর্য্যবান্ ॥ ৫॥
স সর্ববিদ্দ্রোপদীং বীক্ষ্য ক্বফাং যুধিষ্ঠিবং ভীমসেনার্জ্বনো চ।
সংস্মৃত্য বামং মনসা মহাত্মা তপস্বিমধ্যেহস্ময়তামিতোজাঃ॥৬॥
তং ধর্মবাজো বিমনা ইবাব্রবাৎ সর্বে ব্রিয়া সন্তি তপস্বিনোহমী।
ভবানিদং কিং স্ময়তীব হৃষ্টস্তপস্বিনাং পশ্যতাং মামুদীক্ষ্য॥৭॥

### মার্কণ্ডেয় উবাচ।

ন তাত। হায়ামি ন চ স্মামি প্রহর্ষজো মাং ভজতে ন দর্পঃ।
তবাপদং স্বত্য সমীক্ষ্য বামং সত্যব্রতং দাশরথিং স্মরামি ॥৮॥
স চাপি রামঃ সহ লক্ষ্মণেন বনে নিবাসং পিতুবেব শাসনাৎ।
ধন্মী চবন্ পার্থ। মথৈব দৃষ্টো গিরেঃ পুরা ঋষ্যমূকস্থ সানো ॥৯॥

## ভারতকোমুদী

তমিতি। অরপনে সন্থবীর্য্যে অধ্যবসাধবলে অস্ত স্ত ইতি অরপনসন্থবীর্য্যবান্ ॥ ৫॥ দ ইতি। বানং দাশবথিন্। অশ্বয়ত কোতুকানন্দহাস্তং কৃতবান্ ॥ ৬॥

তমিতি। ধর্মরাজো বিমনা বিষণ্ণচিত্তইব তমত্রবীৎ। অমী সর্ব্ব এব তপস্থিন:, ব্রিষা অস্মদ্ত্রবস্থাদর্শননিবন্ধনলজ্জ্বা, সস্তি বিষণ্ণা ইতি শেষ:। কিন্তু তেষামের পশ্যতাং তপস্থিনাং মধ্যে ভবান্, মাম্ উদীক্ষ্য দৃষ্টা, স্কুট ইব সন্, কিমিদং স্বয়তি মন্দং হসতি ॥৭॥

নেতি। স্ম্যামি হর্ষাদেব মন্দ্র হসামি। বামস্মরণজাৎ কোতুকাদেব হসামীতি ভাব: ॥৮॥

তখন উদারচেতা, কৌববশ্রেষ্ঠ এবং অতুলনীয় অধ্যবসায় ও বীর্য্যশালী যুথিষ্ঠিব, প্রজ্ঞলিত অগ্নিব স্থায় দীপ্তিসম্পন্ন এবং দেবতা, ঋষি ও মানবগণেব পূজিত আশ্রমাগত সেই মহামুনি মার্কণ্ডেয়ের পূজা কবিলেন ॥৫॥

তাহার পব সর্বজ্ঞ, মহাত্মা ও অসাধাবণ তেজস্বী মার্কণ্ডেয়মূনি জৌপদী, যুধিষ্ঠিব, ভীম ও অর্জুনকে দেখিয়া, মনে মনে রামচক্রকে স্মরণ কবিয়া, তপস্বিগণেব মধ্যেই ঈষং হাস্য কবিলেন ॥৬॥

তখন যুধিষ্ঠির বিষণ্ণচিত্ত হইয়া যেন মার্কণ্ডেয়মুনিকে বলিলেন—"মহর্ষি ! এই তপস্বীরা সকলেই (আমার ত্ববস্থা দেখিয়া) লজ্জাবশতঃ বিষণ্ণ হইয়া বহিষাছেন ; ইহাদের সাক্ষাতে আপনি আমাকে দেখিয়া আনন্দিত হইয়াই যেন হাস্ত কবিলেন কেন ?" ॥৭॥

মার্কণ্ডেয় বলিলেন—"বংস! আমি আনন্দিত হই নাই, বা আনন্দবশতও হাস্ত কবি নাই, কিংবা আনন্দনিবন্ধন আমার গর্ববিও হয় নাই; কিন্তু তোমাব বিপদ দেখিয়া সত্যপরায়ণ দশর্থনন্দন বামকে স্মরণ করিতেছি ॥৮॥ সহস্রনেত্রপ্রতিযো মহাত্মা যমস্ত নেতা নমুচেশ্চ হন্তা।
পিতুর্নিয়োগাদনঘঃ স্বধর্মং বাসং বনে দাশরথিশ্চকাব ॥>০॥
স চাপি শক্রস্ত সমপ্রভাবো মহানুভাবঃ সমবেম্বজেয়ঃ।
বিহায ভোগানচবদ্ধনেযু নেশে বলস্তেতি চরেদ্ধর্ম্ময়্॥>>॥
নৃপাশ্চ নাভাগভগীবথাদযো মহীমিমাং সাগবান্তাং বিজিত্য।
সত্যেন তেহপ্যজয়ংস্তাত। লোকান্ নেশে বলস্তেতি চবেদধর্ময়্॥>২॥

## ভারতকৌমুদী

দ ইতি। বনে নিবাসং চবন্ধিতি সম্বন্ধঃ। সানো সমতলভূমো ॥।

সহম্রেতি। সহস্রনেত্রপ্রতিমঃ প্রভাবে ইন্দ্রতুল্যঃ। যমস্ত নেতা পবিচালকঃ, সর্বেশ্ববত্বাৎ
নমুচের্দানবস্ত চ নিহস্তা, সর্বাকপিনাবাযণকপত্বেন ইন্দ্রন্ধপত্বাদিত্যাশয়ঃ॥১০॥

স ইতি। অতএব বলশু শক্তে, ঈশে প্রভবামি অহং বলপ্রয়োগেণ সর্বমেব কর্ত্তুং শক্রোমীতার্থ:, ইতি বিভাব্য, অধর্মাং সত্যপবিত্যাগাদিকম্, ন চবেৎ লোকো ন কুর্যাদিতি সামাঞোপদেশ:। অতো বামবত্ত্বাপি সত্যপালনায বনমাগচ্ছতা সাধ্বেব কৃত্মিতি ভাবঃ। বলশ্রেতি
"কর্মানি দ্যেশোঃ" ইতি কর্মানি ষষ্ঠী। এবং সর্ববিত্ত ॥১১॥

সত্যপান্নস্থ দৃষ্টাস্তান্তবমাহ—নূপা ইতি। লোকান্ স্বর্গান্, অজ্বন্ অলভন্ত ॥১২॥ ভাবতভাবদীপঃ

বাষ্ট্রাদপেত্য নির্মাত্য, বনে বসতাং তীব্রং হু:সহং সমৃদ্ধং পূদ্ধগঞ্চ তেজো যশু॥৪—৫॥
অসমত বিস্মিতবান্॥৬॥ হ্রিয়া প্রাগল্ভ্যসকোচেন॥৭ – ३॥ সহস্রনেত্রঃ প্রতিমা বপাস্তরং
যশু—"দেবানামন্মি বাসবং" ইত্যুক্তবাৎ, অতএব যমশু নিযন্তবিপি নেতা নির্ববাহকঃ
নম্চেশ্চ হস্তা ইতি সর্বামিক্সকর্ম তশ্রৈব কর্মেত্যর্থঃ॥১০॥ তদেবাহ – স চেতি। শক্রশু
সমপ্রভাবঃ কুৎস্পপ্রভাবঃ। সমশবঃ সর্বপর্য্যায়ং, সর্বনামা প্রভাবঃ শক্তিঃ অনুভাবো

সে বামও পিতাবই আদেশে ধমু ধাবণপূর্বক লক্ষণেব সহিত বনে বাস করিয়াছিলেন; সেই অবস্থায় আমিও তাঁহাকে ঋষ্যমূকপর্বতে পূর্ব্বে দেখিয়া-ছিলাম ॥৯॥

নিষ্পাপ সেই বামচন্দ্র ইন্দ্রেব তুল্য প্রভাবশালী, উদাবচেতা, যমেবও চালয়িতা এবং নমুচিদানবহস্তা হইয়াও পিতাব আদেশে আপন ধর্ম হিসাবে বনে বাস কবিয়াছিলেন ॥১০॥

ইন্দ্রেব তুল্য প্রভাবশালী, মহানুভাব এবং যুদ্ধে অজেয় সেই রামচন্দ্রও ভোগ পবিত্যাগ কবিয়া বনে বিচৰণ করিয়াছিলেন, অভএব কেহই আপনাকে শক্তিশালী মনে কবিয়া অধর্ম্ম কবিবে না ॥১১॥

সেই নাভাগ ও ভগীরথপ্রভৃতি বাজাবাও সমুদ্রপর্য্যন্ত সমগ্র পৃথিবী জয

<sup>(</sup>२) স চাপি রাজা · · প। (>) · · · পিতুর্নিদেশাৎ · · বা ব কা নি, · · চচাব – পি।

অলর্কমান্থর্নরবর্য্য । সন্তং সত্যত্রতং কাশিকরম্বরাজম্ ।
বিহায় রাজ্যানি বসুনি চৈব নেশে বলস্থেতি চবেদধর্মম্ ॥>৩॥
ধাত্রা বিধির্যো বিহিতঃ পুরাণস্তং পূজ্মন্তো নরবর্ষ্য ! সন্তঃ ।
সপ্তর্ষয়ঃ পার্থ ! দিবি প্রভান্তি নেশে বলস্থেতি চরেদধর্মম্ ॥>৪॥
মহাবলান্ পর্বতক্টমাত্রান্ বিষাণিনঃ পশ্য গজান্ নবেদ্র ! ।
স্থিতান্ নিদেশে নববর্ষ্য ! ধাতুর্নেশে বলস্থেতি চরেদধর্মম্ ॥>৫॥
সর্ববাণি ভূতানি নবেন্দ্র । পশ্য তথা যথাবদ্বিহিতং বিধাত্রা ।
স্বযোনিতঃ কর্ম্ম সদা চবন্তি নেশে বলস্থেতি চরেদধর্মম্ ॥>৬॥

## ভারতকোমুদী

অলর্কমিতি। কাশিকরবযোর্দেশযো রাজা তম্। বস্থনি ধনানি চ বিহায় স্থিতম্ ॥১৩॥ ধাত্রেতি। পুবাণঃ "সোমেন যজেত" ইত্যাদিবেদরপঃ। পূজ্যস্তো গৌববেণাঙ্গীকুর্বস্তঃ ॥১৪॥

মহেতি। পর্বতক্টমাত্রান্ পর্বতশৃঙ্গপ্রমাণান্, বিষাণিনো দন্তিনঃ ॥১৫॥
ভারতভাবদীপঃ

ভাবস্থচনং বিহ্যাবলমিত্যর্থ:। শক্রম্থ প্রভাবাদিকময়মেবাতোহসোঁ সমরেষজেয়:। তন্মদিতি সর্ব্বব্রাধ্যাহার:। বলম্ম বহুদামর্থ্যম্ম ঈশে প্রভবামীতি হেতোরধর্মং নাচরেৎ,
শক্তো সত্যাং ধর্মমেবাচবের তু অধর্মমিতার্থ:॥১১—১৩॥ ধাত্রা ঈশেন, পুরাণৈর্বেদবাক্যৈবিহিতো বিধিরগ্নিহোত্রাদি:॥১৪॥ পশবোহণি বলবানস্মীতি দর্গেণাধর্মং ন চবস্তীত্যাহ—মহাবলানিতি। "বিধাণং দস্তশৃস্বয়োং" ইতি কোবং॥১৫॥ এবং সর্পাদিষপি

কবিয়া সত্য পালন দ্বাবাই স্বৰ্গলাভ করিয়াছেন; অতএব কেহই আপনাকে শক্তিশালী মনে কবিয়া অধর্ম কবিবে না ॥১২॥

নরশ্রেষ্ঠ ! কাশী ও কর্মদেশেব রাজা অলর্ক রাজ্য ও ধন পরিত্যাগ কবিয়া সত্যপ্রবায়ণ হইয়াছিলেন বলিয়াই তাঁহাকে সকলে 'সাধু' বলে; স্মৃতরাং কেহই নিজেকে শক্তিশালী মনে করিয়া অধর্ম করিবে না ॥১৩॥

নরশ্রেষ্ঠ পৃথানন্দন! বিধাতা প্রাচীন যে বেদরূপ বিধি প্রণয়ন কবিয়াছেন, সম্মানপূর্ব্বক সেই বিধি স্বীকার করিয়া জ্ঞানী সপ্তর্যিরা আকাশে প্রকাশ পাইতেছেন; অতএব কেহই আপনাকে শক্তিশালী মনে করিয়া অধর্ম করিবে না ॥১৪॥

নরশ্রেষ্ঠ রাজা। দেখ—মহাবল, পর্বতশৃঙ্গপ্রমাণ ও দন্তশালী হস্তিগণ বিধাতাব আদেশেব অধীন রহিয়াছে; অতএব কেহই আপনাকে শক্তিশালী মনে কবিযা অধর্ম করিবে না ॥১৫॥

<sup>(</sup>১৪) .. বিহিতঃ পুবাণৈ: --বা ব কা নি।

সত্যেন ধর্ম্মেণ যথার্হরন্ত্যা ব্রিয়া তথা সর্ববভূতান্যতীত্য ।

যশশ্চ তেজশ্চ তবাপি দীপ্তং বিভাবসোর্ভান্ধবস্থেব পার্থ ! ॥১৭॥

যথাপ্রতিজ্ঞঞ্চ মহান্মভাব । কুচ্ছুং বনে বাসমিমং নিরুষ্য ।

ততঃ জ্রিষং তেজসা তেন দীপ্তামাদাস্থতে পার্থিব । কৌববেভ্যঃ ॥১৮॥

বৈশম্পায়ন উবাচ ।

তমেবমুক্ত্বা বচনং মহর্ষিস্তপস্থিমধ্যে সহিতং স্থহন্তিঃ। আমন্ত্র্য ধৌম্যং সহিতাংশ্চ পার্থাংস্ততঃ প্রতস্থে দিশমুক্তরাং সঃ॥১৯॥ ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতাযাং বৈযাদিক্যাং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে দ্বৈতবনপ্রবেশে দ্বাবিংশোহধ্যায়ঃ॥•॥ \*

#### ভাবতকৌমুদী -

সর্বাণীতি। ভূতানি প্রাণিন:। স্বযোনিতো নিজনিজজাতারুসাবেণ ॥১৬॥
সত্যেনেতি। যথার্হবুলা যোগ্যব্যবহাবেণ, ব্রিয়া লজ্জ্বা। বিভাবসোবশ্নে:॥১৭॥
যথেতি। নিরুত্ম নিশ্চমেনোবিত্মা রুজ্বেতার্থ:। আদাস্ততে ভবান্ বলাদ্গ্রহীত্মতি ॥১৮॥
তমিতি। তং যুধিষ্ঠিবম্। স্থ্যন্তিভীমাদিভি: সহিতং মিলিতম্ ॥১৯॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচাধ্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীণভট্টাচার্য্যবিবচিতাযাং
মহাভাবতটীকাযাং ভাবতকোম্দীসমাখ্যাযাং বনপর্ববি অর্জুনাভিগমনে দ্বাবিংশোহধ্যায়:॥৽॥

#### ভাবতভাবদীপঃ

জ্ঞেযমিত্যাহ—সর্বাণীতি। স্বযোনিতো জন্মান্ত্রপম্ ॥১৬॥ বিভা প্রভা, দৈব বস্থ বিত্তং যশু ॥১৭॥ আদাশুনে গ্রহীয়দি ॥১৮—১৯॥

ইতি শীমহাভাবতে বনপর্ববি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে দ্বাবিংশোহধ্যায়ঃ ॥২২॥

রাজা! আবও দেখ—বিধাতা যেমন বিধান কবিয়াছেন, তেমন ভাবেই সমস্ত প্রাণী সর্বাদা আপন আপন জাতি অনুসাবে কার্য্য কবিয়া থাকে , স্থুতরাং কেহই আপনাকে শক্তিশালী মনে কবিয়া অংশ্য করিবে না ॥১৬॥

পৃথানন্দন! অগ্নি এবং সূর্য্যেব স্থায় তোমারও যশ এবং তেজ সত্য, ধর্ম, যোগ্য ব্যবহাব ও লজ্জা দ্বাবা সমস্ত প্রাণীকে অতিক্রম কবিয়া প্রকাশ পাইয়াছে ॥১৭॥

অতএব মহাপ্রভাবশালী বাজা। তুমি আপন প্রতিজ্ঞা অনুসাবে এই বনবাদেব কষ্ট অতিক্রম কবিয়া, সেই তেজ দারাই কৌববগণেব নিকট হইতে উজ্জ্বল বাজ-লক্ষ্মীকে গ্রহণ কবিতে পাবিবে" ॥১৮॥

বৈশম্পায়ন বলিলেন—মহর্ষি মার্কণ্ডেয় বন্ধুগণেব সহিত তপস্থিমধ্যে অবস্থিত যুধিষ্ঠিবকে এইকপ কথা বলিয়া এক ধৌম্য ও সন্মিলিত পাণ্ডবগণেব নিকট বিদায় লইযা উত্তরদিকে প্রস্থান করিলেন ॥১৯॥

<sup>\* &#</sup>x27;---পঞ্চবিংশোহধ্যায়ঃ'—বা ব কা নি l বন-২৯ (৬)

# ত্রয়োবিংশোহধ্যায়ঃ।

-:\*:--

বৈশন্পায়ন উবাচ।
বসৎস্বথ দৈতবনে পাণ্ডবেষু মহাত্মস্থ।
অনুকীর্ণং মহারণ্যং ব্রাহ্মণেঃ সমপত্তত ॥১॥
সর্য্যমাণেন সততং ব্রহ্মঘোষেণ সর্ববশঃ।
ব্রহ্মলোকসমং পুণ্যমাসীদ্দৈতবনং সরঃ॥২॥
যজুষামূচাং সাল্লাঞ্চ গতানাঞ্চৈব সর্ববশঃ।
আসীত্রচার্য্যমাণানাং নিস্বনো হৃদয়ঙ্গমঃ॥৩॥
জ্যাঘোষঃ পাণ্ডবানাঞ্চ ব্রহ্মঘোষশ্চ ধীমতাম্।
সংস্ফাং ব্রহ্মণা ক্ষব্রং ভূয় এব ব্যবোচত ॥৪॥
অথাব্রবীদ্বকো দাল্ভ্যো ধর্মরাজং যুধিষ্ঠিরম্।
সন্ধ্যাং কৌত্তেয়মাসীনমুষিভিঃ পরিবারিতম্॥৫॥

### ভারতকোমুদী

বসংখিতি। অথ মার্কণ্ডেযপ্রাহানানন্তবম্। অনুকীর্ণং ব্যাপ্তম্, সমপ্যত জাতম্ ॥১॥ দির্ঘাতি। দ্বর্ঘামাণেন রান্ধণৈকচার্য্যমাণেন, রন্ধঘাষেণ বেদ্ধ্বনিনা ॥২॥ যজুবামিতি। গভানাং "সোমেন যজেত" ইত্যাদিবিধিবাক্যানাম্ ॥৩॥ জ্যোতি। রন্ধঘাষো বেদ্ধ্বনিঃ, ধীমতাং বেদ্বিত্বাম্। রন্ধণা রান্ধণেন ॥৪॥ অথেতি। বকো নাম ম্নিঃ। সন্ধ্যাম্পাশ্রেতি শেষঃ। পবিবারিতং পবিবাহিতম্ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—মার্কণ্ডেয়মূনি চলিয়া গেলে পর, মহাত্মা পাগুবেবা বৈতবনে বাস করিতে থাকিলে, ক্রমে সে দ্বৈতবনটা ব্রাহ্মণে পরিপূর্ণ হইয়া উঠিল ॥১॥

সর্বেদা সকল দিকে বেদধ্বনি হইতে থাকায় সেই দ্বৈতবনটা এবং তদন্তর্গত সরোববটী ব্রহ্মলোকের তুল্য পুণ্যময় হইল ॥২॥

যজু, ঋক্ ও সামমন্ত্র এবং বিধিবাক্যসমূহ সকল দিকে উচ্চারিত হইতে থাকায মনোহর ধানি উঠিতে থাকিল ॥৩॥

পাণ্ডবগণের ধর্মষ্টক্ষার ও বেদজ্ঞ ব্রাহ্মণগণের বেদধ্বনি হইতে থাকায় ব্রাহ্মণেব সহিত মিলিত ক্ষত্রিয় বড়ই শোভা পাইতে লাগিল ॥৪॥

তাহার পর একদিন কুন্তীনন্দন ধর্মরাজ যুধিষ্ঠির সন্ধ্যাবন্দন সমাপ্ত কবিয়া

<sup>(</sup>১) वम९ः देव देवञ्चतन---वा व का नि । (८) क्यादाविस्तव भाषीनाम्---वा व का नि ।

পশ্য দৈতবনে পার্থ। ব্রাহ্মণানাং তপস্থিনাম্।
হোমবেলাং কুরুশ্রেষ্ঠ! স্থপ্রজ্বলিতপাবকাম্ ॥৬॥
চরন্তি ধর্মং পুণ্যেহস্মিংস্কুষা গুপ্তা প্রতব্রতাঃ।
ভূগবোহঙ্গিবসন্চৈব বাশিষ্ঠাঃ কাশ্যপৈঃ সহ॥৭॥
আগস্ত্যাশ্চ মহাভাগা আত্রেয়াশ্চোভমব্রতাঃ।
দর্বস্য জগতঃ শ্রেষ্ঠা ব্রাহ্মণাঃ সঙ্গতাস্ত্র্যা ॥৮॥ (যুগ্মকম্)
ইদন্ত বচনং পার্থ! শৃণুষ গদতো মম।
ভ্রাতৃভিঃ সহ কোন্তেয়! যব্বাং বক্যামি কোবব।॥৯॥
ব্রহ্ম ক্রেবেণ সংস্কৃত্যং ক্ষত্রঞ্চ ব্রহ্মণা সহ।
উদীর্ণে দহতঃ শত্রন্ বনানীবাগ্লিমারুতে ॥১০॥
নাব্রাহ্মণস্তাত! চিবং বুভূমেদিক্ছন্নিমং লোকমমুঞ্চ জেতুম্।
বিনীতধর্মার্থমপেতমোহং লক্ষ্বা দ্বিজং মুদ্তি নৃপঃ সপত্রান্॥১১॥

#### ভাবতকৌমুদী

পশ্চেতি। হোমবেলাং "দাষাং প্রাতর্জুহোতি" ইতি বিধিবিহিতং সন্ধ্যাকালম্ ॥৬॥ চরস্কীতি। শুপ্তা রক্ষিতাঃ। ভৃগুপ্রভৃত্যস্তত্তবংশীষাঃ। সঙ্গতাঃ সন্মিলিতাঃ॥৭—৮॥ ইদমিতি। লাতৃভির্ভামদেনাদিভিঃ সহ শৃণুবেতি সম্বন্ধঃ॥৯॥ বন্ধেতি। বন্ধ বান্ধাঃ। উদীর্ণে মেলনেনারতীভূতে বন্ধশতে॥১০॥

ঋষিগণে পবিবেষ্টিত হইযা বসিয়া আছেন, এমন সময়ে দাল্ভ্যগোত্রীয় বকমুনি তাঁহাকে বলিলেন—॥৫॥

"কুকভোষ্ঠ পৃথানন্দন! দর্শন ককন—তপন্থী ব্রাহ্মণগণেব হোমেব সময উপস্থিত হইয়াছে, তাহাতে দ্বৈতবনেব সকল দিকেই হোমাগ্নি সুন্দবভাবে প্রজ্ঞালিত হইয়াছে ॥৬॥

বাস্কা! ভৃগু, অঙ্গিবা, বশিষ্ঠ, কশ্মপ, অগস্তা এবং অত্রিব বংশসন্তূত মহাত্মা, তপোনিষ্ঠ, উৎকৃষ্ট ব্রতচাবী এবং সমস্ত জগতেব মধ্যে শ্রেষ্ঠ ব্রাহ্মণেবা আপনাব সহিত্ত মিলিত এবং আপনাদ্বাবা রক্ষিত হইয়া এই পবিত্র দ্বৈতবনে ধর্ম আচবণ করিতেছেন॥৭—৮॥

কুন্তীনন্দন! আমি আপনাকে যাহা বলিব, আপনি ভ্রাতাদের সহিত মিলিত হইয়া আমার সেই বাক্য শ্রবণ কব্দন ॥১॥

ক্ষত্রিয়েব সহিত মিলিত ব্রাক্ষণ এবং ব্রাক্ষণেব সহিত মিলিত ক্ষত্রিয়— এই উভয় উন্নত হইয়া সম্মিলিত অগ্নিও বাযু ষেমন বন দগ্ধ কবে, সেইবাপ শক্র দগ্ধ করিতে পাবেন ॥১০॥

চরক্লৈঃশ্রেয়সং ধর্মং প্রজাপালনকারিতম্। নাধ্যগচ্ছদ্বলিলে তিথ্মন্তত্ত্ৰ বৈ দিজাৎ ॥১২॥ जन्नमामीक्ष्यवच्य कार्रमर्दिद्वा**टतः** श्रीविश हाक्सामी । লৰু, মহীং ব্ৰাহ্মণসম্প্ৰয়োগাত্তেম্বাচরন্ ত্রুফমথো ব্যনশ্যৎ ॥১৩॥ নাব্রাহ্মণং ভূমিবিয়ং সভূতির্বর্ণং দ্বিতীয়ং ভজতে চিবায়। সমুদ্রনেমির্নমতে তু তব্মৈ যং ব্রাহ্মণঃ শাল্ডি নয়ৈর্বিনীতম্ ॥>৪॥

ভারতকৌমুদী

নেতি। হে তাত। বৎস! অব্রাহ্মণো ব্রাহ্মণরহিতো নূপঃ, শক্তিবলেন ইমং লোকম্, ধর্মবলেন চ অম্ং পবলোকম্, জেতুমিচ্ছন্নপি, চিবং ন বুভূষেৎ জযী ভবিতুং ন ইচ্ছেৎ, মন্ত্রণা-দাতুর্ধশোপদেষ্টুন্চ ব্রাহ্মণস্থাভাবেনৈবাসম্ভবাদিতি ভাবঃ। কিন্তু বিনীতো বিশেষেণাবগতো ধর্মাথে যেন তম, অপেতমোহং ভ্রমপ্রমাদাদিবহিতম্, দ্বিজং বান্ধণং লব্ধ্বা, সপত্নান্ শত্রন্ অধর্মাংশ্চ হুদতি দূবীকবোতি ॥১১॥

উক্তার্থে দৃষ্টান্তমাহ—চবন্নিতি। বলিং, প্রজাপালনকাবিতম্, নৈঃশ্রেষসং মঙ্গলকবং ধর্মং চবন্, লোকে, দিজাদ্বাহ্মণাৎ, অম্যতাম্যৎ, তীর্থমৃপাযম্, নাধ্যগচ্ছৎ ন প্রাপ্নোৎ ॥১২॥

অনুনমিতি। ব্রাহ্মণস্থ সম্প্রযোগাৎ সংসর্গাৎ, মহীং লব্ধ্বা স্থিতশু, অস্ক্রবন্থ বৈবোচনের্বিবোচন-পুত্রস্থ বলেঃ, কামৈঃ, অন্নম্ অহীনমাদীৎ, জীবনমিতি শেষঃ, শ্রীবপি চ অক্ষবৈবাদীৎ। কিন্ত অথো পৰম্, তেষু ৰাহ্মণেষু, তৃষ্ট দোষমাচবন্ ব্যনশ্ৰৎ ॥১৩॥

নেতি। সভূতি: সর্ব্বসম্পত্তিসম্পন্না, ইযং ভূমি:, অব্রাহ্মণং ব্রাহ্মণবহিতম্, দ্বিতীয়ং বর্ণং ক্ষত্রিযম্, চিযায ন ভজতে নাশ্রযতি। কিন্তু সমূত্রনেমিঃ সাগবপর্য্যন্তা সা ভূমিঃ, তল্মৈ ক্ষত্রি<sup>যায</sup> নমতে বশীভূতা ভবতীত্যর্থঃ, ষং বিনীতং শিক্ষিতং ক্ষত্রিযম্, ব্রাহ্মণঃ, নহৈ্যনীতিবিষ্ট্যঃ, শাস্তি উপদিশতি ॥১৪॥

#### ভাবতভাবদীপঃ

বসংস্থিতি। অনুকীর্ণং ব্যাপ্তম্ ॥১ — ২॥ গতানাং ব্রাহ্মণবাক্যানাং পাদাক্ষবাদিনিষ্ম-হীনানাম্ ॥৩—৪॥ সন্ধ্যামূপান্ডেতি শেষঃ॥৫—১০॥ ব্ৰাহ্মণহীনো অব্রাহ্মণো বুভূবেদৈখৰ্য্যমিচ্ছেৎ তস্তেচ্ছতোহপি জযে। তুৰ্নভ ইতাৰ্থ:। বিনীতো

বংস! ব্রাহ্মণশূন্ম রাজা ইহলোক ও পরলোক জয় করিতে ইচ্ছা কবিয়াও চিববিজয়ী হইতে ইচ্ছা কবেন না , কিন্তু ধর্ম্ম ও অর্থাভিজ্ঞ এবং মোহশূন্য ব্রাহ্মণ লাভ কবিয়া সমস্ত শত্ৰু দূব কবিতে পাবেন ॥১১॥

বলিরাজা প্রজাপালনজনিত মঙ্গলকর ধর্ম আচবণ কবিবার সময়ে ব্রাহ্মণ ভিন্ন অন্য কোন উপায় লাভ কবেন নাই ॥১২॥

ব্ৰাহ্মণেৰ সংসৰ্গে সমস্ত পৃথিবী লাভ কৰায় বলিবাজাৰ জীবনটী সকল কামনায পবিপূর্ণ হইয়াছিল এবং বাজলক্ষ্মীও অক্ষয় হইয়াছিল; কিন্তু তিনি শেষে সেই ব্রাহ্মণদেব প্রতিই অন্তায আচবণ কবিয়া বিনষ্ট হইয়াছিলেন ॥১৩॥

কুজবস্থেব সংগ্রামে পবিগৃহাঙ্কুশগ্রহম্।
ব্রাহ্মণৈর্বিপ্রহীনস্থ ক্ষত্রস্থ ক্ষীয়তে বলম্ ॥১৫॥
ব্রাহ্মণারুপমা দৃষ্টিঃ ক্ষাত্রমপ্রতিমং বলম্।
তৌ যদা চবতঃ দার্জং তদা লোকঃ প্রসীদতি ॥১৬॥
যথা হি স্থমহানগ্রিঃ কক্ষং দহতি সানিলঃ।
তথা দহতি রাজভ্যো ব্রাহ্মণেন সমং বিপুম্ ॥১৭॥
ব্রাহ্মণেম্বেব মেধাবী বুদ্ধিপর্য্যেষণং চরেৎ।
অলক্ষ্য চ লাভায় লক্ষ্য পরিবৃদ্ধয়ে ॥১৮॥

## ভাবতকৌমুদী

কুঞ্জবশ্রেতি। অঙ্গূর্গগ্রহং পবিচালকম্, পবিগৃহ্ বৰ্জিয়িত্বা স্থিতশ্র, পবের্বর্জনার্থতাৎ, কুঞ্জরশু হস্তিন ইব, ব্রান্ধণৈর্বিপ্রহীনশু রহিতশু ক্ষত্রশু সংগ্রামে বলং ক্ষীয়তে ॥১৫॥

ব্রান্দাীতি। অনুপমা দৃষ্টিঃ দর্বদিগ্ দর্শনম্, ব্রান্দাী ব্রান্দানিষ্ঠা, অপ্রতিমং বলঞ্চ, ক্ষাত্রং ক্ষত্রিয়নিষ্ঠম্। অতএব যদা তো ব্রান্দাক্ষত্রিয়োঁ, সার্দ্ধং মিলিতো দন্তো চবতঃ, তদা লোকঃ প্রামাদতি ফুর্জ্জয়ত্বজ্ঞানাৎ বশীভাবেন প্রসম ইব ভবতি ॥১৬॥

যথেতি। কক্ষং শুক্তবনম্। "কক্ষো বীক্ষি দোম্লে কচ্ছে শুক্তবনে ভূণে" ইতি হেমচন্দ্রং ॥১৭॥ ব্রান্ধণেষিতি। মেধাবী বৃদ্ধিমান্ রাজা। বৃদ্ধিপর্যোষণং কর্ত্তব্যবিষয়বৃদ্ধানেষণম্ ॥১৮॥

#### ভাবতভাবদীপঃ

ধর্মার্থে বিষ ॥১১॥ তীর্থমূপাযম্ ॥১২॥ বৈবোচনের্বলেঃ ॥১৩—১৪॥ অঙ্গুশগ্রহ্মজুশেন নিগৃহ্লাতি তং পবিগৃহ্থ বর্জ্জযিতা, পবির্বজ্জনে ॥১৫—১৭॥ বুদ্ধিপর্য্যেষণং বুদ্ধেঃ সাকল্যেন

সমৃদ্ধিসম্পন্ন এই পৃথিবী ব্রাহ্মণবিহীন ক্ষত্রিয়কে চিবকাল আশ্রয় করিয়া থাকে না ; কিন্তু যে শিক্ষিত ক্ষত্রিয়কে ব্রাহ্মণ নীতিবিষয়ে উপদেশ দেন, সেই ক্ষত্রিয়েব নিকট এই পৃথিবী চিরকালই অবনত থাকে ॥১৪॥

পৰিচালকবিহীন হস্তীৰ স্থায় ব্ৰাহ্মণবিহীন ক্ষত্ৰিয়েৰ যুদ্ধে শক্তি ক্ষীণ হইয়া থাকে ॥১৫॥

অসাধাৰণ পৰ্য্যবেক্ষণ ব্ৰাহ্মণে থাকে এবং অতুলনীয় বল ক্ষত্ৰিয়ে থাকে; স্ত্ৰাং তাঁহাৰা ছই যখন মিলিত হইয়া বিচৰণ কৰেন, তখন লোক বশীভূত হয় ॥১৬॥

বিশাল অগ্নি যেমন বাযুব সহিত মিলিত হইয়া শুষ্কবন দগ্ধ কবে, তেমন ক্ষত্ৰিয় ব্ৰাহ্মণের সহিত মিলিত হইয়া শক্ৰ দগ্ধ করিয়া থাকেন ॥১৭॥

<sup>(</sup>১৬) बाक्षभाव भवा दृष्टिः । भि, बाक्षभावभूषा पृष्टिः । वा व ।

অলব্ধলাভায় চ লব্ধবৃদ্ধযে যথাহতীর্থপ্রতিপাদনায়।

যশৃষ্ঠিনং বেদবিদং বিপশ্চিতং বহুপ্রভাতং ব্রাহ্মণমেব বাসয় ॥১৯॥
ব্রাহ্মণেয়ৃত্তমা বৃত্তিস্তব নিত্যং যুধিষ্ঠিব!।

তেন তে সর্বলোকেযু দীপ্যতে প্রথিতং যশঃ॥২০॥
বৈশম্পায়ন উবাচ।

ততন্তে ব্রাহ্মণাঃ দর্বের বকং দাল্ভ্যমপূজয়ন্।
যুধিন্ঠিরে স্ত্রমানে ভূয়ঃস্তমনদোহভবন্ ॥২১॥
দ্বৈপায়নো নাবদশ্চ জামদয়্যঃ পৃথূপ্রবাঃ।
ইন্দ্রত্যন্মো ভালুকিশ্চ কৃতচেতাঃ সহস্রপাৎ ॥২২॥
কর্ণপ্রবাণ্চ মুঞ্জশ্চ লবণাশ্বশ্চ কাশ্যপঃ।
হাবীতঃ স্থূণকর্ণশ্চ ভায়িবেশ্যোহথ শৌনকঃ ॥২৩॥

# ভারতকৌমুদী

অলকেতি। যথার্হতীর্যেভ্যো যোগ্যপাত্রেভ্যঃ প্রতিপাদনায ধনাদিদানায ॥১৯॥ ব্রাহ্মণেদ্বিতি। বৃত্তির্ব্যবহাবো বর্ত্তনদানং বা। দীপ্যতে উজ্জ্বণং তিষ্ঠতি ॥২০॥ তত ইতি। ভূষমানে যশন্বিত্বেন প্রশস্ত্রমানে। ভূষঃস্থমনসোহতীবপ্রসন্নাঃ॥২১॥ ভাবতভাবদীপঃ

সংগ্রহণম্ ॥১৮॥ যথার্হতীর্থে যথাযোগ্যপাত্তে, প্রতিপাদনায দানায ॥১০॥ বৃত্তি বর্ত্তনম্ ॥২০– ২৫॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈশব ষ্ঠীয়ে ভাবতভাবদীপে ব্রয়োবিংশোহধ্যায়: ॥২৩॥

বুদ্ধিমান্ রাজা অলব্ধ বস্তু লাভ কবিবাব জন্ম এবং লব্ধ বস্তুব বৃদ্ধি কবিবাব জন্ম ব্রাহ্মণদেব নিকটেই বৃদ্ধিব অন্তেষণ কবিবেন ॥১৮॥

অত এব বাজা। আপনি অলব্ধ বস্তু লাভ কবিবাব জন্ম, লব্ধ বস্তুব বৃদ্ধি কবিবাব জন্ম এবং যোগ্যপাত্রে দান কবিবাব জন্ম যশস্বী, বেদবিৎ, পণ্ডিত ও বহুদর্শী ব্রাহ্মণকেই বাস কবান ॥১৯॥

রাজা যুধিষ্ঠিব! ব্রাহ্মণদেব উপবে সর্ববদাই আপনাব উত্তম ব্যবহাব আছে কি না , সেই জন্মই আপনাব যশ সমস্ত জগতে প্রসিদ্ধ হইয়া দীপ্তি পাইতেছে"॥২॥

বৈশম্পায়ন বলিলেন—যুখিষ্ঠিবেব প্রশংসা কবিলে পব সেই ব্রাহ্মণেবা সকলেই দাল্ভ্য বকমুনিব সম্মান কবিলেন এবং অত্যন্ত প্রসন্নচিত্ত হইলেন ॥১১॥

তাহাব পব, দেবর্ষিবা যেমন দেববাজের সম্মান কবেন, সেইরূপ দেবব্যাস, নাবদ, পবশুবাম, পৃথুশ্রবা, ইন্দ্রহায়, ভালুকি, কৃতচেতা, সহস্রপাৎ, কর্ণশ্রবা,

ঋতবাক্ চ স্থবাক্ চৈব বৃহদশ্বো বিভাবস্থঃ। উৰ্দ্ধবেতা রুষামিত্রঃ স্থহোত্রো হোত্রবাহনঃ ॥২৪॥ এতে চান্মে চ বহবো ব্রাহ্মণাঃ সংশিতব্রতাঃ। অজাতশক্রমানর্চ্চুঃ পুবন্দবমিবর্ষয়ঃ ॥২৫॥ (কলাপকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাষাং বৈষাসিক্যাং অৰ্জ্জুনাভিগমনে দ্বৈতবনপ্ৰবেশে ত্ৰয়োবিংশোহধ্যায়ঃ ॥०॥ \*

# চতুর্বিংশোহধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ ৷

ততো বনগতাঃ পার্থাঃ সায়াহ্নে সহ কৃষ্ণয়া। উপবিক্টাঃ কথাশ্চক্রুন্থ :খশোকপরায়ণাঃ ॥১॥ প্রিয়া চ দর্শনীযা চ পণ্ডিতা চ পতিব্রতা। অথ কৃষ্ণা ধর্মবাজমিদং বচনমত্রবীৎ ॥২॥

## ভাবতকৌমুদী

বৈপাষন ইতি। জামদগ্ন্যো বাম:। কর্ণশ্রবা ইতি সংজ্ঞাশস্বত্বাৎ পৌনরুক্ত্যং সহতে। উদ্ধবেতা নৈষ্টিকত্রক্ষচারিত্বাৎ। আনর্চ্চ্যু: দশ্মানযামান্ত: ॥২২—২৫॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচাৰ্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভারতটীকাযাং ভাবতকোঁমূদীসমাথ্যাযাং বনপর্বাণি অর্জ্জ্নাভিগমনে ত্রযোবিংশোহধ্যায়ঃ ॥ । ॥

তত ইতি। পার্থাঃ পাগুবাঃ, সপত্মীপুত্তেহপি পুত্রছাতিদেশেন মাদ্রীপুত্রযোবপি পৃথা-পুত্রছাৎ। এবমন্তত্রাপি। কৃষ্ণ্যা শ্রোপন্তা। কথা: কথোপকথনানি ॥১॥

প্রিষেতি। প্রিষা স্বভাবমাধুর্ঘ্যাৎ প্রীতিক্বী, দর্শনীষা মনোহবাক্বতিঃ ॥২॥

মূজ, লবণাশ্ব, কাশ্যপ, হাবীত, স্থূণকর্ণ, অগ্নিবেশ্য, শৌনক, ঋতবাক্, সুবাক্, বৃহদশ্ব, বিভাবস্থ, উদ্ধিবেতা, ব্যামিত্র, স্থহোত্র এবং হোত্রবাহন—এই সকল ব্রাহ্মণেবা ও অক্যান্ত দৃঢত্রত বহুতব ব্রাহ্মণেবা যুধিষ্ঠিবেব সন্মান করিলেন ॥২২ — ২৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহাব পর একদিন বনবাসী, ছঃখিত ও শোকার্ত্ত পাণ্ডবগণ জ্বৌপদীৰ সহিত বসিষা পৰস্পৰ কথোপকথন কৰিতে লাগিলেন ॥১॥

 <sup>&</sup>quot;···বড্বিংশোহধ্যায়"—বা ব কা নি। (১)···কৃথাং চক্রু:

। কি

# দ্ৰোপত্মবাচ।

ন নৃনং তম্ম পাপম্ম ছঃখমস্মান্ত কিঞ্চন।
বিহাতে ধার্ত্তরাষ্ট্রম্ম নৃশংসম্ম ছরাত্মনঃ ॥৩॥
যন্ত্রাং বাজন্! ময়া সার্দ্ধমজিনৈঃ প্রতিবাসিতম্।
বনং প্রস্থাপ্য ছফাত্মা নাম্বতপ্যত ছর্ম্মতিঃ ॥৪॥
আয়সং হৃদয়ং নৃনং তম্ম ছঙ্কৃতকর্মণঃ।
যন্ত্রাং ধর্মপরং জ্যেষ্ঠং রক্ষাণ্যশ্রাবয়ন্তদা ॥৫॥
স্থথোচিতমছঃখার্হং ছরাত্মা সম্বহাদ্গণঃ।
ঈদৃশং ছঃখমানীয় মোদতে পাপপূরুষঃ ॥৬॥
চতুর্লামেব পানানামশ্রং ন পতিতং তদা।
ভুয়ি ভারত! নিজ্ঞান্তে বনায়াজিনবাসসি ॥৭॥

## ভাবতকোমূদী

নেতি। নৃনং দ্রুবম। অস্মান্থ বিষয়েষূ। ধার্ত্তবাষ্ট্রস্থ প্রাধান্তাদ্ত্র্যোধনস্থ ॥৩॥ দৃংথভাবসম্ভাবনাযাং হেতুমাহ—য ইতি। অজিনিঃ প্রতিবাসিতং পবিধাপিতমুগর্চ্মাণম্ ॥৪॥ আষসমিতি। অযসা লোহেন নির্মিতমিতি আষসম্। ক্রুমাণি বচনানি ॥৫॥ স্থেতি। স্থােচিতম্ অতৃঃথার্হঞ্চ তাম্। তুরাত্মা তুর্ব্যোধনঃ। আনীয় প্রাপয় ॥৬॥ ভারতভাবদীপঃ

তত ইতি। এতদধ্যায়স্থ তাৎপর্য্যম্—স্থশীলাপি স্ত্রী ধর্ম্মং ত্যজয়তি কিম্তেতরেতি॥১ – ২॥ অস্মাস্থ চুঃখিতেদিতি শেষঃ॥৩—৫॥ আনীষ প্রাপয়য়॥৬॥ অস্রং

তখন প্রিয়া, স্থূন্দরী, পণ্ডিতা ও পতিব্রতা জৌপদী যুখিষ্ঠিবকে এই কথা বলিলেন ॥২॥

জৌপদী বলিলেন—"মহারাজ! সেই পাপিষ্ঠ, নিষ্ঠুরপ্রকৃতি ও ছ্বাত্মা তুর্য্যোধনেব আমাদেব বিষয়ে নিশ্চয়ই কোন তঃখ নাই ॥।।।

যে ত্বাত্মা ও ত্ৰ্মতি ত্ৰ্য্যোধন আপনাকে মৃগচৰ্ম্ম পৰিধান কবাইয়া আমাৰ সহিত বনে পাঠাইয়া একটুও অনুতাপ কবে নাই ॥৪॥

আপনি জ্যেষ্ঠ এবং ধর্মপরায়ণ; তথাপি যে ব্যক্তি আপনাকে তখন কটু বাক্য শুনাইয়াছিল, নিশ্চয়ই সে ত্বাত্মাব হৃদয় লোহনির্ম্মিত ॥৫॥

আপনি সুখভোগেই অভ্যস্ত, কু:খভোগে অভ্যস্ত নহেন, তথাপি ত্বাত্মা ও পাপিষ্ঠ তুর্য্যোধন বন্ধুগণেব সহিত মিলিত হইয়া, আপনাকে এইরূপ তু:খ ভোগ ক্বাইতে থাকিয়া আমোদ কবিতেছে । ॥৬॥

<sup>(</sup>৪)…নান্নতপ্যতি দুর্মতিঃ—পি।

তুর্য্যোধনস্থ কর্ণস্থ শকুনেশ্চ তুরাত্মনঃ।
তুর্ত্রাতুস্তস্থ চোগ্রস্থ রাজন্। তুঃশাসনস্থ চ ॥৮॥ (যুগাকম্)
ইতবেষাস্ত সর্বেষাং কুরুণাং কুরুসন্তম!।
তুঃখেনাভিপবীতানাং নেত্রেভ্যঃ প্রাপতজ্জলম্ ॥৯॥
ইদঞ্চ শয়নং দৃষ্ট্রা ঘচ্চাসীত্তে পুরাতনম্।
শোচামি ত্বাং মহাবাজ। তুঃখানহং স্থথোচিতম্ ॥>০॥
দান্তং ঘচ্চ সভামধ্যে আসনং রক্তর্ভ্বিতম্।
দৃষ্ট্রা কুশর্ষীঞ্চেমাং শোকো মাং দার্যত্যযম্ ॥>>॥
ঘদপশ্যং সভাষাং ত্বাং বাজভিঃ পরিবাবিতম্।
তচ্চ বাজন্পশান্ত্যাঃ কা শান্তির্ভ্রদযম্য মে ॥>২॥

#### ভারতকৌমূদী

চতুর্ণামিতি। অস্ত্রং ক্ষর্যজন ন্যনজন্ম। তন্ত্র ছুর্য্যোধনস্তা চ ছ্র্রাতৃঃ ॥१—৮॥ ইতবেষামিতি। অভিপবীতানাং সর্বতো ব্যাপ্তহদ্যানাম্ ॥२॥

ইদমিতি। হে মহাবাজ। তে তব, ইদক্ষ কুশমযম্, শযনং শযাং দৃষ্ট্য, যচ্চ পুবাতনং তৃত্বকেননিতং শযনমাসীৎ, তচ্চ শৃত্বেতি শেষং, তৃঃখানর্হং স্থথোচিতং ত্বাং শোচামি। ভারবিনা খন্বিতঃ স্থানাদেব কিবাতার্জ্বনীযকাব্যে প্রথমসর্গাদো ছাযা গৃহীতেতি ক্রষ্টবাম্ ॥১০॥

দাস্তমিতি। সভামধ্যে ঘচ্চ, দাস্তং হস্তিদন্তনির্মিতং বক্তভৃষিতঞ্চ তবাসনমাদীৎ তৎ শৃষ্টেতি শেষঃ, ইমাঞ্চ কুশর্ষীং কুশম্যং ব্রতিযোগ্যমাসনং দৃষ্টা স্থিতাং মাম্, অয়মন্তভূষমানঃ শোকো দাবয়তি। "ব্রতিনামাসনং বৃষী" ইত্যমরঃ ॥১১॥

যদিতি। পরিবারিতং পবিবেষ্টিতম্। অপশুস্তা। ইদানীমিতি শেষঃ ॥১২॥

আপনি মৃগচর্দ্ম পবিধান কবিয়া বনবাসেব জন্ম নির্গত হইলে, তখন চারিটা পাপিষ্ঠেব অশ্রুপাত হয় নাই—তুর্য্যোধন, তাহাব তুষ্ট ভ্রাতা উগ্রস্থভাব তুঃশাসন এবং ত্রাত্মা কর্ণ ও শকুনিব ॥৭—৮॥

কিন্তু হে কুকশ্রেষ্ঠ ! ছঃখিতচিত্ত অন্য সকল কুকবংশীয়ের নয়ন হইতেই তখন জল পড়িয়াছিল ॥৯॥

মহারাজ! আপনাব এই শয্যা দেখিয়া এবং পূর্বের আপনাব যে শয্যা ছিল, তাহা শ্মবণ কবিয়া আপনার বিষয়েই আমাব শোক হইতেছে। কাবণ, আপনি ত ছংখভোগেব যোগ্য নহেন, বিশেষতঃ সুখভোগেই অভ্যস্ত ছিলেন ॥১০॥

সভাব মধ্যে হস্তিদন্তনির্মিত এবং নানাবত্ববিভূষিত আপনাব যে আসন ছিল, তাহা স্মবণ কবিষা এবং এই কুশময় আসন দেখিয়া আমি শোকে বিদীর্ণ হইতেছি॥১১॥ বন-৩০ (৬)

যা ত্বাহং চন্দনা দিশ্বমপশ্যং সূর্য্যবর্চসম্ ।

সা ত্বাং পদ্ধমলাদিশ্বং দৃষ্ট্রা মুহ্যামি ভারত ! ॥>০॥

যা ত্বাহং কৌশিকৈবিদ্রেঃ শুলুরাচ্ছাদিতং পুরা ।

দৃষ্টবত্যত্মি রাজেন্দ্র । সা ত্বাং পশ্যামি চীরিণম্ ॥>৪॥

যচ্চ তদ্রুরপাত্রীভির্ত্রাহ্মণেভ্যুঃ সহস্রশঃ ।

হ্রিয়তে তে গৃহাদন্নং সংস্কৃতং সার্বকামিকম্ ॥>৫॥

যতীনামগৃহাণাং তে তথৈব গৃহমেধিনাম্ ।

দীয়তে ভোজনং রাজন্ । অতীব গুণবং প্রভো ! ॥>৬॥

সংক্রতানি সহস্রাণি সর্বকামেঃ পুরা গৃহে ।

সর্বকামেঃ স্থবিহিতৈর্ষদপুজয়থা দ্বিজান্ ।

তচ্চ রাজন্ ! অপশ্যন্ত্যাঃ কা শান্তির্হ্লদয়স্য মে ॥>৭॥ (বিশেষকম্)

## ভারতকৌমুদী

যেতি। স্বা স্থান্য, চন্দনেন আদিগ্ধং সম্যক্ পরিলিপ্তম্। পরত্তাপ্যেবম্ ॥১৩॥
যেতি। স্বা স্থান্য, কেশিকৈঃ কীটকোশস্ত্রনির্মিতেঃ। চীরিণং কেশীনবস্তম্ ॥১৪॥
যদিতি। ক্ষম্পাত্রীভিঃ স্বর্গভাজনৈঃ। হ্রিযতে পরিবেশকৈর্গ্রতম্, সংস্কৃতং পর্কম্, সার্বি-কামিকং সর্ব্বেষামেবাভীষ্টম্। যতীনাং জিতেন্দ্রিযাণাং ব্রদ্ধচারিণান্, অগৃহাণাং ভিক্মণান্য, গৃহমেধিনাং গৃহস্থানাঞ্চ। অতীবগুণবং স্বাত্ত্বপৃষ্টিকরম্বাদিগুণযুক্তম্, ভূজ্যত ইতি ভোজনমন্নং যদ্দীযতে স্ম। পুবা গৃহে, সর্ব্বকামিঃ সর্ব্ববিধাভীষ্টবস্ত্রদানিঃ, দ্বিত্রাণাং সহম্রাণি

নেত্রজলম্ ॥৭—১০॥ দান্তং গজদন্তমযম্, কুশবুবীং কুশাসনম্ কন্ধাতি আর্ণোতি মোহয়-তীত্যর্থ: ॥১১ — ১২॥ ত্বাহং ত্বামহম্, আদিয়ং লিপ্তম্ ॥১০॥ কৌশিকৈঃ কোশক্ষৈঃ বজ্ঞি

আমি আপনাকে সভার মধ্যে যে রাজগণে পবিবেষ্টিত দেখিয়াছি, বর্ত্তমান সময়ে তাহা দেখিতেছি না ; স্থতবাং আমার মনেব কি শান্তি আছে ! ॥১২॥

ভবতনন্দন! যে আমি আপনাকে চন্দনলিপ্ত এবং সূর্য্যতুল্য তেজম্বী দেখিয়াছি, সেই আমিই আপনাকে এখন ধূলিলিপ্ত দেখিয়া মোহিত হইতেছি ॥১৩॥

বাজশ্রেষ্ঠ ! যে আমি পূর্বের আপনাকে শুভ্রবর্ণ পটুবস্ত্র-পরিহিত অবস্থায় দেখিয়াছি ; সেই আমিই এখন আপনাকে কৌপীনধারী দেখিতেছি ॥১৪॥

মহারাজ! পবিজনেবা আপনার গৃহ হইতে সহস্র সহস্র ব্রাহ্মণের জন্ম স্বর্ণপাত্রে করিয়া স্থপক ও সকলেবই অভীষ্ট সেই যে অন্ন লইয়া যাইত; আব ব্রহ্মচাবী, ভিক্ষু ও গৃহস্থদিগকে যে অতি উত্তম খাছা দেওয়া হইত; যতে ভাতৃন্ মহাবাজ। যুবানো মৃষ্টকুগুলাঃ।
অভাজযন্ত মিষ্টান্নৈঃ সূদাঃ পবমসৎকৃতিঃ ॥১৮॥
সর্বাংস্তানত পশ্যামি বনে বন্সেন জীবতঃ।
অভুংখার্হান্ মনুষ্যেক্র। নোপশাম্যতি মে মনঃ॥১৯॥ (যুগ্মকম্)
ভীমসেনমিমঞ্চাপি তুঃখিতং বনবাসিনম্।
ধ্যায়তঃ কিং ন মন্যুত্তে প্রাপ্তে কালে বিবর্দ্ধতে॥২০॥
ভীমসেনং হি কর্মাণি স্বয়ং কুর্বাণমচ্যুত্য্।
হুখার্হং তুঃখিতং দৃষ্ট্যা কন্মানানুয়র্ন বর্দ্ধতে॥২১॥

### ভাবতকৌমুদী

যৎ সৎকৃতানি, স্থবিহিতৈঃ সর্বকামৈঃ সর্ববিধাভিল্যিতন্তব্যদানৈঃ, যচ্চ দিজান্ আন্ধণান্, অপূজ্যথাঃ, হে বাজন্। ইদানীং ভচ্চ সর্বাম্ অপশুস্ত্যা মে কৃদযস্থ কা শান্তিঃ, অপি তু কাপি নেতার্থঃ। সপ্তদশঃ শ্লোকঃ ষটুপাদঃ ॥১१—: १॥

যদিতি। যৎ যান্। মৃষ্টানি মার্জ্জনেন পবিষ্কৃতানি কুগুলানি যেষাং তে। স্থদাঃ পাচকাঃ পরমসৎস্কৃতিঃ অতীবস্কুষ্টুনিশ্বিতৈঃ। বজেন ফলম্লাদিনা ॥১৮—১৯॥

ভীমেতি। ধ্যাযতশ্চিম্বযতন্তে, মন্ত্যন্র্র্যোধনাদীন্ প্রতি ক্রোধ: ॥২০॥

#### ভারতভাবদীপঃ

॥১৪—১৫॥ অগৃহাণাং ব্রহ্মচাবিণাম্॥১৬॥ দহস্রাণি দহস্রসংজ্ঞানি সত্তপবিবেষণপাত্রাণি, "তেষাং যৎ দহস্রং সত্তপবিবেষণং তত্তে স্বর্যাতো দাশুদ্ধী" ইতি বহুব্ চব্রাহ্মণে দর্শনাৎ। সৎক্রতানি প্রত্যহম্প্যোগাৎ সম্ভাবিতানি, সর্ব্বকামিঃ কাম্যমানের কৈঃ, যৎ যৈঃ দহস্রেঃ দর্ব্বেঃ কাম্যমানের গৈছিলান্ অপূদ্ধপাঃ, বনে তু একমেব স্থাদক্তং পবিবেষণপাত্রমিত্যর্থঃ॥১৭—১৯॥ এবং পূর্বের্ব আপনাব বাডীতে সর্ব্বপ্রকাব অভাষ্ট বস্ত্ব দান করিয়া সহস্র সহস্রদ্বিদ্রকে যে সম্মানিত কবা হইত এবং স্থানিমিত ও সকলেব বাঞ্ছনীয় বস্তু দান করিয়া বাহ্মণদিগকে যে পূজা কবা হইত , বর্ত্তমানে সেই সবল দেখিতেছি না বলিয়া আমাব মনেব কোন শান্তিই হইতেছে না ॥১৫—১৭॥

মহাবাজ! মনুষ্যশ্রেষ্ঠ। পবিষ্ণুত কুণ্ডলধাবী যুবক পাচকেবা বিশেষ যত্নে প্রস্তুত মিষ্টান্ন দ্বাবা আপনাব যে আতৃগণকে ভোজন করাইত, আপনার সেই সকল আতাকেই আজ বনে বন্স কল-মূলদ্বাবা জীবন ধাবণ কবিতে দেখিতেছি . ইহাবা কিন্তু এইবাপ হঃখভোগেব যোগ্য নহেন; স্মৃতরাং আমাব মন শান্তি পাইতেছে না ॥১৮—১৯॥

বনবাসী তৃঃথিত এই ভীমসেনেব বিষয় চিন্তা কবিয়া কি আপনাব বর্ত্তমান সময়েও ক্রোধ বৃদ্ধি পায় না গ ॥২০॥

<sup>(&</sup>gt;२) ... रत्न रत्यन कौ विनः ... वा व का नि।

সৎকৃতং বিবিধৈষ্যনৈর্বদ্রৈক্রন্চাবচৈস্তথা।
তং তে বনগতং দৃষ্ট্বা কম্মান্মন্তর্ন বর্দ্ধতে ॥২২॥
আয়ং কুরুন্ বনে সর্ববান্ হন্তমুৎসহতে প্রভুঃ।
ত্বৎপ্রতিজ্ঞাং প্রতীক্ষংস্ত সহতেহযং রকোদবঃ ॥২৩॥
যোহর্জ্জ্নোর্জ্জ্ল্নস্তল্যো দ্বিবাহ্তর্বহ্বাহ্না।
শবাবসর্গে শীব্রত্বাৎ কালান্তক্যমোপমঃ ॥২৪॥
যক্ত শব্রতাপেন প্রণতাঃ সর্বপার্থিবাঃ।
যজ্ঞে তব মহাবাজ! ব্রাহ্মণানুপতিস্থিবে ॥২৫॥
তমিমং পুক্ষব্যান্ত্রং পূজ্ভিতং দেবদানবৈঃ।
ধ্যাযন্তমর্জ্জ্নং দৃষ্ট্বা কম্মাদ্রাজন্। ন কুপ্যদি ॥২৬॥ (বিশেষকম্)

## ভাৰতকৌমুদী

ভীমেতি। কর্মাণি ফলম্লাহবণাদীনি। অচ্যুতং ধর্মাদন্রষ্টম্ ॥ ২১॥
সংক্রতমিতি। সংক্রতমাদৃতম্। উচ্চাবচৈর্নানাবিধিঃ। তং ভীমসেনম্ ॥ ২২॥
অযমিতি। উৎসহতে শক্ষোতি, প্রভুং শক্রবিনাশে সমর্থঃ। সহতে বনবাসত্থেম্ ॥ ২৩॥
য ইতি। যোহর্জ্নঃ, দিবাহুরপি সন্, শবাণামবসর্গে নিক্ষেপে, শীঘ্রমাদ্ধেতোং, বহুবাহুনা
অর্জ্বনেন কার্ত্তবীর্ব্যেণ তুল্যঃ। অতএব চ কালে আযুংশেষসময়ে অন্তকো নাশকো যো যমতত্তপমং শক্রণামিতি শেষঃ। যশ্রার্জ্বনশ্র। যজ্ঞে বাজস্যে। উপতন্থিবে সিষেবিবে। ধ্যাযন্তম্
আত্মনো ত্র্তাগং চিন্তযন্তম্। ন কুপ্যসি ত্র্যোধনাদীন্ প্রতীতি শেষঃ ॥ ২৪ — ২৬॥

ধর্মপথ হইতে অবিচলিত এবং স্থুখভোগেব যোগ্য ভীমসেন নিজেই ফলমূল আনযনপ্রভৃতি কার্য্য কবিতেছেন; ইহা দেখিয়া কেন আপনাব ক্রোধ বৃদ্ধি পায না ? ॥২১॥

যিনি নানাবিধ যান ও নানাবিধ বন্ত্ৰ দ্বাবা আদৃত হইতেন, সেই ভীমকে বনবাসী দেখিয়া কেন আপনাব ক্ৰোধ বৃদ্ধি পায় না १॥২২॥

্ সমযবিজয়ী এই ভীমসেন একাকীই যুদ্ধে সকল কৌববকে বিনাশ কবিতে পাবেন, তথাপি ইনি আপনাব প্রতিজ্ঞাব প্রতীক্ষা কবিয়াই এই কষ্ট সহ্য কবিতেছেন। ॥২৩॥

তা'ব পব, যে অর্জুন দ্বিবাছ হইয়াও সদ্ব বাণক্ষেপ কবিতে পাবেন বলিয়া সহস্রবাহু কার্ত্তবীর্ঘ্যার্জুনের তুল্য এবং শত্রুপক্ষেব কালান্তক যমেব তুল্য; আব সমস্ত বাজাই যাহাব অস্ত্রেব প্রতাপে অবনত হইয়া আপনাব বাজস্থয়যজ্ঞে ব্রাহ্মণগণেব সেবা কবিযাছিলেন, দেব-দানবসম্মানিত পুক্ষশ্রেষ্ঠ দৃষ্ট্বা বনগতং পার্থমত্বংখার্হং স্থথোচিত্রস্ ।
ন চ তে বর্দ্ধতে মন্যুন্তেন মূহ্যামি ভারত ! ॥২৭॥
যো দেবাংশ্চ মন্মুয়াংশ্চ দর্পাংশ্চকরথোহজয়ৎ ।
তং তে বনগতং দৃষ্ট্বা কন্মানান্মুর্ন বর্দ্ধতে ॥২৮॥
যো যানৈবভুতাকারের্হয়ের্নাগৈশ্চ দৎকৃতঃ ।
প্রসন্থ বিক্তান্মাদত্ত পার্থিবেভ্যঃ পবন্তপঃ ॥২৯॥
কিপত্যেকেন বেগেন পঞ্চ বাণশতানি যঃ ।
তং তে বনগতং দৃষ্ট্বা কন্মানান্মুর্ন বর্দ্ধতে ॥৩০॥ (যুগ্মকম্)
শ্যামং রহন্তং তরুণং চন্মিণামূত্রমং রবে ।
নকুলং তে বনে দৃষ্ট্বা কন্মানান্মুর্ন বর্দ্ধতে ॥৩১॥

# ভাবতকৌমুদী

দৃষ্ট্রেতি। পার্থং প্রকরণাদর্ভন্ন। মহাঃ ক্রোধঃ, "মহাদৈত্যে ক্রতো কুধি" ইতামবঃ ॥২ গা

य ইতি। যোহৰ্জ্নঃ, দেবান্ থাগুবদাহে, মহয়ান্ দর্পাংশ্চ বাজস্থ্যে ॥২৮॥

য ইতি। নাগৈইস্তিভিস্তক্তদানৈরিত্যর্থ:, সংকৃতঃ প্রান্তিত্ব পতিভিঃ সম্মানিতঃ। প্রস্থ বলেন, বিভানি ধনানি, আদন্ত গৃহীতবান্। বেগেন বাবেণ ॥২২—৩০॥

শ্রামমিতি। বৃহস্তং দীর্ঘাক্বতিম্। চর্ম্মিণাং চর্মধাবিণাং বীবাণাম্ ॥৩১॥
ভাৰতভাবদীপঃ

মহা: ক্রেখ্য ।২০–২০। অর্জুনেন কার্ন্তবীর্ষোণ। শরাবদর্গে বাণপাতে ।২৪–২৮<sub>।</sub> সেই অর্জুনকে নিজেব ফুর্ভাগ্য চিন্তা কবিতে দেখিয়া কেন আপনি শক্রদেব প্রতি ক্রুদ্ধ হইতেছেন না १ ।২৪ – ২৬॥

ভবতনন্দন! অৰ্জুন ছঃখভোগেৰ যোগ্য নহেন, বিশেষতঃ সুখভোগেই অভ্যস্ত ; তথাপি ইহাকে বনবাসী দেখিয়া আপনাব যে ক্ৰোধ বৃদ্ধি পাইতেছে না, তাহাতেই আমি মুগ্ধ হইতেছি ॥২৭॥

যিনি একবথে দেবতা, মন্থয় ও নাগদিগকে জয় করিয়াছিলেন, সেই অর্জুনকে বনবাসী দেখিয়া কেন আপনাব ক্রোধ বৃদ্ধি পাইতেছে না ? ॥২৮॥

পবাজিত রাজারা হস্তী, অশ্ব ও আশ্চর্যা বথ উপহাব দিয়া যে অর্জুনকে সম্মানিত কবিয়াছিলেন এবং যে পবস্তুপ অর্জুন বলপূর্বক বাজাদেব নিকট হইতে ধন আনয়ন করিয়াছিলেন, আব যে অর্জুন একেবাবেই পাঁচশত বাণ নিক্ষেপ কবিতে পাবেন, সেই অর্জুনকে বনবানী দেখিয়া কেন আপনাব ক্রোধ বৃদ্ধি পাইতেছে না ? ॥২১—৩০॥

শ্রামবর্ণ, দীর্ঘাকৃতি, যুবা এবং যুদ্ধে চর্ম্মধাবীদিগের মধ্যে শ্রেষ্ঠ নকুলকে বনবাসী দেখিয়া কেন আপনাব ক্রোধ বৃদ্ধি পাইতেছে না ়॥৩১॥ দর্শনীয়ঞ্চ শূরঞ্চ মাদ্রীপুত্রং যুধিষ্ঠির !।
সহদেবং বনে দৃষ্ট্রা কন্মাৎ ক্ষমিস পাথিব ! ॥৩২॥
নকুলং সহদেবঞ্চ দৃষ্ট্রা তে তুঃথিতাবুতে ।
অতুঃথার্হো মনুয়েক্র ! কন্মানান্ত্র্যর্ন বর্দ্ধতে ॥৩০॥
ত্রুপদন্ম কুলে জাতাং স্কুষাং পাণ্ডোর্মহাত্মনঃ ।
ধ্বইত্যুন্ধন্ম ভগিনীং বীবপত্নীমনুত্রতাম্ ।
মাং বৈ বনগতাং দৃষ্ট্রা কন্মাৎ ক্ষমিস পার্থিব । ॥৩৪॥
নূনঞ্চ তব বৈ নান্তি মনুয়র্ভরতসত্তম !।
যত্তে ভ্রাতঃশ্চ মাঞ্চৈব দৃষ্ট্রা ন ব্যথতে মনঃ:॥৩৫॥
ন নির্মন্তঃ ক্ষত্রিয়োহন্তি লোকে নির্বিচনং স্মৃত্য্ ।
তদগ্র ত্বয়ি পশ্যামি ক্ষত্রিয়ে কাল আগতে ।
যো ন দর্শযতে তেজঃ ক্ষত্রিয়ঃ কাল আগতে ।
সর্বভূতানি তং পার্গ ! সদা পরিভবন্ত্যুত ॥৩৭॥

## ভারতকোমুদী

দর্শনীযমিতি। দর্শনীয়ং স্থলরাক্তিসাদিতি ভাব:। ক্ষমসি শত্রন্, ক্ষমসে ॥৩২॥
আক্ষেপাধিক্যাত্ত্রুমপার্থং পুনরাহ—নকুলমিতি। তুংথিতো বনবাসাদেব ॥৩০॥
ক্রপদক্ষেতি। স্বুবাং পুত্রবধ্ম্। অন্তরতাং ভবদমুকুলাম্। বট্পাদোহয়ং শ্লোক: ॥৩৪॥
নুনমিতি। নৃনং নিশ্চিতম্। মহার্দিক্তং ক্রোধো বা ॥৩০॥
নেতি। নির্ময়াঃ ক্রোধশূক্তঃ। নির্মাচনং নিরুট্য় প্রসিদ্ধিরিতি যাবং ॥৩৬॥

রাজা যুধিষ্ঠিব! স্থন্দরমূর্ত্তি ও বীর মাজীপুত্র সহদেবকে বনবাসী দেখিয়া কেন আপনি শক্রদেব প্রতি ক্ষমা করিতেছেন ? ॥৩২॥

নবশ্রেষ্ঠ ! নকুল ও সহর্দেব ইংগারা তুইজনই তঃখভোগেব যোগ্য নহেন, অথচ তঃখভোগ করিতেছেন ; ইংগা দেখিয়াও আপনার ক্রোধ কেন বৃদ্ধি পাইতেছে না ! ॥৩৩॥

তা'ব পব, আমি ক্রপদেব বংশে জন্মিয়াছি, মহাত্মা পাণ্ড্র পুত্রবধু, ধৃষ্টগ্রামেব ভগিনী, বীরগণেব পত্নী এবং তাঁহাদেব অনুকূলা : এ অবস্থায় আমাকেও বনবাসিনী দেখিয়া কেন আপনি ক্ষমা করিতেছেন ? ॥৩৪॥

ভরতশ্রেষ্ঠ ! নিশ্চয়ই আপনার ক্রোধই নাই। যেহেতু, ভ্রাতৃগণকে এবং আমাকে এই অবস্থায় দেখিয়াও আপনার মন ব্যথিত হইতেছে না ! ॥৩৫॥

'ক্রোধশৃন্ম ক্ষত্রিয় নাই' এই যে জগতে প্রসিদ্ধি রহিয়াছে, তাহা আৰু আপনাতে বিপরীতের ন্যায় দেখিতেছি ! ॥ ২ ॥ তত্ত্ব্যা ন ক্ষমা কার্য্যা শত্রন্ প্রতি কথঞ্চন ।
তেজসৈব হি তে শক্যা নিহন্তং নাত্রসংশয়ং ॥৩৮॥
তথৈব য়ং ক্ষমাকালে ক্ষত্রিয়ো নোপশাম্যতি ।
অপ্রিয়ঃ সর্ববভূতানাং সোহমুত্রেহ চ নশ্যতি ॥৩৯॥
অত্রাপ্যুদাহবন্তীমমিতিহাসং পুরাতনম্ ।
প্রহলাদস্য চ সংবাদং বলেবৈবোচনস্য চ ॥৪০॥
অস্তবেক্তং মহাপ্রাক্তং ধর্ম্মাণামাগতাগমম্ ।
বলিঃ পপ্রচছ দৈত্যেক্তং প্রহলাদং পিতরং পিতুঃ ॥৪১॥

## ভাবতকোমুদী

য ইতি। তেঙ্গং প্রভাবম্। সর্বভূতানি সর্বে লোকাং। পবিভবন্তি অবজানন্তি ॥৩৭॥
তদিতি। তেজ্বদা প্রভাবেণৈব, তে শত্রবো হর্ব্যোধনাদ্যং ॥৩৮॥

তথেতি। নোপশাম্যতি ক্ষমাবান্ ন ভবতি। অমূত্র পবলোকে, ইহ চ লোকে নশ্যতি, ক্ষমেব্য ক্ষমাযা অকরণেন পাপোদযাৎ সর্কভূতানামপ্রিয়্থাচ্চেতি ভাবঃ ॥৩১॥

আত্রেতি। অত্র তেজঃক্ষমধোঃ প্রযোগবিষদে, অণিঃ সমূচ্চবে। যক্তপি "ইতিহাসঃ পুরাবৃত্তম্" ইত্যমরঃ, তথাপি পুবাতনপদপ্রযোগাদিতিহাসপদং বৃত্তমাত্রপরম্ ॥৪০॥

অস্থ্রেন্ত্রমিতি। আগতঃ অবগত আগমঃ শান্তং যেন তম্। পিতৃবিবোচনশু ॥৪১॥

#### ভাৰতভাবদীপঃ

আদত্ত আত্তবান্ ॥২০॥ বর্মিণাং থডগচর্মধবাণাম্ ॥৩০ –৩।॥ নির্বচনং ক্ষত্রিযশবশু ক্ষরতে হিনস্তীতি ক্ষত্রমিতি ॥৩৬॥ হিংশ্রন্থং নিন্যামিতি চেৎ তত্রাহ—যো নেতি। তেজঃ

পার্থ! যে ক্ষত্রিয় সময় উপস্থিত হইলে তেজ প্রদর্শন না কবেন, তাঁহাকে সকল লোকই সর্বদা অবজ্ঞা কবে ॥৩৭॥

অতএব শত্রুদের প্রতি কোন প্রকাবেই আপনার ক্ষমা কবা উচিত নহে। কাবণ, তেজ দ্বাবাই আপনি শত্রুদিগকে সংহাব কবিতে পাবিবেন, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৮॥

আবাব যে ক্ষত্রিয় ক্ষমাব সময়ে ক্ষমা না কবেন, তিনি সকল লোকেব অপ্রিয হইযা ইহলোকে এবং পরলোকে বিনষ্ট হন ॥৩.॥

এ বিষয়ে মনস্বীরা প্রহলাদ ও বিবোচনপুত্র বলিব সংবাদক্রপ এই ইতিহাসেব উল্লেখ কবিয়া থাকেন ॥৪০॥

অস্ত্রব্রেষ্ঠ, মহাপ্রাজ্ঞ ও ধর্মশাস্ত্রবিং পিতামহ প্রহলাদেব নিকট একদা বলি জিজ্ঞাসা করিয়াছিলেন ॥९১॥

<sup>(</sup>७३) स्त्रांकार भडम् '---मधिरारमांद्रशामः। स्त्रीभञ्जदांठ' वा व का नि।

#### বলিরুবাচ ৷

ক্ষমা স্বিচ্ছে রদী তাত। উতাহো তেজ উচ্যতে। এতন্ম সংশয়ং তাত। যথাবদ্ব্রহি পৃচ্ছতে ॥৪২॥ শ্রেয়ো যদত্র ধর্মজ্ঞ। ক্রহি মে তদসংশয়ম্। কবিষ্যামি হি তৎ সর্ববং যথাবদকুশাসনম্ ॥৪৩॥ তিম্ম প্রোবাচ তৎ সর্ববমেবং পৃষ্টঃ পিতামহঃ। সর্ববিশ্চয়বিৎ প্রাজ্ঞঃ সংশয়ং পবিপৃচ্ছতে ॥৪৪॥

#### প্রহলাদ উবাচ।

ন শ্রেয়ঃ সভতং তেজো ন নিত্যং শ্রেয়দী ক্ষমা।
ইতি তাত! বিজানীহি দ্বয়মেতদদংশয়ম্ ॥৪৫॥
যো নিত্যং ক্ষমতে তাত। বহুন্ দোষান্ স বিন্দতি।
ভূত্যাঃ পবিভবস্তোনমুদাসীনাস্তথাহবয়ঃ ॥৪৬॥

## ভাবতকোমুদী

ক্ষমেতি। "স্থিং প্রশ্নে চ বিকরে চ' ইত্যমব:। তেজঃ প্রভাবপ্রকাশঃ ॥৪২॥ শ্রেষ ইতি। অত্র ক্ষমাতেজনোর্মধ্যে, যৎ, শ্রেষো ভদ্রতবম্। অমুশাসনমাদেশম্ ॥৪৩॥ তন্মা ইতি। পিতামহঃ প্রহলাদঃ। সংশযং সংশযবিষষম্, পবিপৃচ্ছতে বলষে ॥৪৪॥ নেতি। শ্রেষো মঙ্গলকবম্। হে তাত। বৎস।। এতৎ তেজঃক্ষমযোবসাতত্যম্ ॥৪৫॥ য ইতি। দোবাননর্থান্, বিকতি লভতে। পবিভবস্তি অবজানস্তি ॥৪৬॥

বলি কহিয়াছিলেন - "পিতামহ! আমি জিজ্ঞাসা করিতেছি—ক্ষমাকে ভাল বলা হয় ? না তেজকে ? আমাব এই সংশয়েব যথায়থ উত্তব বলুন ॥৪২॥ ধর্মজ্ঞ। ক্ষমা ও তেজেব মধ্যে যেটা ভাল, তাহা আপনি আমার নিকট নিঃসন্দেহে বলুন ; আমি যথাযথভাবে আপনাব সেই সমস্ত আদেশই করিব"॥৪৩॥ বলি এইকপ জিজ্ঞাসা কবিলে, প্রাক্ত এবং সমস্ত বিষয়েব তত্ত্বজ্ঞ প্রহলাদ বলিব নিকট সে সমস্তই বলিলেন ॥৪৪॥

প্রহ্লাদ বলিলেন—"বংস! তুমি এই ছুইটা বিষয় নিশ্চয় জানিয়া রাখ যে, সর্বাদা তেজ প্রকাশ কবাও ভাল না, আবাব সর্বাদা ক্ষমা কবাও ভাল না ॥৪৫॥

বংস! যে ব্যক্তি সর্ববদা ক্ষমা কবে, সে ব্যক্তি নানাপ্রকাবে ক্ষতিগ্রস্ত <sup>হয</sup> এবং ভূত্য, শত্রু ও নিবক্ষেপ লোক তাহাকে অবজ্ঞা কবে ॥৪৬॥

<sup>(</sup>৪২) --- উতাহো তেজ ইত্যুত --বা ব কা নি ৷

সর্বভূতানি চাপ্যস্থ ন নমন্তি কদাচন।
তন্মানিত্যং ক্ষমা তাত। পণ্ডিতৈরপবাদিতা ॥৪৭॥
অবজ্ঞায় হিতং ভূত্যা ভজন্তে বহুদোষতাম্।
আদাতুঞ্চাস্থ বিজ্ঞানি প্রার্থয়ন্তেংল্লচেতসং ॥৪৮॥
যানং বন্ত্রাণ্যলঙ্কারান্ শয়নান্যাসনানি চ।
ভোজনান্যথ পানানি সর্ব্বোপকরণানি চ ॥৪৯॥
আদদীবন্নধিক্বতা যথাকামমচেতসং।
প্রাদিন্তানি চ দেয়ানি ন দত্যুর্ভর্তুশাসনাৎ ॥৫০॥ (য়ুয়্মকম্)
ন চৈনং ভর্তৃপূজাভিং পূজ্মন্তি কথঞ্চন।
অবজ্ঞানং হি লোকেহিম্মন্ মরণাদিপি গহিতম্ ॥৫১॥
ক্ষমিণং তাদৃশং তাত। ক্রবন্তি কটুকান্যপি।
প্রের্যাং পুত্রাশ্চ ভূত্যাশ্চ তথোদাসীনর্ত্রয়ঃ ॥৫২॥

#### ভারতকোমুদী

নর্বেতি। অশু কমাকারিণ: সমীপে, ন নমন্তি নাবনতা ভবন্তি ॥৪৭॥

অবেতি। অবজ্ঞায় অবজ্ঞয়া বিহায়, হিতং প্রভোরিষ্টং বিষয়ম্ ॥৪৮॥

যানমিতি। শয়নানি শয়া:। আদদীরন্ গৃহীয়ুং, অধিকৃতা: কর্মকরা:, প্রদিষ্টানি, ভর্জ্শাসনাৎ প্রভোরাদেশাৎ, দেয়ানি প্রজাভ্যো গৃহীতানি ধনাদীনি ॥৪৯—৫০॥

নেতি। ভর্জ্প্রাভি: প্রভ্যোগ্যসম্মানে: ন প্রদ্যন্তি অধিকৃতা ইত্যহুবৃদ্ধি: ॥৫১॥

কোধ: ॥৩৭—৪০॥ আগতাগমং প্রাপ্তরহস্তম্ ॥৪১—৪২॥ শ্রের: প্রশন্ততরম্, অত কমা-তেজসোর্যধ্যে ॥৪৩—৪৬॥ অস্ত এনম্ ॥१৭—৪২॥ অধিকৃতা: অরণানাদিসংরক্ষণে নির্কা:,

ভাবতভাবদীপ:

এবং কখনও তাহাব নিকটে কোন লোক অবনত হয় না; অতএব বংস! জ্ঞানী লোকেবা সর্ব্বদা ক্ষমা কবার নিন্দাই করিয়াছেন ॥৪৭॥

ক্ষুত্রন্তুদয় ভৃত্যেবা অবজ্ঞাপূর্বক ঐ ক্ষমাকাবীর হিত না কবিয়া অহিতই কবে এবং উহাব সম্পত্তি লইবাব চেষ্টা কবে ॥৪৮॥

এবং স্থাদয়বিহীন ভৃত্যেবা ঐ ক্ষমাকারীব যান, বস্ত্র, অলঙ্কার, শয্যা, আসন, খাছ, পেয এবং সমস্ত উপকবণই ইচ্ছানুসাবে গ্রহণ করে এবং প্রভূব আদেশ অমুসারে নির্দ্দিষ্ট দেয় বস্তুও দেয় না ॥३৯—৫০॥

এবং সেই ভূত্যেবা প্রভূষোগ্য সম্মান দ্বাবাও কোন প্রকাবেই প্রভূকে সম্মানিত কবে না ; সুতবাং এই জগতে অবজ্ঞাটা মবণ অপেক্রাও গহিত ॥৫১॥

<sup>(</sup>৪৭) --পণ্ডিতৈরপর্যজ্জিতা, কা, পণ্ডিতৈরপি বর্জ্জিতা, নি । বন-৩১ (৬)

অপ্যস্ত দারানিচ্ছন্তি পরিভূয় ক্ষমাবতঃ।
দারাশ্চাস্ত প্রবর্তুন্তে যথাকামমচেতসঃ ॥৫৩॥
তথা চ নিত্যমুদিতা যদি নাল্পমপীশ্বরাৎ।
দশুমর্হন্তি তুয়ন্তি তুয়াশ্চাপ্যপকুর্ববতে ॥৫৪॥
এতে চান্তে চ বহবো নিত্যং দোষাঃ ক্ষমাবতাম্।
অথ বৈরোচনে। দোষানিমান্ বিদ্যাক্ষমাবতাম্ ॥৫৫॥
অস্থানে যদি বা স্থানে সততং রজদা রতঃ।
ক্রুদ্ধো দশুান্ প্রণযতি বিবিধান্ স্বেন তেজদা ॥৫৬॥
মিত্রৈঃ সহ বিরোধঞ্চ প্রাপ্নাত্ত তেজদা রতঃ।
প্রাপ্নোতি দ্বেয়তাকৈব লোকাৎ স্বজনতস্তথা॥৫৭॥ (যুগ্মকম্)

## ভাবতকোমুদী

ক্ষমিণমিতি। কটুকানি বচনানি। প্রেক্সা: প্রেক্ষণীয়া দৃতাদয়: ॥৫২॥
অপীতি। কিঞ্চ প্রেক্সাদয়: পরিভূম অবজ্ঞায় অভ্য ক্ষমাবতো দারানপি ভোক্তুমিচ্ছন্তি।
অভ্য অচেতনো হাদ্যহীনা দারাশ্চ যথাকামং পরপুরুষের প্রবর্তন্তে ॥৫৩॥

তথেতি। তথা চ ঈশ্বরাৎ স্বামিন:, যদি অলমপি দণ্ডম্, নাইস্তি ন প্রাপ্ত্রুক্তি, তদা নিত্যমূদিতান্তে দারা:, বঙ্গালয়াদাবপি গতা হয়স্তি, তথা হুষ্টাশ্চাপি অপকুর্বতে ।৫৪॥

এত ইতি। বিদ্ধি জানীহি, অক্ষমাবতাং সর্বাদা তেজ্ঞপ্রকাশরতাম ॥৫৫॥

#### ভাবতভাবদীপঃ

প্রদিষ্টানি ইদমশ্যৈ দেয়মিত্যাজ্ঞাপিতানি ॥৫০॥ এনং ক্ষমিণম্, ভর্ভৃপূজাভি: স্বাম্যুচিত-মানেন ॥৫১—৫৩॥ নিত্যম্দিতা: নিত্যং হোলাকাত্যৎসবপরা: ॥৫৪—৫৫॥ তেজসা ক্রোধেন

তা'র পর, বংস! কর্মচারী, পুত্র, ভূত্য এবং নিবপেক্ষ লোকেরা সেই-ব্যপ সর্ব্যদা ক্ষমাশীল লোককে কটুবাক্যও বলিয়া থাকে ॥৫২॥

এমন কি, তাহাবা অবজ্ঞা কবিয়া সেই ক্ষমাশীল লোকের ভার্য্যাকেও লাভ কবিবার ইচ্ছা করে এবং তাহার হৃদয়হীন ভার্য্যাও ইচ্ছানুসাবে চলিতে থাকে ॥৫৩॥

ঈদৃশং বিষমদর্শনং নিম্মলমপীত্যাহ—আর্ব্যেতি। ধাতা ঈশবঃ, আর্য্যশান্তাতিগে জাতিবঞ্চনাদ্ধর্মশান্তাতিক্রমকারিনি, অতএব ধর্মাপচায়িনি ধর্মনাশকারিনি, ক্রুরে লুকে চ ধার্তরাষ্ট্রে দুর্য্যোধনে, শ্রিষং দন্তা কিং ফলম্, অগ্নুতে ভ্নক্তি; কিমপি নেত্যর্থ:, ততঃ স্বযোধনাৎ পূজাপ্রাপ্তভাবাদিতি ভাবঃ ৪৪১॥

### ভারতভাবদীপঃ

নৃশংস ইত্যর্থ: ১০৮। বিঞ্চ ঈশস্ত ত্রেষ্ পক্ষপাতঃ সাধ্যু চ ছেযো দৃষ্ঠতেহতঃ স নিন্দা এবেত্যাহ—আর্য্যানিত্যাদি জিভি:। চিস্তুযা ধনাদিধানেন ১০৯—৪০। ধর্মাভিশব্ধিনীতি পাঠে—ধর্মান্ত্রে, ফলং ফ্রাদিনা তৃথিঃ, কিম্প্লুতে অপি তৃ নৈবেত্যর্থ: ১৪১। কর্মেতি। কৃতং কর্ম যদি কর্জার্মের গচ্ছতি নম্বত্যং তর্হি কার্মিত্যাদীশ্বরোহপি

সচ্চবিত্ৰ ও লজাশীল সজনদিগকে হু:খিত দেখিয়া এবং অসজনদিগকে সুখী দেখিয়া আমি চিন্তায় যেন বিহৰল হুইতেছি ॥৩৯॥

পার্থ ! আপনাব এই বিপদ এবং ছর্য্যোখনেব সম্পদ দেখিয়া আমি বিধাতাকেই নিন্দা কবিতেছি। কাবণ, যিনি বিপবীতভাবে পর্য্যালোচনা কবিতেছেন ॥৪ ।॥

হায! ছর্য্যোধন ধর্ম্মশান্ত্র অতিক্রম কবিয়া ধর্ম নষ্ট করিয়াছে এবং সে ক্রেম্বভাব ও লুব্ধপ্রকৃতি; তথাপি বিধাতা তাহাকে সম্পত্তি দান কবিয়া কি ফল পাইতেছেন। ॥৪১॥ অথ কর্ম্ম কৃতং পাপং ন চেৎ কর্ত্তারমূচ্ছতি।
কারণং বলমেবেহ জনান্ শোচামি তুর্বলান্ ॥৪৩॥
ইতি শ্রীমহাভাবতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্বাণি
অর্জ্জুনাভিগমনে যুধিষ্ঠিবদ্রোপদীসংবাদে ষড়্বিংশোহধাায়ঃ॥•॥ \*

----<u>"</u>&:---

### ভাবতকোমুদী

অথাশাকং প্রাক্তনকর্ণবশাদেবেদং হংখং ন পুনরীশ্বশু বিষমদর্শনাদিত্যাহ—কর্মেতি।
কৃতং ধর্মাধর্মকরণং কর্ম চেৎ কর্তারমেব, অঘেতি অন্তগচ্চতি; অন্তং জনং ন ঋচ্চতি
গচ্চতি; কার্য্যকারণযোঃ সামানাধিকরণানিযমেন কার্যাশু হংখাদেঃ কর্ডবি দৃইতয়া তংকারণশু পাপাদেরপি কর্ত্তর্বাত্মানাদ্যুজিতশ্চতি ভাবঃ। তদা তেন কর্তৃক্তেনপাণেন
কর্মণা, নুনং নিশ্চিতম, ঈশ্বরোহপি লিপাত এব, তন্তাপি প্রযোজককর্ত্ত্বাদ্ত্যাশায়ঃ ॥৪২॥

পক্ষান্তরমাহ—অধেতি। অথ কৃতং পাপং কর্ম, চেং, কর্তারং ন ঋচ্ছতি ন গছতি, তদা ইহ তত্ত্ব তদগমনে বলমেব কারণম্, কার্যাকারণয়োঃ দামানাধিকরণানিযমন্তাত্তাপাবশু-ভাবাদ্যুক্তিদাম্যাচ্চেতি ভাবঃ। তথা চ দত্যং থলীশ্বঃ প্রযোজকঃ কর্তা, তথাপি প্রযোজ্যকর্ত্ত্বকং পাপং তত্ত্ব প্রবর্ত্তমানমপি ভদীয়ং নিরতিশয়্বম্মর্থ্যবল্মেব প্রতিবরাতীতি স্পষ্টার্থঃ। এবঞ্চ ত্র্বলানেব জনান্ শোচামি, পারিশেয়াৎ কেবলং তেষামেব হঃথদর্শনা-দিত্যাশয়ঃ। এতেন ত্র্যোধনাদয়ঃ প্রবল্তাদ্তঃখং নাপজন্তে, যুধিষ্টিরাদয়ভ্ত ত্র্বল্তাদেব ছঃথমন্থভবন্তি। ইথফ ফলসম্পাদনে বলসাপেক্ষভয়া ঈশ্বয়্ত নিরপেক্ষতাব্যাঘাতাৎ প্রবল্তমান্ত নিতরাং নিক্রৈবেতি স্টিতম্ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকোম্দীসমাথ্যায়াং বনপর্বাণি অর্জুনাভিগমনে বড্বিংশোহ্ধ্যায়ঃ ॥•॥
ভারতভাবদীপঃ

পাপেন লিপ্যতৈবেত্যর্থ: ॥৪২॥ অথেতি। কর্তারং কার্যিতার্মীশ্বর্ম, ঐশ্বর্যাদেব কর্ম ন স্পৃশতি তর্হি তৎপ্রযোজ্যা জীবা এব কর্মভির্হতান্তথা চ ঈশ্ববো বলাদ্দীনাম্বরকে পাত্য-তীত্যতান্তং নিন্দা এব দ ইতি ভাবঃ ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড্বিংশোহধ্যায়: ॥২৬॥

যদি প্রাক্তন কর্ম্ম কর্ত্তাবই অনুসবণ কবে, অন্তোর অনুসবণ করে না; তবে নিশ্চয়ই সেই পাপকর্ম্মে ঈশ্বরও লিগু হইতেছেন ॥৪২॥

তা'ব পব, যদি ইহা বলা যায় যে, প্রাক্তন কর্ম্ম কর্ত্তাব অনুসবণ কবে না, তবে বলিতে হইবে যে, তাহাব কাবণ একমাত্র বল। এমন হইলে, তুর্বল লোকদের জন্মই আমাব শোক হইতেছে" ॥৪৩॥

<sup>\* &#</sup>x27;... जिर्मार्थायः'—वा व का नि।

## সপ্তবিংশো>ধ্যায়ঃ।

### যুধিষ্ঠিব উবাচ।

বল্প চিত্রপদং শ্লক্ষং যাজ্ঞসেনি । ত্বযা বচঃ ।
উক্তং তচ শ্রুত্তমস্মাভির্নাস্তিক্যন্ত প্রভাষসে ॥>॥
নাহং ধর্মফলাম্বেমী রাজপুত্রি । চরাম্যুত ।
দদামি দেয়মিত্যেব যজে যফব্যমিত্যুত ॥২॥
অস্ত বাত্র ফলং মা বা কর্ত্তব্যং পুরুষেণ যথ ।
গৃহে নিবসতা ক্বফে ! যথাশক্তি কবোমি তথ ॥৩॥

## ভারতকৌমুদী

বল্ধিতি। হে যাজসেনি ! ত্বয়া বস্তু স্থাপরম্, চিত্রাণি অর্থানামাশ্চর্যাতালাশ্চর্যাণি পদানি যত্ত তচিত্রপদম্, শ্লন্থং প্রসাদগুণাধিতত্বাৎ কোমলঞ্চ বচ উক্তম্। তচ্চাম্মাতিঃ প্রতম্। কিন্তু নান্তিকাং নান্তিকাং প্রভাবসে, ধর্মং প্রত্যবিশাদাদিতি ভাবঃ ॥১॥

"ত্বাঞ্চের্যাননমভ্যাগাৎ" ইত্যাদিক্রেপিত্যক্তেক্তরমাহ—নেতি। দেযং দাতব্যন্, যন্তব্যং যাগঃ কর্তব্যং, "অহ্বহর্দভাৎ" "যাবজ্জীবমগ্নিহোত্তং জুভ্যাৎ" ইতি নিতাবিধিত ইতি ভাবঃ ॥২॥

উক্তমর্থমেব বিবৃগন্ধাহ—অন্থিতি। হে কৃষ্ণে! অত ধর্মান্মন্তানে ফলমন্ত বা, মা বা অন্ত , তথাপি গৃহে নিবদতা পুরুষেণ যৎ কর্ত্ব্যম, তদ্যধাশক্তি করোমি, ফলমনত্মনদধানঃ ॥৩॥

#### ভারতভাবদীপঃ

এবং ধর্মেশ্বরেরারাক্ষেপে প্রাপ্তে প্রত্যক্ষাক্ষানাগমৈন্তে। সমর্থবিত্মধ্যায় আরভ্যতে—বল্ধ-চিত্রেভি। বল্ধ শোভনম্, শ্লন্ধং স্কুক্মাবম্, নান্তিক্যং বেদবিশিষ্টম্॥১॥ যহকং "বাং চেঘ্য-সনিন"মিত্যাদিনা ধর্মস্থ নৈক্ষল্যে অদভিতৰ এব দৃষ্টান্ত ইভি তত্তাহ—নাহমিভি। কর্ম ধর্ম-কলার্থিনা ক্রতো ধর্মো যদি নিক্ষলং স্থাৎ তর্হি ভবেদয়মাক্ষেপং, ন বহং তথাচরামীত্যর্থং। নম্ম কলেচ্ছায়া অভাবে কিমর্থং ধর্মঃ কর্ত্বব্য ইত্যত আহ—দদামীত্যাদিনা। দেয়ম্ণমিত্যেব দদামি। "জামমানো বৈ ব্রাহ্মণিন্তিগ্রপণি বা জায়তে বহ্মচর্য্যেণ ঋবিভ্যো যজেন দেবেজ্যঃ প্রজন্মা পিত্ভাং" ইভি শ্রুতেঃ, ঋণবা ঋণবান্॥২॥ যথাশক্তি যৎকর্তব্যং তৎ করোমীত্যন্ত্রয়ঃ

যুধিষ্ঠিব বলিলেন—"ন্তোপদি! তুমি—সুন্দর, আশ্চর্য্য ও কোমল বাক্য-গুলি বলিষাছ; তাহা আমি শুনিয়াছি; কিন্তু তুমি নাস্তিকেব মত বলিয়াছ॥১॥ বাজনন্দিনি! আমি ধর্মেব ফল খুঁজিয়া বেড়াইতেছি না; দান করিতে হয, তাই দান কবিতেছি এবং যজ্ঞ কবিতে হয়, তাই যজ্ঞ করিতেছি॥২॥

<sup>(</sup>১) বর্ণচিত্রং পদশ্রক্ষম্ । পি। (২) নাহং কর্মফলাম্বেমী । । দানি । বি। (৩) । গৃহে বা বসভা । বা ব কা পি।

ধর্দ্মং চবামি স্থাঞ্জোণি। ন ধর্দ্মফলকারণাৎ।
আগমাননতিক্রম্য সতাং বৃত্তমবেক্ষ্য চ ॥৪॥
ধর্ম্ম এব মনঃ কৃষ্ণে। সভাবাচৈচব মে ধৃতম্।
ধর্ম্মবাণিজ্যকো হীনো জঘন্যো ধর্ম্মবাদিনাম্॥৫॥
ন ধর্ম্মফলমাগোতি যো ধর্ম্মং দোগ্ধ্মমিচ্ছতি।
যিশ্চনং শঙ্কতে কৃত্বা নাস্তিক্যাৎ পাপচেতনঃ॥৬॥

### ভাৰতকোমুদী

দার্ত্যার্থং পুনবপ্যাহ— ধর্মমিতি। আগমান্ ধর্মবিধিবাক্যানি, বৃত্তং চরিত্রম্ ॥৪॥
ধর্মফলাক্তমন্ধানে দোষমাহ- ধর্ম ইতি। ধর্মেণ বাণিজ্যং মশ্র স ধর্মবাণিজ্যকঃ ধর্মবিনিময়েন ফলপ্রহীভা, হীনো নিকৃষ্টা, মোফাস্প্যোগিত্বাৎ নিক্ষামধর্মজ্যৈব মোফাধায়কত্বাদিত্যাশয়ঃ। ধর্মবাদিনাং মতে স জঘন্তো নিন্দিভশ্চ, উক্তাদেব হেতোঃ ॥৫॥

দোষান্তরমাহ — নেভি। যো ধর্মং দোগ্ধ মিচ্ছতি তৎফলমিতি শেষঃ ধর্মাৎ ফলং লক ন মিচ্ছতীত্যর্থ:, নান্তিক্যাৎ পাপচেতনো যশ্চ এনং ধর্মং কৃতা শহ্বতে ফলং দত্তে নবেতি সংশেতে, তত্ত্ত্বমপি ধর্মফলং মোক্ষং নাপ্নোতি, সকামতাদিত্যভিপ্রায়: ॥৬॥

#### ভাবতভাবদীপঃ

॥৩॥ ধর্মমিতি। বেদবাক্যাৎ শিষ্টাচারাচ্চ নিকামমেব ধর্মং চরামি। "অগ্নিহোত্তং জুক্যাৎ অর্বকাম" ইতি অর্গাদিফলশ্রুতিন্ত ধর্মে প্ররোচনার্থেতি ভাব: ॥৪॥ অভাবাৎ "শৌর্যং তেজো ধৃতির্দাক্ষাং মৃদ্ধে চাপ্যপলাযনম্। দানমীশ্বরভাবশ্চ কাজ্রং কর্ম অভাবজম্ ॥" ইতি গীতা-বচনোক্তধর্মচবণশীল এব ক্ষত্তিয়ো নাক্ত ইতি নিয়মামে ময়া ধর্মে মনো ধৃতং যতো ধর্ম-বাণিজ্যকো ধর্ম্মাৎ অর্গাদিফলমিচ্ছন্ হীনো মৃখ্যফলাৎ চ্যুতোইতএব জন্মতা নীচঃ ॥।। ধর্মফলম্—"তমেতং বেদান্থবচনেন বান্ধণা বিবিদিয়ত্তি যজ্ঞেন দানেন তপসানাশকেন" ইতি শ্রতের্বিস্থা বিবিদিয়া বা ধর্মফলং মৃথ্যং তক্সাপ্যোতি যদৈচনং ধর্মং শহুতে বিশ্বাসং ন

কৃষ্ণে! ধর্ম অনুষ্ঠানে ফল হউক বা নাই হউক; গৃহস্থ লোকেব যাহা কর্ত্তব্য, আমি শক্তি অনুসাবে তাহাই কবিয়া যাইতেছি ॥৩॥

জৌপদি। ধর্ম্মণাস্ত্র লজ্জ্বন না কবিয়া এবং সজ্জ্বনের চবিত্র পর্য্যবেক্ষণ কবিয়া আমি ধর্মেব অনুষ্ঠান কবিতেছি; কিন্তু ধর্মেব ফল লাভ কবিবাব জন্ম নহে ॥৪॥

' কৃষ্ণে! আমি স্বভাবতই ধর্মেব দিকে মন বাখিয়াছি। কারণ, যাহাবা ধর্মেব বাণিজ্য কবে, তাহাবা ধর্মবাদীদিগেব মতে নিকৃষ্ট ও নিন্দিত ॥৫॥

যে ব্যক্তি ধর্ম্ম হইতে ফল দোহন কবিতে ইচ্ছা কবে এবং যে পাপাত্মা নাস্তিকতাবশতঃ ধর্ম কবিষা ফলেব আশঙ্কা কবে, তাহাবা উভয়েই ধর্মের প্রকৃত ফল পায় না ॥৬॥ অতিবাদাদদায্যেষ মা ধর্মমভিশঙ্কিথাঃ।
ধর্মাভিশঙ্কী পুরুষস্তির্য্যগ্ গতিপবায়ণঃ॥৭॥
ধর্মো ষস্থাভিশঙ্ক্যঃ স্থাদার্ষং বা তুর্ববলাত্মনঃ।
বেদাচছূদ্র ইবাপেয়াৎ স লোকাদজরামরাৎ॥৮॥
বেদাধ্যায়ী ধর্মপবঃ কুলে জাতো মনস্থিনি।।
স্থবিবেষু প্রযোক্তব্যো বাজভির্ধর্মচারিভিঃ॥৯॥
পাপীয়ান্ স হি শৃদ্রেভ্যস্তন্ধবেভ্যো বিশিষ্যতে।
শান্ত্রাতিগো মন্দবুদ্ধির্যো ধর্মমভিশঙ্কতে॥১০॥

### ভারতকৌমুদী

বক্তব্যমাহ—অতীতি। অতিবাদাৎ ধর্মেশ্ববযোরাক্ষেপার ত্ববা অধিককথনাৎ ॥१॥
ধর্ম ইতি। যশু চুর্বলাত্মনস্তত্ত্বনির্ণযাসমর্থচিত্ত জনশু, ধর্মঃ, অভিশঙ্কঃ ফলজননে
সন্দেহঃ স্থাৎ, আর্থং ধর্মবিষয়কম্ ঋষিবাক্যং বা অভিশঙ্কাং স্থাৎ, স জনঃ, বেদাৎ শৃদ্র ইব,
অজবামরাৎ লোকাৎ জরামরণরহিতাৎ ব্রন্ধনোকাৎ, অপেরাৎ লগ্রেৎ ॥৮॥

বেদেতি। জাতো বালক:। স্থবিরেষ্ প্ররোক্তব্যস্তত্পদেশেন ধর্মনির্ণযায় স্থাপ্য: ॥১॥
ভাবতভাবদীপঃ

কুলতে লোহপি ধর্মফলং নাপ্নোতি। পাপচেতন: পাপবৃদ্ধি: ॥॥ অতিবাদাৎ মানান্তরমতিক্রান্তো বাদো বচনং তন্মান্তেদৈকপ্রামাণ্যাৎ ॥ ।। আর্থম্ অ্বযো মন্ত্রান্তল্টোরো মন্ত্রাদ্যো
বা ধর্মমূলভূতং মন্ত্রজাতং বা মন্ত্রাদিবাক্যং বেত্যর্থ:। অর্থে বেতি পাঠে ফলে বিষয়ে
ইত্যর্থ:। দুর্বলান্থানো বিবেকাক্ষমচিত্রস্ত, অপেয়াৎ অপগচ্ছেৎ, লোকাদান্থালোকাৎ। অর্লোকাদিতি পাঠেহপ্যানন্দর্গদান্থালোকাদিত্যর্থ:। অনাত্মলোকেষ্ অজ্বামরত্যোরসম্ভবাৎ
অজ্বামরাৎ মোক্ষরপাৎ ॥৮॥ বালোহপি স্থবিরেষ্ যোক্তব্যো নিয়োক্তব্যো গণনীয়:॥৯—১০॥

তুমি বড বেশী বলিয়া ফেলিয়াছ বলিয়া এই আমি বলিতেছি যে, তুমি ধর্মেব প্রতি সন্দেহ কবিও না। কাবণ, ধর্মসন্দেহী লোক তির্যাগ্গতি প্রাপ্ত হয় ॥৭॥

মন ধর্ম্মেব তত্ত্বনির্ণয় করিতে অসমর্থ হওয়ায যে ব্যক্তি ধর্মেব প্রতি কিংবা শ্বিবাক্যেব প্রতি সন্দেহ কবে, সে ব্যক্তি—বেদ হইতে শুজেব স্থায় ব্রহ্মলোক হইতে বিচ্যুত থাকে ॥৮॥

মনস্থিনি। ধর্মচাবী রাজাবা, বেদাধ্যায়ী ও ধর্মপ্রবায়ণ সংকুলজাত বালককে ধর্মনির্ণযের জন্ম বৃদ্ধবর্গের নিকটে স্থাপন কবিবেন ॥৯॥

যে মন্দবৃদ্ধি শাস্ত্র লজ্ফন কবিয়া ধর্ম্মেব প্রতি সন্দেহ কবে, সে লোক তস্কব শূদ্র হইতেও অধিক পাপিষ্ঠ বলিয়া গণ্য হয়॥১০॥

<sup>(</sup>२) --- স্থবিরেষ্ স যোজব্যো রাজর্ষির্ধর্মচারিভি:---বা কা। বন-৩৫ (৬)

প্রত্যক্ষং হি দ্বয়া দৃষ্ট ঋবির্গচ্ছন্ মহাতপাঃ ।

মার্কণ্ডেয়োহপ্রমেযাত্মা ধর্মেণ চিরজীবিতা ॥>>॥

ব্যাদো বলিষ্ঠো মৈত্রেযো নাবদো লোমশঃ শুকঃ ।

অন্যে চ ঝয়য়ঃ সর্বের ধর্ম্মেণের স্তুচেতদঃ ॥>২॥

প্রত্যক্ষং পশ্যসি হেতান্ দিব্যযোগসমন্বিতান্ ।

শাপানুগ্রহণে শক্তান্ দেবেভ্যোহপি গবীয়দঃ ॥>৩॥

এতে হি ধর্মমেবাদে বর্ণযন্তি সদানঘে । ।

কর্ত্বসমনপ্রখ্যাঃ প্রত্যক্ষাগমবৃদ্ধয়ঃ ॥>৪॥

অতো নার্হসি কল্যাণি । ধাতাবং ধর্মমেব চ ।

বাজ্ঞি । মৃটেন মনসা ক্রেপ্তঃ শক্তিভুমেব চ ॥>৫॥

### ভাৰতকোমূদী

পাপীয়ানিতি। পাপীয়ান্ বিশিশ্বতে অধিকঃ পাপীয়ান্ গণ্যতে ॥১০॥
ধর্মনাকল্যে জ্যেষ্ঠং শ্রেষ্ঠঞ্চ প্রমাণমূদাহরতি—প্রভাক্ষমিতি। চিরজীবিতা জক্ত ॥১১॥
ব্যাস ইতি। স্থচেতসো মৈত্র্যাদিভাবনাশজিলাভেন বিশুদ্ধচিত্তা জাতাঃ ॥১২॥
প্রভাক্ষমিতি। শাপেন যুক্তমন্থ্রহণং তন্মিন্, মধ্যপদলোপী সমাসঃ ॥১৩॥
এত ইতি। আদে কর্ত্তব্যমিতি সম্বন্ধঃ। প্রভাক্ষমেব আগমবৃদ্ধির্বেষাং তে, প্রাক্ষতানাং
শাস্ত্রপর্যালোচনয়া যবিষয়া বৃদ্ধির্জায়তে, তে চ বিষয়াস্তেষাং প্রভাক্ষা এবেতার্থঃ ॥১৪॥
অত ইতি। ধাতারমীশ্রম্, ক্ষেপ্ত্রুং নিন্দিভূম্, ধর্মঞ্চ শহিতৃং সাফল্যে সন্দেশ্ধুম্ ॥১৫॥

### ভাবতভাবদীপ:

এবং ধর্মশু বেদৈকগমাত্বাদনতিশঙ্কাত্বং বেদশু চ শ্রেষ্ঠপ্রমাণত্বমূক্ত্বা প্রত্যক্ষত্বাদিপি ধর্মফল-শ্রানতিশঙ্কাত্বমাহ—প্রত্যক্ষং হীত্যাদিনা। চিরজীবিতা চিরজীবী ॥১১—১৩॥ ধর্মং কর্ত্তব্যম্, বর্ণবন্ধি প্রত্যক্ষাগমবৃদ্ধবঃ অম্মাকং বেদৈকগম্যমপার্থং প্রভ্যক্ষেণ পশ্রস্ত ইত্যর্থ: ॥১॥॥

জৌপদি! মহর্ষি, মহাতপা ও মহাত্মা মার্কণ্ডেয়কে যাইবার সময়ে তুমি প্রত্যক্ষ দেখিয়াছ; তিনি ধর্ম্মবলেই চিবজীবী হইয়াছেন ॥১১॥

ব্যাস, বশিষ্ঠ, মৈত্রেয়, নাবদ, লোমশ, শুক এবং অন্তান্ত ঋষিবা সকলেও ধর্ম অন্তর্গান করিয়াই বিশুদ্ধ চিত্ত হইয়াছেন ॥১২॥

ইহারা অলৌকিক-যোগশক্তি-সম্পন্ন, শাপ দিতে ও অনুগ্রহ করিতে স্মূর্থ এবং দেবগণ অপেক্ষাও শ্রেষ্ঠ ; ইহা তুমি প্রত্যক্ষ দেখিতেছ ॥১৩॥

জৌপদি! প্রাকৃত লোকেরা শাস্ত্র পর্য্যালোচনা করিয়া যে ধর্ম্ম বোঝে, ইহারা তাহা প্রত্যক্ষ করেন; স্কুতরাং দেবতুল্য এই মহর্ষিরা সর্ব্বদাই ধর্মকেই প্রথম কর্ত্তব্য বলিয়া প্রকাশ করেন ॥১৪॥

<sup>(</sup>১১)…ধর্মেণ চিবজীবিভাম্—পি।

উন্মত্তান্ মন্থতে বালঃ সর্ববানাগতনিশ্চয়ান্।
ধর্মাভিশঙ্কী নান্তস্মাৎ প্রমাণমধিগচ্ছতি ॥১৬॥
আজ্প্রমাণ উন্নদ্ধঃ শ্রেষসোহপ্যবমন্থকঃ।
ইন্দ্রিয়প্রতিসংবদ্ধং যদিদং লোকসান্ধিকম্।
এতাবন্মন্থতে বালো মোহমন্থত্ত গচ্ছতি ॥১৭॥
প্রায়শ্চিত্তং ন তস্থাস্তি যো ধর্মমভিশঙ্কতে।
ধ্যায়ন্ স রূপণঃ পাপো ন লোকান্ প্রতিপত্ততে ॥১৮॥
প্রমাণাদ্বিনিরত্তো হি বেদশাস্ত্রার্থনিন্দকঃ।
কামলোভাতিগো মূঢ়ো নবকং প্রতিপত্ততে ॥১৯॥

### ভাবতকৌমুদী

উল্লন্তানিতি। ধর্মাতিশন্ধী বালো মূর্য:, সর্কান্, আগতনিশ্চধান্ গুরুপদেশাদিনা জ্ঞাতধর্ম-তত্তান্ পণ্ডিতান্, উল্লন্তান্ মন্ততে, অক্সমাজ্জনাচ্চ উপদেশাদিরপং প্রমাণং নাধিগচ্ছতি ।১৬।

আত্মেতি। কিঞ্চ আত্মা স্ববৃদ্ধিরেব প্রমাণং যন্ত্র সং, উন্নদ্ধ উদ্ধৃতস্বভাবং, শ্রেষদঃ শ্রেষ্টাপি জনন্ত, অবমন্তকং অবজ্ঞাতা। বুণি যন্বিকরণ আর্যং। বালো মূর্থং, ইন্দ্রিয়-প্রতিসংবদ্ধন, লোকসাক্ষিকং লোকপ্রতাক্ষন, যদিদং ঘটাদিকং বর্ত্ততে, এতাবন্ধাত্রমেব অন্তিত্বেন মন্ততে; অন্তত্ত্র অন্তমেয়ে ধর্মাদে, মোহং মোহেন নাস্তিত্বং গচ্ছতি অবধারম্বতি। ষট্পাদেহিমং শ্লোকঃ ॥১৭॥

প্রায ইতি। ধ্যামন্ ঐহিকস্থথোপায়মাত্রং চিন্তয়ন্, ক্লপণঃ ক্ষ্ম্মং, লোকান্ স্বর্গান্ ॥১৮॥
ভারতভাবদীপঃ

কেপো নিন্দা, শহ্বা ফলে সংশয়: ॥১৫॥ এতচ মৃত্কার্যমিত্যাহ—উন্মন্তানিত্যাদিনা। আগতনিশ্চমান্ প্রাপ্তত্ত্বনিশ্চিয়ান্॥১৬॥ উন্নদ্ধো দৃপ্তঃ, শ্রেষসো ধর্মস্ত, অন্তত্তাতীব্রিযে

অতএব কল্যাণি। মহিষি। তুমি মুগ্ধ চিন্ত দ্বাবা ঈশ্ববেব নিন্দাও কবিতে পাব না, ধর্ম্মেব প্রতি সন্দেহও কবিতে পাব না ॥১৫॥

ধর্ম্মনন্দেহী মূর্থ লোক ধর্মাতত্বজ্ঞ সমস্ত লোককেই উন্মন্ত বলিয়া মনে কবে এবং অন্ত লোকেব নিকট হইতে কোন প্রমাণই গ্রহণ কবে না ॥১৬॥

কেবল নিজের বৃদ্ধিটাকেই যে প্রমাণ বলিয়া মনে কবে, সেই উদ্ধৃত স্বভাব এক শ্রেষ্ঠ লোকেবও অবজ্ঞাকাবী মূর্থ লোক, ইন্দ্রিযসংস্ট লোকপ্রত্যক্ষ এই যাহা কিছু দৃষ্টিগোচৰ হয়, তাহাই আছে বলিয়া মনে কবে; কিন্তু অপ্রত্যক্ষ বিষয়ে মোহিত হয় ॥১৭॥

যে লোক ধর্ম্মেব প্রতি সন্দেহ কবে, তাহাব কোন প্রায়শ্চিত্ত নাই এবং সেই ক্ষুত্র পাপাত্মা ঐহিক সুখোপায়েব চিন্তা কবিতে থাকিয়া স্বর্গলাভ কবে না ॥১৮॥

<sup>(</sup>১৭) আত্মপ্রমাণভত্তজ: --- পি, ইন্দ্রিয়প্রীতিসংবদ্ধম্ --বা ব কা।

যস্ত নিত্যং কৃতমতির্ধর্মমেবাভিপততে।
অশস্কমানঃ কল্যানি। সোহমুত্রানন্ত্যমন্ধুতে ॥২০॥
আর্ষং প্রমাণমুংক্রম্য ধর্মাং ন প্রতিপালয়ন্।
সর্ববশাস্ত্রাতিগো মূচঃ শং জন্মস্থ ন বিন্দতি ॥২১॥
যস্ত নার্ষং প্রমাণং স্থাচ্ছিফীচাবশ্চ ভাবিনি।।
নৈব তস্ত পবো লোকো নায়মস্তীতি নিশ্চয়ঃ ॥২২॥
শিষ্টেরাচরিতং ধর্মাং কৃষ্ণে। মাস্মাভিশঙ্কিথাঃ।
পুবাণমুষিভিঃ প্রোক্তং সর্ববিজ্ঞঃ সর্ববদর্শিভিঃ ॥২০॥
ধর্মা এব প্লবো নান্যঃ স্বর্গং দ্রোপদি। গচ্ছতাম্।
সৈব নোঃ সাগবস্তেব বণিজঃ পাবমিচ্ছতঃ ॥২৪॥

### ভাবতকৌসুদী

প্রমাণাদিতি। প্রমাণাদ্গুক্বাক্যাদে:। কামলোভো অতিশয়নে গচ্ছতি ভ্নক্টীত সং ।১৯॥

য ইতি। কতা মতির্ধর্মদলতানিশ্যো যেন সং। অমৃত্র পরলোকে, আনস্তাং অর্গম্ ॥২০॥

আর্থমিতি। আর্থং প্রমাণম্ ঋষিপ্রণীতং শাস্ত্রম্ । শং মঙ্গলম্, জন্মস্থ বছষপি ॥২১॥

যাস্ত্রেতি। আর্থম্ ঋষিবাক্যং ধর্মশাস্তম্। অয়ং লোকং ॥২২॥

শিষ্টৈরিতি। পুরাণং বৃদ্ধপরস্পরাগতম্। সর্ববিজ্ঞরিত্যাদিনা অকল্পিত্তমুক্তম্ ॥২৩॥

### ভাবতভাবদীপঃ

ধর্মাতর্থে ॥১৭॥ ধ্যায়ন্ অর্থাংশিওস্তয়রপি, লোকান্ ধর্মপ্রাপ্যান্ ॥১৮॥ কামলোভাবত্যতাস্তং গচ্ছতি প্রাপ্নোতীতি কামলোভাতিগঃ ॥ ৯॥ আনস্তাং ব্লভাব্যু ॥২০॥ শং কল্যাণম্

যে মূর্থ কোন প্রমাণকে গ্রাহ্য কবে না, বেদ ও অক্সান্ত শান্ত্রের নিন্দা কবে এবং অধিক পবিমাণে কাম ও লোভেব সেবা কবে, সে নরকগামী হয়॥১৯॥

আব, যে লোক ধর্ম্মেব সফলতা জানিয়া, কোন আশঙ্কা না কবিয়া, সর্ব্বদা ধর্ম্মেবই সেবা করে, সে লোক মবণের পরে অনন্ত স্বর্গ লাভ কবে ॥২০॥

আবাব যে মূর্থ ঋষিবাক্য লঙ্ঘন কবিয়া এবং সমস্ত শাস্ত্র অতিক্রম কবিয়া ধর্ম্ম পালন না কবে, সে বহু জন্মেও মঙ্গললাভ কবে না ॥২১॥

জৌপদি। যাহাব নিকট ঋষিবাক্য ও শিষ্টাচাব প্রমাণ না হয়, তাহাব ইহলোকও নাই, পরলোকও নাই, ইহা নিশ্চয় ॥২২॥

কুষ্ণে! সর্ব্বজ্ঞ ও সর্ব্বদর্শী ঋষিবা যাহা বলিয়াছেন, শিষ্টেরা যাহা আচবণ কবিয়া আসিতেছেন এবং যাহা প্রাচীন কাল হইতে চলিয়া আসিতেছে, সেই ধর্মের প্রাদ্ভি তুমি সন্দেহ কবিও না ॥২৩॥ অফলো যদি ধর্মঃ স্থাচ্চরিতো ধর্মচারিভিঃ।
অপ্রাতঠে তমস্থেতজ্জগন্মজ্জেদনিদিতে! ॥২৫॥
নির্ববাণং নাধিগচ্ছেয়ুর্জীবেয়ুঃ পশুজীবিকাম্।
বিভায়া নৈব যুজ্যেযুর্ন চার্থং কেচিদার্থায়ুঃ ॥২৬॥
তপশ্চ ব্রহ্মচর্য্যঞ্চ যজ্ঞঃ স্বাধ্যায় এব চ।
দানমার্জ্জবমেতানি যদি স্থ্যব্যক্লানি বৈ ॥২৭॥

## ভারতকোমুদী

ধর্ম ইতি। প্লব উড়ুপম্। সা প্রসিদ্ধা। ইচ্ছতো গন্ধমিতি শেব: ।২৪॥
অফল ইতি। অপ্রতিষ্ঠে অসীমে, তমসি অন্ধকারে। ধর্মফলমেবালোক: ॥২৫॥
নির্বাণমিতি। সর্বত্ত ধর্মফলাভাবে ইত্যুদ্ধেম্। পশুজীবিকামাণ্রিত্যেতি শেব:, "ধর্মেণ্
হীনা: পশুভি: সমানা:" ইত্যুক্তেরিতি ভাব:। বিভযা জ্ঞানেন, অর্থং ধন্ম্ ॥২৬॥

তপ ইতি। স্বাধ্যাযো বেদপাঠ:। আৰ্জিবং সরলতা। পরে অক্তে, পরে উৎকৃষ্টা:, ভাৰতভাবদীপঃ

তেই উদ্ধাতিং কণ্চিদি নাপু যাৎ। জাষদ ব্রিমানতি প্রকাশনীনামিদি প্রকাশরাহাণ তিই উদ্ধাতিং কণ্চিদি নাপু যাৎ। জাষদ ব্রিমানতি মানাদীনামিদি প্রকাশরাহাণ প্ন: প্রভ্জাতীয়দেহকৈ প্রাথিশতেরদ্বতমাপ্রাথিবের সর্বেষাং স্থাৎ ততন্দ শালানর্থকান্। যদি তু ধর্মোইস্তি তহি তেষামিদি বিশিষ্টদেশনিবাদাদিজনিত প্রাণাস্তাপরিহার্য্যাদ্র্র্ধাতিঃ সম্ভবতি ॥২৫॥ নমু যথা তৃণাৎ ক্ষীবং ক্ষীরাদ্ধীতিবৎ পরিণাসক্রমাদেব তত্ত্বিশিষ্টদেহলাভাদ্র্র্ধাভির্তবিশ্বতি। কিং ধর্মেণেত্যাশস্ক্রাহ—নির্ব্বাণমিতি। দুর্গ্গোহিদি গবোপভূক্তাৎ ক্ষীরমূল্যাদিনা চ পরিণামদ্ষ্টের্নেতদ্যুক্তম্। তথাচ মোক্ষাসিদ্ধিঃ, তস্তাঞ্চ স্বত্যাং বোধশ্বাং পশুদ্ধীবিকাং জীবেষ্রদ্বং তমঃ প্রবিশেষ্বেবেত্যর্থঃ। ততন্ত তে পশুত্রায় বিজ্ঞা নৈব যুজ্যেরন্, সম্ভ তর্হি স্বভাবেনির সর্ব্বেহিদি প্রাণিনঃ কিং বিজ্ঞা কিংবা মোক্ষেণেত্যাশস্ক্রাহ—ন চার্থং কেচিদাল যুর্বিতি। অযং ভাবঃ—ঘটশরাবোদনঞ্চাদিকার্য্যাক্রমাণ ক্ষ্ম, তথা ঐহিক্যত্রাভাবেহিদি নুর্ পশাদির্ জ্ঞানৈশর্ব্যাত্রম্যাং স্ক্রমানং জ্লান্তবীয়ক্রিয়ান্ত্র্মাণকম্, তদভাবে জগবৈচিত্র্যান্ত্রক্ষিকনিধিলাভাদেন্ট্যান্তর্বঃ স্থাদিতি ॥২৬॥ অনাদিপরম্পরাগতঃ শিষ্টাচাবোহিদি ধর্মান্তিত্বে প্রমাণমিত্যাহ—

দ্রৌপদি! সমুদ্রপাবে গমনাভিলাধী বণিকেব পক্ষে যেমন সেই নৌকা, সেইবূপ স্বর্গগামীর পক্ষে ধর্মই ভেলা, অক্স কিছু নহে ॥২৪॥

অনিন্দিতে ! ধার্দ্মিকদিগেব আচবিত ধর্ম যদি নিক্ষল হইত, তবে এই জগংটাই অসীম অন্ধকাবে মগ্ন হইয়া যাইত ॥২৫॥

এবং ধার্ম্মিকেবা নির্বাণমুক্তি পাইতেন না, পশুব মত জীবন ধাবণ কবিতেন, জ্ঞানী হইতেন না এবং ধনও পাইতেন না ॥২৬॥

তপস্থা, বন্ধচর্য্য, যজ্ঞ, বেদপাঠ, দান ও সবলতা—এইগুলি যদি নিফল

নাচবিশ্যন্ পরে ধর্মং পবে পবতবে চ যে।
বিপ্রলন্তোহ্যমত্যন্তং যদি স্থাবফলাঃ ক্রিয়াঃ ॥২৮॥ (যুগ্যকম্)
খাষ্যলৈচ্ব দেবাশ্চ গন্ধর্ববাস্তরবাক্ষদাঃ।
ঈশ্বাঃ কস্ম হেতোস্তে চবেরুর্ধর্মমাদৃতাঃ ॥২৯॥
ফলদন্তিহ বিজ্ঞায় থাতাবং শ্রেয়দি প্রবম্।
ধর্মং তে ব্যচবন্ ক্ষণ্ডে! তদ্ধি শর্মা দনাতনম্ ॥৩০॥
দ নায়মফলো ধর্মো নাধর্মোহফলবানপি।
দৃশ্যন্তেহপি ছি বিদ্যানাং কলানি তপদাং তথা ॥৩১॥
ছমাত্মনো বিজানীষে জন্ম ক্ষেও। যথা প্রেতম্।
বেশ্ব চাপি যথা জাতো ধ্রুইন্থানঃ প্রতাপবান্।
এতাবদেব পর্য্যপ্রেম্পুশ্বানং গুচিন্মিতে। ॥৩২॥

### ভাৰতকোমুদী

পরতরে উৎকৃষ্টতবা:। কিঞ্চ যদি ক্রিয়া যাগাদয়:, অফলা: স্থা:, তদা অন্ত: "ম্বর্গকামো যজেত" ইত্যাদিবিধি:, অত্যন্ত: বিপ্রলম্ভ: প্রতারণা ভাৎ লোকে কষ্টমাত্রার্পণাৎ শঠ-বাক্যবং ॥২৭ –২৮॥

খনম ইন্ডি। ঈশরা: প্রভাববস্ত:। কশু হেতো:, ধর্মশু কলসন্দেহে ইত্যর্থ: ॥২১॥
ফলদমিতি। হে রুফে! তে গ্রন্থাদেয:, ইহ ধাতারম্ ঈশরম্, গ্রুবং ফলদং বিজ্ঞায়, শ্রেমসি
মঙ্গলনিমিতে, ধর্মং বাচরন্। তৎ তদ্ধমিজনিতম্, শর্ম স্থাম্, সনাতনমণি জাতম্॥৩০॥

অতএবাহ—স ইতি। অধর্মঃ পাণমণি, অফলবান্ন। দৃহ্যন্তে প্রত্যক্ষীক্রিয়ন্তে ॥৩১। ভাবতভাবদীপঃ

ভপশ্চেত্যাদিনা ॥২'॥ বিপ্রবস্তো বঞ্চনম্, অযং যজ্ঞাদিধর্মঃ ॥২৮—২৯॥ শ্রেম্ন শ্রেমানিমিব্রং ধর্মং বাচরন্, তদ্ধি ধর্মো হি শ্রেমঃ শ্রেমঃনাধনং সনাতনমনাতনস্তম্ ॥৩০—৩১॥ হইত, তবে অহ্য বাঁহাবা উত্তম ও অত্যুত্তম লোক আছেন, তাঁহাবা ধর্মাচবণ কবিতেন না এবং ধর্ম্মকার্যাগুলি যদি নিক্ষল হইত, তবে তাহার বিধিবাক্য-গুলিও অত্যুক্ত প্রতাবণাস্থরূপ হইত ॥২৭—২৮॥

তা'ব পব, ধর্ম্মেব যদি ফল না হইত, তবে প্রভাবশালী ঋষি, দেবতা, গন্ধর্ব্ব, অস্থ্ব এবং বাক্ষসেবা আদবপূর্ববক কেন ধর্মাচবণ কবিবেন १॥২৯॥

কিন্তু তাঁহাবা ঈশ্বরকে নিশ্চয় ফলদাতা জানিয়া মঙ্গলেব জন্ম ধর্মাচবণ কবিয়াছেন ; তাহাতে তাঁহাদেব চিবস্থায়ী সুখও হইয়াছে ॥৩০॥

অত এব সে ধর্মেবও ফল আছে, অধর্মেরও ফল আছে এবং জ্ঞান ও তপস্থার ফল প্রত্যক্ষণ্ড দেখা যায় ॥৩১॥

<sup>(</sup>৩০) --তদ্ধি শ্রেয়: সনাতনম্ --কা। (৩২) স্বমান্মনো বিজানীহি --বা ব কা।

কর্ম্মণাং ফলমাপ্নোতি ধীরোংল্লেনাপি তুয়তি। বহুনাপি হুবিদ্বাংসো নৈব তুয়স্ত্যবুদ্ধয়ঃ ॥৩৩॥ তেষাং ন ধর্মজং কিঞ্চিৎ প্রেত্য শর্মাস্তি বা পুনঃ। কর্ম্মণাং শ্রুতপুণ্যানাং পাপানাঞ্চ ফলোদয়ঃ॥৩৪॥

### ভাবতকৌসুদী

অথ কুত্র দৃখন্ত ইত্যাহ—স্থমিতি। প্রত্যক্ষদর্শিনাং ক্রপদবাজাদীনাং মৃথাদ্যধা শ্রুত্যমুক্ত তথা বিজানীবে। পরত্রাপ্যেবমর্থং। হে শুচিন্মিতে। এতাবদেব আত্মনো ধুইত্যমুক্ত চ জন্মৈব, পর্য্যাপ্তং যথেইম, উপমানং ধর্মস্থ সফলতাযাং দৃষ্টাস্তঃ। তথা চ ধর্মো যদি ফল-জনকো ন স্থান্তহি যাজোপযাজধর্মজিয়্রযা তব ধুইত্যমুক্ত চ অগ্নিতো জন্ম ন স্থাৎ। তত্র চ পিত্রাদিপ্রত্যক্ষমিপ স্থপ্রত্যক্ষমিবাব্যাহ্ভমিতি ভাবং। কিঞ্চ হংশাসনকর্তৃক্বদনাকর্ষণ-কালে বসনরাশীভাবং স্বয়্থমেব প্রত্যক্ষীকৃত ইত্যাপি বক্তব্যম্।

হস্ত। তদানীং তত্ত্তদাহরতা যুধিষ্টিরেণ ধর্মত সফলতাং প্রতি দ্রোপছা বিখাসঃ সম্পাদিত এব ; অস্মাকং পুনরিদানীং প্রত্যক্ষং ধর্মফলং তথা দর্শরিত্মশক্ত্র্বতাং লোক-বিখাসসম্পাদনে কা গতিঃ। বটুপাদোহয়ং শ্লোকঃ ॥৩২॥

যথা কথঞ্চিত্ৰ, ধর্মফলং দর্ক এব প্রাপ্ন, বস্তীত্যাহ—কর্মণামিতি। ধীর: শাস্ত্মক্র্যাদিকং জানন, অল্পেনাপি ধর্মফলেন। অবিদ্বাংস: শাস্ত্রযুক্ত্যাদিকমজানন্ত: ॥৩৩॥

তেষামিতি। তেষামবিত্যাম্। ফলোদযো ন স্থাদিতি সম্বন্ধ, অবিশাসাদিতি ভাব: ॥ ৪॥
ভাবতভাবদীপঃ

অক্ষণবোহপি ধর্মে প্রমাণমিত্যাহ—ছমিতি। অবং তাবং—"অয়ে প্রান্তাছতিঃ সম্যাদিত্যন্পতিষ্ঠতে। আদিত্যাজ্ঞায়তে বৃষ্টিবৃষ্টিরন্নং ততঃ প্রজা ॥" ইতি শ্রুতেঃ। পঞ্চান্তিনিয়াঞ্চ ছাপজ্জ্মপৃথিবীপুরুষযোধাস্বরিষ্ শ্রুজাদোমবর্ধানরেত আহুতযো হুরস্তে ততঃ শরীরমিতি ক্রমেণ "পঞ্চমাম্যাহুতাবাপঃ পুরুষবচনো ভবস্তি" ইতি শ্রুতেশ্চ নর্কেষাং প্রাণিনামুৎ-পত্তিরবগতা। তত্ত গর্ভবাসাথ্যারেভোক্রব্যকপঞ্চ্যাহুত্যবস্থাহুত্যস্তত্বংখ্যমী পুণাবশাৎ জ্যোণশুনামীৎ। জ্রোপদীধুইত্যারয়োত্মতিপুণ্যবশাৎ রেতোক্রপমলপরিণামহেত্বরাহুতিরপি নাস্তি দাক্ষাদ্রিক্তোন্তবস্থাৎ, তদিদং ধর্মকলং তবাহুভবসিদ্ধমতো ধর্মং মাব্মংস্থা ইতি ।৩২॥ উপমানং নিদর্শনম্, কর্মন্থ আদ্ববশাদরেন অন্নাচ্ছাদনমাত্রেণ তৃষ্টে। ভবতি, ন তু কর্মাণ্ডা

জৌপদি। তুমি ভোমাব জন্মবৃত্তান্ত যেমন শুনিযাছ, তাহা ত জান এবং প্রতাপশালী ধৃষ্টগ্লায় যে ভাবে জন্মিযাছেন, তাহাও জান , স্মৃতবাং নির্দাল-হাসিনি। এই তুইটীই ধর্মেব সফলতাবিষয়ে উপযুক্ত দৃষ্টান্ত ॥৩২॥

তা'ব পব, অভিজ্ঞ লোক কর্ম্মেব ফলও পান, অল্পে সন্তুষ্টও হন ; আর অনভিজ্ঞ নির্কোধ লোক বহুতব ফল পাইযাও সন্তুষ্ট হয় না ॥৩৩॥

তাহাদের প্রলোকে ধর্মজনিত কোন স্থুখ হয় না, কিংবা ইহলোকেও ধর্ম্মকর্ম্ম এবং অধর্মকর্ম্মের কোন ফল হয় না॥৩৪॥ প্রভবশ্চাত্যয়শ্চৈব দেবগুছানি ভাবিনি !।
নৈতানি বেদ যঃ কশ্চিন্মুছন্তেহত্ত প্রজা ইমাঃ ॥৩৫॥
অপি কল্পসহস্রেণ ন স ভোষোহিধিসচ্ছতি ।
রক্ষ্যাণ্যেতানি দেবানাং গূঢমায়া হি দেবতাঃ ॥৩৬॥
কুশাঙ্গাঃ স্প্রতাশ্চেব তপসা দগ্ধকিল্বিষাঃ ।
প্রসাদৈর্মানদৈর্মুক্তাঃ পশ্যন্ত্যেতানি বৈ দ্বিজাঃ ॥৩৭॥

### ভাৰতকোমুদী

প্রভব ইতি। হে ভাবিনি। প্রভব উৎপত্তি:, অত্যয়ো বিনাশন্চ, এতয়োম্ লীভূতানি কর্মাণীত্যর্থ: দেবেদপি গুহানি। অতএব যঃ কন্টিজন:, এতানি ন বেদ। ততক্ষ ইমা: প্রাকৃতা: প্রজা:, অত ধর্মনাফল্যে মৃহস্তে; অতএব তত্ত্র সন্দিহস্তীতি ভাব: ॥৩৫॥

অপীতি। সং অবিদান্ জনং, কল্পসহস্রেণাপি, শ্রেষো মঙ্গলং নাধিগচ্ছতি, ধর্মং প্রত্যবিশ্বাসাৎ। যেন ছি, এতানি দূচবিশ্বাসাদীনি, শ্রেষোলাভকারণানি, দেবানাং দেবৈঃ, রক্ষ্যাণি স্বপদভঙ্গভন্নাৎ গোপ্যানি। হি যন্মাৎ, দেবতা গূচমারাঃ, তরিয়ব তানি রক্ষ্মীত্যর্থ: ॥৩৬॥

বিদ্বাংসম্ভ জানন্তীত্যাহ—কশেতি। প্রদাদৈর্হৈত্ত্যাদিভাবনাজনিতনৈর্মন্ত্রে; ॥৬৭॥
ভারতভাবদীপঃ

পেক্ষ্য বহুলাভার্থং ষততে ইত্যর্থ: ॥৩৩ —৩৪॥ শ্রুভং বেদোদিতং পুণ্যং যেবাং পাপানামনিষ্ট্রদাধনানাক্ষ ফলোদয়: স্বর্গনরকহেতুত্বম্, প্রভব উৎপত্তিঃ অবিছেতি যাবং, অত্যয়ো
নাশঃ বিজেতি যাবং, দেবগুহুলি বেদৈকবেজ্বাং। "তন্মাদেষাং তন্ন প্রিয়ং যদেতন্মহুল্যা
বিহ্যঃ" ইতি শ্রুডের্দেবগোপ্যান্তেতানি স্থপশুভূতপুরুষবিনাশক্বাং॥৩৫॥ এতানীতি। অত্ত এতেরু দেবগুহেষু বিষয়েদিমাঃ প্রাক্ততাঃ প্রজাঃ মৃহুন্তে, অবিজ্ঞামপি বিভাত্বেন বিভাক্ষ অবিভাত্বেন গৃহুন্তি এবং পুণ্যপাপবিপর্যযোহিপি জ্ঞেয়ঃ, অতএব তানি যন্তত্ত্তা বেদ দ শ্রেয়ো দেবানাং হিতকরং কর্ম নাধিগচ্ছতি নাহ্নদর্যতি কর্তৃত্বাদিমদন্তঃকরণভ্য বিবিক্তত্বাদিতি ভাবঃ॥৩৬॥ ক্বতা নাশিতা আশা বৈস্তে। ক্ব হিংসায়াং স্বাদি, ব্রতং হিতং মিতং

জন্ম ও মৃত্যুর কাবণ সকল দেবতাদেব নিকটেও গুপ্ত রহিয়াছে; স্থুতবাং তাহা যে কোন লোক জানে না; তাহাতেই এ বিষয়ে প্রাকৃত লোকেরা মোহিত থাকে ॥৩৫॥

অজ্ঞানী লোক সহস্র কল্পেও মঙ্গল লাভ কবিতে পারে না। কাবণ, তাহাব উপায়গুলিকে দেবতারা গুপু বাখেন, আবাব দেবতাদেব মায়াও গুপু থাকে ॥৩৬॥

<sup>(</sup>৩৫) ··· বেদ্ভ্র্থানি ·· পি। (৩৬) ··· এতানি বেদ ··· বা ব কা। কুত্রচিৎ পূর্বার্দ্ধং নাস্থি। ··· নর: শ্রেমোইধিগছ্জি ·· পি। (৩৭) কুতাশাশ্চ ব্রতাশাশ্চ ··· বা ব কা, কুতাশাশ্চ বৃতাশাশ্চ ··· পি।

ন ফলাদর্শনাদ্ধর্মঃ শক্ষিতব্যো ন দেবতাঃ।

যক্তব্যঞ্চ প্রযক্তেন দাতব্যঞ্চান্দূরতা ॥৩৮॥

কর্ম্মণাং ফলমন্তীহ তথৈতদ্ধর্মশাসনম্।

ব্রহ্মা প্রোবাচ পুত্রাণাং যদ্যির্বেদ কন্মপ্রঃ ॥৩৯॥

তত্মান্তে সংশযঃ কৃষ্ণে। নীহাব ইব নশ্যন্তু।

ব্যবস্থা সর্বমন্তীতি নান্তিক্যং ভাবমুং স্বজ্ব ॥৪০॥

ক্রম্বঞ্চাপি ভূতানাং ধাতারং মা চ বৈ ক্মিপ।

শিক্ষবৈদ্ধাং নমহৈত্বং মা তে ভূদ্বুদ্ধিবীদৃশী ॥৪১॥

### ভাবতকৌমুদী

ইদানীং নিম্বৰ্গাহ—নেতি। অনস্মতা প্রদোষাবিদার্মকুর্বত। জনেন ॥ ৩৮॥
কর্মণামিতি। এতদ্বর্শাসনং ফলজনকধর্মশাস্ত্রম্। পুরোণাং সমীপে ॥ ৩২॥
তত্মাদিতি। নীহারপ্তবার ইব নশুতু, অনেন জানালোকেন। ব্যবস্থ নিশ্চিত্য ॥ ৪০॥
ভাবতভাবদীপঃ

মেধাং চাশ্বন্ধি তে কৃতাশাদ শাস্তা দাস্তা ইতার্থ:। তপদা প্রবণমননাত্মকেনালোচনেন, মন:প্রদাদৈর্থ্যানফলৈর্প্তা দিজা যোগিনঃ, এতানি দেবগুহানি ।৩৭—৩৮॥ ধর্মশাশ্বতং ধর্মশু শব্ধবোহরং শ্বভাবঃ ॥৩৯॥ ব্যবস্থ নিশ্চিত্য, ভাবমিভিপ্রায়ন্ ॥৪০॥ এবং ধর্মপ্রেষ্ঠাং নিশ্চিত্য ঈশ্বর্থেষ্ঠ্যমপ্যাহ— ঈশ্বরমিতি। ধাতারং দধাতি কর্মফলানি যথাস্বং বিভল্পতীতি তং কর্মণামাণ্ডতববিনাশিত্বাৎ নটানাঞ্চ কালান্তবীযক্ষনহেতৃত্বাযোগাৎ, অপূর্বকল্পনাযান্ধ "সর্বস্থ বশী দর্বজ্বোশান" ইতি সর্বস্থেশবাধীনত্বপ্রতিপাদকল্পত্যা বাধাৎ লোকিকরালভ্ত্যদৃষ্টান্তাচ কর্মভিন্তাটো কটো বা ঈশ্বর এব সদসৎফলবিভাজক ইতি ভাবঃ। মা ক্ষিপ মা নিদ্রাং কৃত্ব, শিক্ষস্থ শাস্তাচার্য্যোপদেশাদধীয় ॥৪১—६২॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্ধনি নৈলকটাযে ভারতভাবদীপে নপ্তবিংশোহধ্যায়ঃ ॥২ গ।

তবে, তপস্থাৰ কষ্টে যাঁহাদেৰ অঙ্গ সকল কুশ হইয়া যায়, তপস্থাৰ প্ৰভাবে সমস্ত পাপ নষ্ট কৰে এবং চিত্ত নিৰ্ম্মল থাকে, সেই বিশুদ্ধ ব্ৰতাচাৰী ব্ৰাহ্মণেৱাই এই উপায়গুলি জানিতে পাবেন ॥৩৭॥

অতএব ফল দেখিতে না পাওযায় ধর্ম্মের প্রতি ও দেবতার প্রতি সন্দেহ কবিবে না ; কিন্তু নির্বিকারচিত্তে যত্নপূর্ব্বক যজ্ঞ করিবে এবং দান কবিবে ॥৩৮॥

কর্ম্মেব ফল আছে এবং ব্রহ্মা তাঁহার পুত্রদের নিকট এই ধর্ম্মবিষয়ের শাস্ত্র বলিয়াছিলেন, যাহা কশ্মপ ঋষি জানেন ॥৩৯॥

অতএব জ্রৌপদি। সকলই আছে ইহা নিশ্চয় বুঝিয়া নীহাবেব স্থায় তোমাব সংশয় বিনষ্ট হউব এবং তুমি নাস্তিকতা পরিত্যাগ কব ॥৪০॥

<sup>(</sup>৩৯) ··· তথৈতদ্বশাশতম্ ··· বা ব কা, তথৈব ধর্মদংহিতম্ ··· পি। বন-৩৬ (৬)

যশু প্রসাদাতভক্তো মর্ত্ত্যো গচ্ছত্যমর্ত্ত্যতাম্।
উত্তমাং দেবতাং কৃষ্ণে! মাবমংস্থাঃ কথঞ্চন ॥৪২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বিনি
অর্জ্জুনাভিগমনে দ্রোপদীযুধিষ্ঠিবসংবাদে সপ্তবিংশোহধ্যায়ঃ॥।॥ \*

---3米3---

# অফ্টাবিংশোহধ্যায়ঃ।

\_\_\_\_\_\_\_\_\_\_\_

### দ্রোপত্ন্যবাচ।

নাবমন্তে ন গর্হে চ ধর্মং পার্থ! কথঞ্চন।
ঈশ্বরং কৃত এবাহমবমংস্তে প্রজাপতিম্ ॥১॥
আর্ত্তাহং প্রলপামীদমিতি মাং বিদ্ধি ভারত!।
ভূয়শ্চ বিলপিয়ামি স্থমনাস্তং নিবোধ মে ॥২॥

### ভারতকোমুদী

ইদানীমীখরাক্ষেপপক্ষং নিরস্ততি—ঈশ্ববমিতি। ধাতারং ধারমিতারম্। এতেনৈব কর্দান্ত্যারেশেশ্বরস্ত ফলদাভূত্য্কুন্। এনমীশ্বয়ন্, শিক্ষর জানীহি ॥৪১॥

যক্ষেতি। অমর্ত্যতাং দেবস্থন্। কণঞ্চন সজ্জনন্ত ত্র্দ্রণাদর্শনেনাপি ॥৪২॥ ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পত্নভূষণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতারাং মহাভারতটীকারাং ভারতকোমুদীসমাধ্যায়াং বনপর্ববি অর্জুনাভিগমনে

#### **দপ্তবিংশোহধ্যাব: ॥०॥**

অথ পাগুবমহিবী যুধিষ্ঠিবং পুরুষকারে প্রবর্ত্তয়িতুং বৃহস্পতিপ্রণীতং বান্ধণাভিহিতং দারং বচনজাতমভিধাক্তত্যাহ—নেতি। প্রজাপতিবেনান্দাকমণি পতিস্বাত্তদবমাননং ন সম্ভবতীতি ভাবঃ । ১॥

এবং ঈশ্বর সর্বভূতেব আশ্রয়; স্থতবাং তাঁহাকেও নিন্দা করিও না; উহাকে জানিবাব চেষ্টা কব ও নমস্কাব কর এবং আব তোমার যেন এরূপ বুদ্ধি না হয় ॥৪১॥

জৌপদি! যাঁহাব অনুগ্রহে ভক্ত লোক দেবত্বলাভ কবে, সেই উত্তম দেবতাকে তুমি কোন প্রকাবেই অবজ্ঞা করিও না"॥৪২॥ '

জৌপদী বলিলেন—"পার্থ। আমি কোন প্রকাবেই ধর্মকে অবজ্ঞা বা নিন্দা কবি নাই এবং কেনই বা লোকনিয়ন্তা ঈশ্বরের প্রতি অবজ্ঞা করিব ॥১॥

<sup>(</sup>৪২) যক্ত প্রদাদাতত্ত : । । \* ' । এক জিংশত নোহধ্যায়:'—বা ব কা নি।

কর্ম থলিহ কর্ত্তব্যং জানতাহমিত্রকর্ষণ ।। অকর্মাণো হি জীবন্তি স্থাবরা নেতরে জনাঃ ॥৩॥ যাবদ্গোন্তনপানাচ্চ যাবচ্ছায়োপদেবনাৎ। জন্তবং কর্মণা বৃত্তিমাপ্ন বন্তি যুধিষ্ঠির।॥৪॥ জন্সমেষু বিশেষেণ মনুষ্যা ভবতর্ষভ।। ইচ্ছন্তি কর্মণা বৃত্তিমবাপ্তাং প্রেত্য চেহ চ॥৫॥

### ভারতকৌমূদী

অথ তর্হি "ধাতারং গর্হযে পার্থ। বিষমং যোহত্বপশুতি" ইত্যাদিকং কথমূক্তমিত্যাহ—
আর্বেতি। আর্বনাদেব বিরুতবৃদ্ধিত্যা তাদৃশমনর্থকমেব ব্রবীমীত্যাশর:। ইতি প্রলপন্তীমেব
মাং বিদ্ধি। স্থমনা আর্বপ্রলাপাদেব প্রশম্মচিতঃ, নিবোধ শৃণু ।২॥

কর্মেতি। হে অমিত্রকর্ষণ। শত্রুতাপক। ইহ জগতি, জানতা বিশিষ্টচেতনেন মহয়াদিনা প্রাণিনা, গমনাহারাদিকং কর্ম থলু কর্জব্যমেব। হি যত্মাৎ, ছাবরা বৃহ্দাদয় এব অকর্মাণঃ সভো জীবন্তি, ইতরে মহয়াদয়ো জনান্ত ন ॥।॥

উক্তার্থে উদাহরণমাহ—যাবদিতি। অত্তাবর্ধো যাবচ্ছক:। তথা চ হে যুধিষ্টির! গোবৎসাদয়ো জন্তবোহপি, গোন্তনপানাদ্ যাবৎ গোন্তরপানমারভ্য, ছায়োপদেবনাদ্ যাবৎ তরুচ্ছায়াপ্রমারত্য চ কর্মণা, বৃত্তিং জীবনধারণমাপ্রুবন্তি, অক্তথা নেত্যাশয়ঃ ॥৪॥

### ভাবতভাবদীপঃ

নাবমন্ত ইতি ॥>—২॥ স্থাবরা ইতরে জনা বা, হি যন্ত্রাদকর্মাণো ন জীবস্তাতঃ কর্ম কর্তব্যমিতি যোজনা। তথা চাষং প্ররোগঃ, স্থাবরজীবিক। প্রাক্তর্মপূর্বিক। জীবিকাস্থাৎ পাকাদিক্রিয়াপূর্বকান্মদাদিজীবিকাবদিতি ॥৩॥ স্থাববেষ, জং তায়ং তির্যাক্ত্র যোজয়তি—যাবদিতি। দজে। জাভত্ত গোবৎসত্ত স্তনপানাদিপ্রবৃত্তিবপি স্বজনকসংস্থারহেতৃপ্রাক্তনকর্মসত্তে প্রমাণমিত্যর্থঃ, যাবদ্গোন্তনপানাৎ গোন্তনপানাদেরিত্যর্থঃ। যাবচ্ছাযোপদেবনাৎ প্রতিমান্তারকভোগাদিত্যর্থঃ। জয়ং তাবঃ- কোলিকশান্তপ্রসিদ্ধা শক্রনিন্মিতায়াং চৈত্র-প্রতিমান্তাং শক্রণা কণ্টকাদিনা স্থনায়াং চৈত্রো ব্যথতে, তত্ত্ব ব্যথানিমিত্রমান্তরং থাতুবৈষমাং বাহুং বা কন্টকবেধাদি ন কিঞ্চিদ্রিমন্তি, কিন্তু কেবলমদৃষ্টমেব অনেনৈব ত্যাযেন জন্তবঃ

তবে, ভরতনন্দন। আমি তৃঃখিত হইযাই এইরূপ কতকগুলি বলিয়া ফেলিয়াছি, ইহাই ধারণা ককন। আমি আবও বিলাপ কবিব, আপনি প্রসন্নমনে শ্রবণ ককন॥২॥

শক্রস্থদন! এই জগতে প্রাণিগণের অবশ্যই কর্ম্ম কবিতে হয়; কর্ম ব্যতীত স্থাবরগণ জীবন ধারণ কবিতে পাবে, জঙ্গম প্রাণীবা পারে না ॥৩॥

দেখুন—গোবংসপ্রভৃতি প্রাণীরা গরুব স্তন্তপান ও বৃক্ষেব ছায়া আশ্রয-প্রভৃতি কর্মদ্বারাই জীবন ধাবণ কবে ॥৪॥ উত্থানমভিজানন্তি সর্ববভূতানি ভারত !।
প্রত্যক্ষং ফলমশ্বন্তি কর্ম্মণাং লোকদাক্ষিকম্ ॥৬॥
দর্বে হি স্বং সমুখানমুপজীবন্তি জন্তবঃ।
অপি ধাতা বিধাতা চ যথায়মুদকে বকঃ॥৭॥
অকর্ম্মণাং বৈ ভূতানাং বৃত্তিঃ স্থানহি কাচন।
তদেবাভিপ্রপত্যেত ন বিহন্তাৎ কদাচন॥৮॥

### ভারতকোমুদী

বিশেষমাহ—জঙ্গমেদিতি। তে ভরতর্বত। জঙ্গমের্ গমনশীলের্ প্রাণিষ্ মধ্যে মহস্তাঃ, বিশেষেণ প্রাণ্যস্তরাপেক্ষা উৎক্ষেন, কর্মণা যাগাদিরপেণ ধনার্জনাদিরপেণ চ কার্যোণ, প্রেত্য পরলোকে চ ইহলোকে চ, বৃত্তিং ছিতিমবাগু মিচ্ছন্তি ॥৫॥

অথ বিশিষ্টবৃদ্ধাভাবাৎ পশাদয়: কথং কর্ম কুর্বস্তীত্যাহ—উথানমিতি। হে ভারত।
দর্বভৃতাত্যেব উথানং হহিতকর্মোত্মম্, অভিজানস্তি; পূর্বসংস্কারবশাৎ সত্যোজাতশু গোবংসশু
গোন্তগুপানবদিভি ভাব:। তথা আত্মনঃ প্রভাক্ষ লোকসাক্ষিকঞ্চ, কর্মণাম্ আহারাদীনাম্,
কুধানিবৃত্ত্যাদিরূপং কলঞ্চ, অশ্বস্থি লভন্তে ॥৬॥

দর্ম ইতি। যথা উদকে অবং বকঃ পক্ষী, স্বং সমূখানমূপজীবতি, তথা দর্ম এব জন্তবং, কিং বছনা ধাতা ব্রহ্মাপি চ, বিধাতা ঈশ্বরোহপি চ, স্বং স্বম্, সমূখানং পানাহারস্টেরক্ষাদিক্র্যোত্তমম্, উপজীবস্তি উপজীব্য বর্তন্তে ॥ ।॥

#### ভাবতভাবদীপঃ

কর্মণা প্রাচীনেনিব বৃত্তিঃ জীবনমাপ্য বৃদ্ধি ॥॥ জঙ্গমেষেতি। প্রেত্য মৃত্বা ॥৫॥ উত্থানম্ উত্তিষ্ঠতি প্রবর্ততেহম্মাদিত্যুত্থানং প্রাক্কর্মসংস্কারন্তং দর্বেহিপি প্রাণিনোহভিজ্ঞানন্ত্যন্ত্রুত্বন্ধি, ততঃ কর্মন্থ প্রবর্ততে তৎকলঞ্চাপ্র বৃদ্ধি তত্মাৎ কর্ম তৎসংস্কাবপরক্ষারেমনাদিরিতার্থঃ ॥॥। সর্বেই হীতি। যথাহয়ং বকঃ প্র্মিসংস্কাবাৎ বৃত্তার্থী ধ্যাষতি এবং ধাতা ঈথরোহপ্যনাদি-সংস্কারবশাৎ পূর্বপূর্বকল্পদ্ধনান্ত্র হুটিং করোতি। "ধাতা যথাপূর্বমকল্পদ্ধং"ইতি শ্রুতেঃ। তথা বিধাতা ধর্ম্মোহিপি পূর্বসংস্কারান্তরোধেনৈর কর্মণি প্রবর্ত্তয়তি, অক্তথা সংসারানাদিত্বানভ্যাপগ্রেম কৃতহানাকৃতাভ্যাগমাদিদোবঃ স্থাদিতি ভাবঃ ॥।॥ এবং প্রাক্তনকর্মপ্রাবল্যমৃপপাত্য ঐত্বিকানামপি তেখাং প্রাবল্যমাহ—অকর্মণামিতি। যাক্রা মৃথচালনাদিদৃষ্টবত্বশৃত্যা ন জীবিকান্তি, অতন্তদের দৃষ্টফলং কর্মের ন বিহ্নতাৎ দৈবপরো ভূষা ন ত্যজেদি-

ভবতশ্রেষ্ঠ ৷ জঙ্গম প্রাণিগণের মধ্যে মন্থ্যোবাই বিশেষ বিশেষ কর্মদ্বারা প্রলোকে এবং ইহলোকে স্থিতিলাভ কবিবার ইচ্ছা করে ॥৫॥

ভবতনন্দন! জগতের সকল প্রাণীই কর্ম্মেব উদ্ভম করিতে জানে এবং আপন প্রত্যক্ষে ও লোকপ্রত্যক্ষে সেই কর্মেব ফল ভোগ কবে ॥৬॥

জলের নিকটে এই বকপক্ষীটার মত সমস্ত প্রাণীরা এমন কি ব্রহ্মা ও ঈশ্বব পর্য্যন্ত সকলেই আপন আপন কর্মোগ্রম অবলম্বন কবিয়া থাকেন ॥৭॥ দ কর্ম কুরু মা গ্লাসীঃ কর্মণা ভব দংশিতঃ।
কৃতং হি যোহভিজানাতি সহত্রে সোহস্তি নাস্তি চ ॥৯॥
তত্য চাপি ভবেৎ কার্য্যং বিরুদ্ধে বক্ষণে তথা।
ভক্ষ্যমাণো হ্যনাদানাৎ ক্ষীযেত হিমবানপি ॥১০॥
উৎসীদেরন্ প্রজাঃ সর্বা ন কুর্যুঃ কর্ম চের্ডুবি।
তথা হেতা ন বর্দ্ধেরন্ কর্ম চেদফলং ভবেৎ ॥১১॥
অপি চাপ্যফলং কর্ম পঞ্চামঃ কুর্বতো জনান্।
নাম্যথা হুপি গচ্ছন্তি বুক্তিং লোকাঃ কথঞ্চন ॥১২॥

### ভাবতকৌমূদী

অকর্মণামিতি। অকর্মণাং ভূতানাম্, কাচনাপি বৃত্তির্জীবিকা নহি স্থাৎ। অতএব তৎ কর্ম অভিপ্রপ্রতাত সর্ব্বপা প্রাপ্ন বুর্ষ্যাদিত্যর্থঃ, কদাচনাপি ন বিহন্তান্ত্যজেৎ ॥৮॥

স ইতি। স তং কর্ম কুরু, মা গ্রাসী: বিপদা অবসন্মো ন ভব, কর্মণা দংশিতো বর্মণেবার্তদেহো ভব। যো হি রুতং কর্ম কর্ত্ত্ব্যভিদ্যানাতি, স তাদৃশো জনঃ, জনানাং সহত্রে তন্মধ্যে, কুত্রচিদন্তি কুত্রচিন্নান্তি চ ॥२॥

তত্মেতি। অর্থানাং বিবৃদ্ধে তথা বক্ষণে, তত্ত কর্মণঃ, কার্য্যং প্রয়োজনঞ্চাপি ভবেৎ। যেন হি হিমবান পর্বতোহপি ভক্ষ্যমাণঃ দন্, অনাদানাদ্দঞ্যাৎ ক্ষীয়েত ॥১০॥

উৎসীদেবন্নিতি। কর্মাভাবেন ক্ৎপিপাদাদিগ্রস্তত্বাদিত্যাশয়: ॥১১॥

#### ভাবতভাবদীপঃ

ত্যর্থ ॥৮॥ দংশিতঃ সমন্ধ:, কৃতং কর্ম কর্জুমিতি শেষঃ ॥>॥ তত্ম কর্মণ: কার্য্য: প্রয়োজনং বক্ষণেহর্থানামিতি শেষঃ, অনাদানাদসংগ্রহাৎ, লন্ধেনার্থেন ন সন্তোষ্টব্যং কিন্তু তদ্বৃদ্ধ্যর্থং কর্ম কর্ম্বর্বামিত্যর্থ ॥>০—>>॥ অপি চেতি। কর্মণাং কচিদফলত্বেহপ্যাব্যাকত্বং

কর্মহীন প্রাণিগণেব কোন প্রকাবেই জীবিকানির্বাহ হয় না; স্থতবাং কর্ম কবিতেই হইবে, কখনও তাহা পবিত্যাগ কবিবে না ॥৮॥

অতএব মহাবাজ! আপনি কর্মা ককন, অবদন্ধ হইবেন না এবং কর্মাঘাবাই আবৃত হউন। যিনি সর্ব্ধপ্রকারে কর্মা কবিতে জানেন, তাদৃশ লোক—
সহস্রেব মধ্যে একটাও আছেন কি নাই (বলা যায় না) ॥১॥

অর্থেব বৃদ্ধি এবং ৰক্ষাব জন্মও কর্মেব প্রয়োজন হয়। দেখুন—ভোগ চলিতে থাকিল, অথচ নূতন সংগ্রহ হইল না, এমন হইলে হিমালয়ও ক্ষয় পাইয়া যায় ॥১০॥

জগতে যদি প্রাণীবা কর্ম্ম না করিত, তবে সমস্ত প্রাণীই উৎসন্ন হইযা যাইত এবং কর্ম্ম যদি নিম্ফল হইত, তাহা হইলে প্রাণীরা বৃদ্ধি পাইত না॥১১॥

<sup>(</sup>a) · সোহস্তি নাস্তি বা—নি।

যশ্চ দিউপবো লোকো যশ্চায়ং হঠবাদিকঃ।
উভার্বপদদাবেতো কর্ম্মবুদ্ধিঃ প্রশস্ততে ॥১৩॥
যো হি দিউমুপাদীত নির্বিচেন্টঃ স্থথং স্বপেৎ।
অবসীদেৎ দ দুরু দ্বিবামো ঘট ইবোদকে ॥১৪॥
তথৈব হঠবুদ্ধির্মঃ শক্তঃ কর্ম্মণ্যকর্ম্মকুৎ।
আদীত ন চিবং জীবেদনাথ ইব দুর্ববলঃ ॥১৫॥

### ভারতকৌমূদী

অপ্রীতি। অফলং কর্ম গচ্ছতন্তৃণাদিম্পর্শবং। অক্রথা কর্মাভাবেন ॥১২॥

য ইতি। যশ্চ লোক:, দিষ্টপরো দৈবসাত্রাশ্রিত: , যশ্চ লোক:, হঠবাদিক: হঠেনৈব সর্বাং সিধ্যতীত্যভিধায়ী তদিচ্ছুবিত্যর্থ:। এতাব্ভাবেব, অপসদে অধমো। কিন্তু কর্মবৃদ্ধিদৈবসহকারেণৈব কর্মণ: সফলত্বং জানন্ জন: প্রদক্ততে ॥১৩॥

উক্তয়োকতবোঃ প্রথমস্থাপসদত্ম সমর্থয়তি—য ইতি। যোহি জন:, দিইং কেবলং দৈবম্, উপাসীত অবলম্বেত, নির্বিচেষ্টঃ সন্, স্থাং অপেৎ শয়ীত চ, স হব্ দিঃ, উদকে জলে স্থাপিত আমঃ অপক্ষো ঘট ইব, অবসীদেৎ বিলীনো ভবেৎ ॥১৪॥

বিতীয়ভাপদদম্মাহ—তথেতি। তথৈব হঠবুদিঃ আকম্মিকসিদ্ধিবৃদ্ধিং, কর্মণি শক্তশ্চ যো জনঃ, অকর্মান্তং সন্নেব আসীত তিঠেৎ, সঃ অনাথো তুর্বলশ্চ জন ইব চিরং ন জীবেৎ উপায়াকরণাদিতি ভাবঃ ॥১৫॥

### ভাৰতভাবদীপঃ

নিত্যন্ত্রমিত্যর্থ: ॥১২॥ যশ্চেতি। দিইপরো মন্ত্রোবধান্তদৃষ্টবারেবার্থসাধনপর: কোলিক:। হঠবাদিক: প্রাগ্রন্থান্তাবাদকৃত্যেবোপস্থান্ততীতি বদন চার্কাক: এতে শঠো প্রাক্কশানকী-কারাৎ। পাঠান্তরে অপসদৌ অধমৌ, কর্মবৃদ্ধি: প্রাক্তনং তাৎকালিকঞ্চ কর্মসহিতৎ সদিইসাধনমিতি বৃদ্ধিমান্ ॥১৩॥ নির্বিচেট্টো দৃষ্টবত্নহীন:, শত্রেৎ শেরাৎ, আমোহপক:

তা'ব পব, প্রাণিগণকে নিম্ফল কর্মণ্ড করিতে দেখা যায়। আর, কর্ম না কবিলে প্রাণীবা কোন প্রকাবেই জীবিকালাভ করিতে পারিত না ॥১২॥

যে লোক কেবল দৈবকেই আশ্রায় করিয়া থাকে এবং যে লোক 'ষ্মতর্কিত ভাবেই সকল সিদ্ধ হয়' এই কথা বলে, তাহারা উভয়েই অধম ; আর যে লোক দৈবসহকাবে কর্ম কবিবাব ইচ্ছা কবে, সে-ই প্রশংসনীয় ॥১৩॥

ি যে লোক কেবল দৈব অবলম্বন করিয়া স্থাথে শয়ন করিয়া থাকে, সে তুর্বুদ্ধি—জলে স্থাপিত অপক ঘটেব তায় বিলীন হইয়া যায় ॥১৪॥

যে হঠবুদ্ধি লোক কর্ম করিতে সমর্থ হইয়াও কর্ম না করিয়া বসিয়া থাকে, সে লোক—অনাথ ও তুর্বল ব্যক্তির স্থায় দীর্ঘকাল জীবিত থাকে না ॥১৫॥

<sup>(</sup>১७) यक मिष्ठेशस्त्रा लांक्निः वा व का नि ।

অকস্মাদিহ যা কন্চিদর্থং প্রাপ্নোতি পূরুষঃ।
তং হঠেনেতি মন্তন্তে স হি যত্নো ন কস্তচিৎ ॥>৬॥
যচ্চাপি কিঞ্চিৎ পুরুষো দিষ্টং নাম ভজ্জুতাত।
দৈবেন বিধিনা পার্থ। তদ্দৈবমিতি নিন্চিতন্ ॥>৭॥
যৎ স্বয়ং কর্মণা কিঞ্চিৎ কলমাপ্নোতি পূরুষঃ।
প্রত্যক্ষমেতল্লোকেষু তৎ পৌরুষমিতি স্মৃতন্ম ॥>৮॥
স্বভাবতঃ প্রবৃত্তো যা প্রাপ্নোত্যর্থং ন কারণাৎ।
তৎ স্বভাবাত্মকং বিদ্ধি কলং পুরুষসত্তম।॥>৯॥
এবং হঠাচ্চ দৈবাচ্চ স্বভাবাৎ কর্ম্মণত্তথা।
যানি প্রাপ্নোতি পুরুষস্তৎ ফলং পূর্ব্বকর্ম্মণান্॥২০॥

### ভারতকৌমূদী

অথ চতুর্দ্ধা লাভমাহ—অকস্মাদিতি। যা কন্চিৎ পূরুষা, অকসাদিহ অক্তেনানীয় দত্তং যম্ অর্থং বন্ধ প্রাপ্নোতি, তং হঠেন প্রাপ্তং মন্তন্তে ইতি হঠবাদিকাঃ। হি যন্ত্রাৎ, দ লাভঃ, কন্তচিদ্ধি ন যদ্বো ন স্বযন্ত্রসিদ্ধিঃ ॥১৬॥

যদিতি। হে পার্থ। পুরুষ:, দৈবেন দেবসম্বন্ধিনা, বিধিনা আরাধনাদিনা, যজাপি কিঞ্চিৎ দিষ্টম্ অদৃষ্টং ধর্মমিতি যাবৎ, ভজতি লভতে; তদৈবমিতি নিশ্চিতম্। এতেন "ভত্ত দৈবমভিব্যক্তং পৌরুষং পৌর্বদেহিকম্" ইতি বৃহস্পত্যক্তভিন্নমৈহিকমপি দৈবম্কুম্ ॥১৭।

যদিতি। পুরুষ:, স্বয়মাত্মন: কর্মণা দশুচক্রাদিব্যাপারেণ, এতল্লোকেষু প্রত্যক্ষং যৎ কিঞ্চিং ঘটাদিরূপং ফল্ম আপ্লোতি, তৎ পৌরুষমিতি স্বতম্ ॥১৮।

ষেতি। হে পুরুষদত্তম। গমনাদৌ প্রবৃত্তো যঃ পুরুষ, স্থভাবত এব ন পুনঃ কারণাং নিধাাদিলাভোদ্দেশাৎ, অর্থং নিধ্যাদিকং প্রাপ্তোতি, তৎ স্থভাবাত্মকং ফলং বিদ্ধি ।১১।

#### ভাবতভাবদীপঃ

1)৪—১৫॥ হঠাদীন ব্যাচষ্টে—অকশাদিতি। অচিন্তিতক্সতিহিতক চ লাভো হঠ: 1)৬। দৈবং দেবভারাধনম্ ।১৭। পৌরুবং যথোক্তপ্রতিগ্রহাদিবৃত্তি: 1>৮। স্বভাবো য প্রাবৃত্দান্

যে কোন লোক অক্সদত্ত বস্তু অতর্কিতভাবে লাভ কবে, তাহাকেই হঠলজ মনে করা হয়। কেন না, তাহা নিজেব যত্নসিদ্ধ নহে ॥১৬॥

পার্থ! মানুষ দেবতাব আবাধনা দাবা যে কিছু ধর্ম লাভ করে, তাহাকেই দৈব বলা হয় ॥১৭॥

মানুষ জনসাধাৰণেব প্রত্যক্ষে আপন কর্ম দাব। যে ফল লাভ করে, তাহাকে পৌরুষ বলা হয়॥১৮॥

মানুষ কার্য্যে প্রার্থ্য হইয়। বিনা উদ্দেশে স্বভাবতঃ যাহ। লাভ করে, তাহা স্বাভাবিক ফল ॥১৯॥ ধাতাপি হি স্বকশ্মিব তৈন্তৈহেতুভিবীশ্বরঃ।
বিদধাতি বিভজ্যেহ ফলং পূর্ববক্তবং নৃণাম্ ॥২১॥
যদ্ধি যঃ পুক্ষঃ কিঞ্চিৎ কুরুতে বৈ শুভাশুভম্।
তদ্ধাতৃবিহিতং বিদ্ধি পূর্ববকর্মফলোদয়ম্ ॥২২॥
কাবণং তস্ম দেহোহয়ং ধাতুঃ কর্মণি বর্ত্ততে।
স যথা প্রেবযত্যেনং তথায়ং কুরুতেহবশঃ ॥২৩॥

#### ভাবতকৌমুদী

এবমিতি। কর্মণ: পোকষাৎ। তৎ প্রাপণমপি, পূর্বকর্মণামেব ফলম্ ॥২ ।॥

অথ কোহরং ব্যামোহ:, যৎ ঐহিকেন কর্মণা ঐহিকমেব প্রত্যক্ষং ঘটাদিফলং লভ্যতে, ত্বযা তূচ্যতে "তৎ ফলং পূর্ব্বকর্মণাম্" ইন্ডি তত্ত্রাহ—ধাতেতি। ধাতা জগন্ধার্মিতা দ্বারঃ, তৈত্তৈহেঁতুভিঃ হঠাদিভিঃ প্রকার্মের, ত্বক্রের বিভজ্য, নৃণাং পূর্বক্রতং পূর্বকর্মণা কর্জুমারন্ধং ফলম্, ইহু বিদ্ধাতি, প্রাণিনাং স্বয়ং কিমপি কর্জুমশক্তত্বাদিতি ভাবঃ ॥২১॥

উক্তমপ্যর্থং দার্চ্যার্থং পুনরাহ—যদিতি। যা পুক্ষাং, যাৎ কিঞ্চিৎ শুভাশুভং কর্ম ইহ কুফতে, তত্ম তৎ, ধাত্রা ঈশ্ববেণ বিহিতম, পূর্বস্মাৎ কর্মণঃ ফলেন ফলত্বেন উদয উৎপত্তির্যত্ম তৎ তাদৃশং বিদ্ধি ॥২২॥

অথ তদায়ং পুরুষ: কিমর্থ ইত্যাহ—কারণমিতি। ধাতৃরীশ্বস্থ ঐতিকফলসম্পাদনরপে কর্মানি, তস্তু পুরুষস্থায়ং দেহ:, কারণং ঘটাদে দণ্ডচক্রাদিবৎ নিমিত্তকারণম্। অতএব স ধাতা যথা এনং দেহং প্রেরম্বতি, তথৈবাষমবশো দেহ: কুরুতে ॥২৩॥

#### ভাবতভাবদীপঃ

গ্রহঃ যথা নষ্টকপর্দ্দিকারেষণপ্রাকৃত্তত্ত রত্মলাভঃ ॥১৯॥ এডচ্চতুইয়জোহপি লাভঃ পূর্ববিশ্বজ্য ॥২১॥ এডদেব স্পষ্টয়তি—যদ্ধীতি ॥২২॥ কারণমিতি। যঃ কর্মণি বর্ত্ততে সোহয়ং মাহ্যব-দেহঃ প্রাগ্ ভবীযক্তত্ত প্রবর্ত্তকত্ত ধাতুরপি কারণং প্রবর্ত্তকঃ স ধাতা, এনং বর্ত্তমানদেহং

এইভাবে হঠ, দৈব, পৌকষ ও স্বভাব দ্বাবা যাহা পাওয়া যায়, তাহাও পূর্ব্ব কর্ম্মেবই ফল ॥২০॥

জগতেব আধাৰ ঈশ্বৰ হঠপ্ৰভৃতি প্ৰকাৰ দ্বাবা আপন কৰ্মকেই বিভক্ত কবিয়া মানুষেৰ পূৰ্ববজ্ঞনীয় কৰ্মকৃত ফল ইহজন্মে বিধান কবেন ॥২১॥

যে মানুষ যে কিছু শুভাশুভ কাৰ্য্য কবে, ভাহাব সে কাৰ্য ঈশ্বরই পূর্ব্ব কর্ম্মেব ফলব্বপে বিধান কবিয়া থাকেন, জানিবেন ॥২২॥

ঈশ্ববেব সেই ফলসম্পাদনকার্য্যে প্রাণিগণের এই দেহটা নিমিত্ত কাবণ-মাত্র; স্মৃতবাং ঈশ্বব যেভাবে দেহটাকে নিযুক্ত করেন, প্রবাধীন দেহ তাহাই কবে ॥২৩॥

<sup>(</sup>२२) यश्रमः श्रूरुयः । वा व का, यः चन्नः श्रूक्यः । शि ।

তেষু তেষু হি কৃত্যেষু বিনিষোজ্য মহেশ্বরঃ।
সর্ববভূতানি কোন্তেষ। কাবয়ত্যবশান্যপি ॥২৪॥
মনসার্থান্ বিনিশ্চিত্য পশ্চাৎ প্রাণোতি কর্ম্মণা।
বৃদ্ধিপূর্ববং স্বযং বীব। পুরুষস্তত্র কাবণম্ ॥২৫॥
সংখ্যাভুং নৈব শক্যানি কর্ম্মাণি পুক্ষর্যভ্ত।!
অগাবনগবাণাং হি সিদ্ধিঃ পুরুষহৈতুকী ॥২৬॥
তিলে তৈলং গবি ক্ষীবং কাঠে পাবকমন্ততঃ।
ধিযা ধীবো বিজ্ঞানীয়াত্বপাযঞ্চাম্য সিদ্ধয়ে ॥২৭॥

# ভাবতকোমূদী

ফলং প্রতি ঈশরক্ষ হেতৃকর্তৃৎং পৃষ্ণবস্থ চ মৃথ্যকর্তৃত্বমাহ—তেন্বিতি। ক্রত্যেষু কার্য্যেষু ॥২৪॥ কার্যাসাধনপ্রণালী মাহ—মনসেতি। পৃষ্ণবং স্বয়ং মনসা অর্থান্ কর্ত্বব্যবিষ্ণান্ বিনিশ্চিত্য, পশ্চাৎ কর্মণা চেইন্না বৃদ্ধিপূর্বাং প্রাপ্তোতি তত্তৎ কর্মারভতে। অতএব তত্ত্র কর্মণি, কারণং পৃষ্ণবদেহো নিমিত্তকারণম্ ॥২৫॥

অথ কিং কিং তৎ কর্মেত্যাহ—সংখ্যাত্মিতি। অগারনগরাণাং গৃহপুরাদীনাম্ ।২৬।
পুনরপি প্রণালীমেবাহ—তিল ইতি। ধীরঃ পুরুষঃ, প্রথমম্ অন্ততঃ অভ্যন্তরে, তিলে
তৈলম্, গবি কীরম্, কাঠে চ পাবকমগ্রিম্, ধিয়া দৃষ্টান্তাদহমানাদিনা বিজানীয়াৎ; পর্ঞাভ্য
তৈলাদেঃ সিহয়ে লাভায উপায়ং বিজানীয়াৎ ॥২৭॥

#### ভারতভাবদীপঃ

বীজাঙ্কুরবৎ ধান্তপ্রের্য্যো দেহে। দেহপ্রের্য্যন্ত ধাতেত্যর্থ:, দেহো দেহসাধ্যং কর্ম ॥২৩—২৪॥
নম্ন পূর্ব্বকর্মের প্রবর্ত্তকং চেৎ কিং পুক্ষকারেণেত্যাশঙ্কাহ— মনদেতি ॥২৫॥ এতদপি
প্রাক্ষর্মজমেরেত্যাশঙ্কাহ—সংখ্যাতৃমিতি। সংখ্যাতৃং প্রাক্কর্মের কারণং ন পুক্ষকার ইতি
নিশ্চেতৃং তত্ত হেতৃঃ অগাধেতি ॥২৬॥ তিলে ইতি। পদ্মন্ধ্রতাবেন প্রাক্কর্মসিদ্ধমেরপুক্ষরকারো-

কুন্তীনন্দন! পরমেশ্বব পবাধীন সমস্ত প্রাণীকে সেই সেই কার্য্যে নিযুক্ত করিয়া তাহা কবাইয়া থাকেন॥২৪॥

বীব! প্রাণিগণ প্রথমে মনে মনে কর্ত্তব্য বিষয় নিশ্চয় করিয়া, পরে চেষ্টা দ্বারা বৃদ্ধিপূর্বক সেই কার্য্য আবম্ভ কবে, স্থতবাং তাহাদেব দেহ নিমিত্ত কারণ ॥২৫॥

পুরুষশ্রেষ্ঠ ! কর্মগুলিব সংখ্যা কবা যায় না ; (তবে ইহা বলা যায় যে,) গৃহনগৰপ্রভৃতি সমস্ত কার্য্যাসদ্ধির প্রতিই পুক্ষেব দেহ—হেতু ॥২৬॥

বৃদ্ধিমান্ লোক প্রথমে তিলেব ভিতবে তৈল, গৰুব ভিতবে ছুধ এবং কাঠের ভিতবে আগুন আছে বলিয়া বৃদ্ধি দ্বাবা জানে, পরে ঐ সকল লাভ করিবার উপায় স্থির করে ॥২৭॥

<sup>(</sup>२८) ... विनियोक्श मरहत्रवः ... वा व का नि । ,

বন-৩৭ (৬)

ততঃ প্রবর্ত্ততে পশ্চাৎ কারণেম্বস্থ সিদ্ধয়ে।
তাং সিদ্ধিমুপজীবন্তি কর্মজামিহ জন্তবং ॥২৮॥
কুশলেন কৃতং কর্ম কর্ত্রো সাধু বিনিশ্চিতম্।
ইদং ত্বকুশলেনেতি বিশেষাত্রপলভ্যতে ॥২৯॥
ইফীপুর্ত্তফলং ন স্থাম শিষ্যো ন গুরুর্ভবেৎ।
পুরুষঃ কর্মসাধ্যেষু স্থাচ্চেদয়মকারণম্॥৩০॥

# ভারতকোমুদী

. তত ইতি। ততঃ পশ্চাৎ, অশু তৈলাদেঃ সিদ্ধান্ত, কারণেষু যদ্ধচালনাদিব্যাপারেষু পুরুষঃ প্রবর্ততে। এবং ক্রমেণেহ জন্তবঃ কর্মজাং তাং সিদ্ধিমৃপদ্ধীবস্তি ।২৮।

প্রান্তনকর্মান্তসারেণৈবেশবঃ ফলং দদাতীত্যর্থে পর্যাপ্তমন্থমানমাহ—কুশলেনেতি। কুশলেন নিপুণেন কর্মা, সাধু বিনিশ্চিতং স্বৃষ্টু নিরূপিতং যথা স্থান্তণৈব কর্ম পুতলকাদি কার্যাং কৃতম্; অথ চ বিশেষান্তদ্রসোষ্ঠবদর্শনাৎ ইদমকুশলেন কৃতমিত্যুপলভ্যতে লোকৈ:। নিপুণপুরুষচেষ্টায়াঃ পর্যাপ্তস্থেইপি তন্ম্লপ্রাক্তনকর্মণোইপর্যাপ্তত্বাৎ ফলমপ্যর্যাপ্তমেব দৃষ্ঠত ইতি ভাবঃ ॥২৯॥

অথ তর্হি কলং প্রতি নিয়তবাদীশ্বর এব কারণমান্তাম্, প্রুষদেহং ব্দ্রথাসিদ্ধবাদকারণ-মেবান্ত, তৎ কথং প্রাপ্তজ্ঞং "কারণং তম্ম দেহোহরম্" ইতি। অত্যাহ—ইটেতি। অরং প্রুষদেহণেচৎ, কর্মসাধ্যেষ্ ফলেষ্ অকারণং আৎ, তদা তন্মিন্ প্রুদের ইটাপ্র্রাঃফলং ন আৎ, কোহি কিল্ঞাণি শিয়োন ভবেৎ, কোহি কিল্ঞাণি গুরুণ্ড ন ভবেৎ। তথা চ কার্যাকারণরোঃ সামানাধিকরণাং নিয়তম্। ইঅঞ্চ কারণীভূততা দেহতা ঈশ্বনিষ্ঠতয়া তৎফলভাপি তত্তিব সম্ভবাৎ কোহিপি ইটাপ্র্রেণ ন কুর্যাৎ; উপদেশত গুরুনিষ্ঠতয়া তৎফলভাপি তত্ত্বিব সম্ভবাৎ কোহিপি শিয়োন আৎ; সেবায়াঃ শিয়্যনিষ্ঠতয়া তৎফলভাপি তত্ত্বৈব সম্ভবাৎ কোহিপি শিয়োন আৎ; সেবায়াঃ শিয়্যনিষ্ঠতয়া তৎফলভাপি তত্ত্বিব সম্ভবাৎ কোহিপি গ্রুষণ, প্রধানভোপদেশভাবণত্ত প্রুষনিষ্ঠতে তৎফলানামপি প্রুষ এবাবভান্তাবাৎ ইটাপ্র্রেণ্ড কুর্যাৎ, প্রধানভোপদেশভাবণত্ত শিয়্যগততয়া তৎফলভাপি

হভিব্যনকীতার্থ:, অশু তৈলাদে: সিদ্ধয়ে প্রাপ্তবে ॥২৭। কারণৈর্যন্ত্রনিপীড়নাদিভি:, তাং সিদ্ধিং তৈলাদিপ্রাপ্তিম্। কর্মণামিতি পাঠে সিদ্ধিং ফলম্, তাং তৈলপ্রাপ্তিম্ ॥২৮। কুশলেনেতি। বিশেষাৎ ফলভেদাৎ, ঐহিককর্মণোহপি প্রাবল্যমন্ত্রীত্যর্থ: ॥২০॥ বিধি-

ভাৰতভাৰদীপঃ

তাহাব পর ঐ সকল লাভ করিবার উপায়ে প্রবৃত্ত হয়; এইভাবে প্রাণীরা কর্ম অহুসাবে সেই সিদ্ধি লাভ কবে ॥২৮॥

কোন দক্ষ লোক ভাল কবিয়া অনুসন্ধান করিয়া কোন কার্য্য করিল; াকন্ত তাহার সে কার্য্য সেরূপ স্থুন্দ্ব হইল না; স্থুতরাং লোকে মনে করে য়ে, ইহা কোন অশিক্ষিত লোকে করিয়াছে ॥২৯॥

<sup>(</sup>२४) ... काउटेनेख्य मिष्ठात्र ... वा व का। (२३) ... कव्व नाधु पश्किंक्यू ... वा व का नि.।

কর্তৃত্বাদেব পুরুষঃ কর্দ্মসিদ্ধো প্রশস্ততে।
অসিদ্ধো নিন্দ্যতে চাপি কর্তা নাসীৎ কথন্তিই ॥৩১॥
সর্বিমেব হঠেনৈকে দৈবেনৈকে বদস্ত্যত।
পুংসঃ প্রয়ত্ত্বজং কিঞ্চিত্রেধমেতন্নিরুচ্যতে ॥৩২॥

# ভাবতকোমুদী

শিশ্বগতবাৎ, প্রধানজোপদেশদানক গুরুনিষ্ঠবেন তৎফলক্সাপি গুরুগতবাৎ শিশ্রো গুরুল্চ তবেদেব। তেন পুরুষদেহঃ কারণমেবেড্যাশয়ঃ। ইষ্টাপূর্ব্তে বিবৃণোডি মলমাসতবে জাতৃকর্ণঃ—"জয়িহোত্তঃ তপঃ সভ্যং বেদানাঞ্চারপালনম্। আতিথ্যং বৈশ্বদেবঞ্চ ইষ্টমিত্যভিধীয়তে।" বাপীকৃপভভাগাদিদেবভায়ভনানি চ। অমপ্রদানসারামাঃ পূর্ত্তমিত্যভিধীয়তে।" ইষ্ট্রঞ্গতি বন্দে হুক্বক্র দীর্ঘত। ১০০।

অথান্তাং পুরুষদেহত্য কারণত্বম, পুরুষত্য কর্তৃত্বন্ধ কুতঃ ? যেন "সর্বভূতানি কোঁন্ডিয়। কার্যন্তাবশান্তাপি" ইত্যুক্তমিত্যাহ — কর্তৃত্বাদিতি। কর্মনঃ কার্যন্তা ঘটাদেঃ দিক্ষে দত্যাম, তত্য কর্তৃত্বাদেব, পুরুষো দেহী, প্রশহ্মতে, কর্মনঃ অদিদ্ধে তু নিন্দ্যতে চাপি। অতএবেহ কর্মণি পুরুষঃ কথং কর্ত্তা নাসীং। উপলক্ষণমেতং প্রত্যক্ষমণি পুরুষত্ত সাক্ষাংক্রিয়ানিস্পাদকত্বরূপং কর্তৃত্বমু ॥৩১॥

কঞ্চিদিশেষমভিধাতৃং পূর্ব্বোক্তং শ্বরয়তি—সর্ব্বমিতি। একে নান্তিকাঃ, সর্ব্বমেব কার্য্যম্, হঠেন স্বভাববলেন সিধ্যতীতি বদস্তি, একে আন্তিকাঃ, দৈবেন সিধ্যতীতি বদস্তি। অপরে তু প্রাকৃতাঃ যৎ কিঞ্চিদপি কার্য্যং পূংস এব প্রয়ত্ত্বসমিতি বদন্তি। অতএবৈতৎ কার্য্যজ্ঞাতম্, ত্রৈধং ত্রিবিধকারণকমিতি নিরুচ্যতে উক্তিপ্রিবিধৈর্লোকৈঃ। পূর্ব্বোজস্বাভাবিকবার্য্যস্থ হঠকার্য্যমন্তর্ভাবঃ।৩২॥

#### ভাবতভাবদীপঃ

প্রতিবেধশান্তবৈর্থ্যাত্যথাত্বপপত্যাহিপি পুরুষকারত্ম শ্রৈষ্ঠ্যমাহ—ইষ্টেভি দ্বাভ্যাম্। ইষ্টং যাগাদি, আপূর্ত্তং তড়াগারামাদি ॥৩০—৩১॥ সর্বমিতি। হঠাদয়:"অকন্মাদিহ যা কন্তিৎ" ইত্যাদিশ্লোকত্তরেণ ব্যাথ্যাতাঃ, স্বভাবত্যাপি হঠে এবাস্তর্ভাবঃ, হঠেনৈকে চার্ব্বাকাঃ, দৈবে-

মানুষ যদি কর্ম্মফলের প্রতি কাবণ না হইত, তবে কেহই যাগ ও কূপ-নির্ম্মাণপ্রভৃতি কর্ম্মেব ফল পাইত না এবং কেহ কাহাবও শিশ্য বা থক হইত না ॥৩০॥

তা'ব পব, কার্য্য সিদ্ধ হইলে, তাহার কর্তা বলিয়াই মানুষকে সকলে প্রশংস। কবে এবং কার্য্য সিদ্ধ না হইলে নিন্দা কবে . স্থৃতবাং কার্য্যেব কর্ত্তা ছিল না, এ কথা কি করিয়া বলা যায় १॥৩১॥

নান্তিকেরা বলে—'সকল কার্য্যই স্বভাবত: নিদ্র হয়', আহিছের। বলেন— 'সকল কার্য্যই দৈববশত: সিদ্ধ হয়' এবং প্রাকৃত লোবের। বলে—'সকল কার্য্যই নামুষেব চেষ্টায় সিদ্ধ হয়'। এইভাবে ত্রিবিধ লোক ত্রিবিধ কারণ নিরূপণ করে। ১২। ন চৈবৈতাবতা কাৰ্য্যং মন্মন্ত ইতি চাপবে।
অস্তি সৰ্ব্ৰমদৃশ্যন্ত দিফকৈব তথা হঠঃ ॥৩৩॥
দৃশ্যতে হি হঠাচৈচব দিফীচচাৰ্থস্ম সন্ততিঃ।
কিঞ্চিদ্ৰবাদ্ধঠাৎ কিঞ্চিৎ কিঞ্চিদেব স্বভাবতঃ ॥৩৪॥
পুক্ষয়ং ফলমাপ্নোতি চতুৰ্থং নাত্ৰ কাৰণম্।
কুশলাঃ প্ৰতিজানন্তি যে বৈ তত্ত্বিদো জনাঃ ॥৩৫॥ (বিশেষকম্)

# ভাৰতকৌমুদী

বিলক্ষণং মতধ্যমাহ—বিশেষকেণ নেতি। ইতি চ অপরে মহান্তে যৎ, এতাবতা পর্যাপ্তেনাপ্যেতন পুংসং প্রয়ম্বেন, কার্য্যম্, ন চ নহি সিধ্যতি; সত্যপি তথা প্রয়ম্বে ফলাভাবাৎ অসত্যপি ফলোৎপত্তেশ্চেতি ভাবং। কিং তর্হি কার্য্যসিদ্ধেং কারণমিত্যাহ—অন্তীতি। অনৃশ্রুৎ চাক্ষ্যপ্রত্যক্ষাযোগ্যম্, দিষ্টং দৈবঞ্চ, তথা হঠঃ অতর্কিতভাবণ্ড, এতহুভ্যন্মেব সর্ক্ষং সর্কার্য্যসিদ্ধিকারণমন্তি। হি যক্ষাৎ, হঠাদতর্কিতভাবাৎ, দিষ্টাক্ষৈবাচ্চ, অর্থস্থ কার্য্যস্ত, সম্ভতিঃ সম্ভত্যা ধার্মা সিদ্ধিদৃ শ্রুতে, শায়িতস্থ পরদন্তধনপ্রাপ্তিবৎ ভোজুং গছেতো নিধিপ্রাপ্তিবচ্চত্যাশ্যং। এতরোবেকতরত্বীকারেণোভিমতসিদ্ধে বিভয়ম্বীকার এতরতে দোব এবেত্যুন্নেয়ম্। যে চ জনাঃ, তত্ত্ববিদ্ধঃ কার্য্যকারণয়োঃ প্রকৃতভাবজ্ঞাঃ, তে কুশলাঃ, প্রতিজানন্তি প্রতিজ্ঞাপ্র্বক্ষিদং বদন্তি যৎ, পুরুষঃ, দৈবাৎ কিঞ্চিৎ ফলং ভোজুং গছন্ নিধ্যাদিকপমাপ্নোতি; হঠাৎ কিঞ্চিৎ ফলং শায়িতঃ পরদন্তধনাদিকপমাপ্নোতি; স্বভাবতশ্চ কিঞ্চিৎ ফলং বীজাদন্ত্বরূপমাপ্রোতি। অতএব দৈবহঠম্বভাবরূপং ত্রিভয়মেব কার্য্যসিদ্ধে কারণম্, অত্র কার্য্যসিদ্ধে চতুর্থং কারণং নান্তি। অত্যাপি হঠস্থ দৈবান্তর্জাব্দ্বান্ত্র্যান্ত্রাত্ব কারণম্য কার্য্যম্ কার্য্যম্ব কার্য্যম্বান্ত্র্যান্ত্রাক্র ক্ষান্ত্র্যান্ত্রিত্রম্ব ॥৩৩ – ৩৫॥

#### ভারতভাবদীপঃ

নৈকে কৌলিকা:, প্রযন্ত্রজং প্রাকৃতা: ॥৩২॥ এতৈবেব নার্থসিদ্ধিরিভি বৈদিকা ইত্যাহ—
ন চেতি। অদৃশ্রং ধর্মাধর্মরূপং প্রাকৃকর্ম তদেব দিইহঠাদিকং সর্বমিত্যর্থ: ॥৩৬॥ অত্ত পূর্ব্বপক্ষো দৃশ্যতে হীতি। স্বভাবতো যত্নত: ॥৩৪॥ চতুর্বং প্রাকৃকর্মকুশলা ইত্যুপহাসঃ,

আর একদল বলে—'মান্নবেব চেষ্টায় কোন কার্য্য হয় না; কিন্তু অদৃশ্য দৈব এবং দৃশ্য স্বভাব—এই ছইটাই সমস্ত কার্য্যের কারণ। কেন না, দেখা যায় যে, স্বভাব ও দৈব হইতেই ধারাবাহিকভাবে কার্য্য ছইতেছে'। আবাব যাহাবা তত্ত্বজ্ঞ লোক, সেই নিপুণেরা প্রতিজ্ঞাপূর্বক বলে যে, 'মানুষ কোন ফল দৈব হইতে, কোন ফল অতর্কিতভাব হইতে এবং কোন ফল স্বভাব হইতে প্রাপ্ত হয়; স্বভরাং ফলেব প্রতি এই তিনটাই কারণ, চতুর্থ কারণ, নাই'॥৩৩—৩৫॥

তথৈব ধাতা ভূতানামিফানিউফলপ্রদঃ।

যদি ন স্থান্ন ভূতানাং ক্নপণো নাম কশ্চন ॥৩৬॥

যং যমর্থমভিপ্রেক্ষ্ণঃ কুরুতে কর্ম্ম পূরুষঃ।

তত্তৎ সফলমেব স্থাদ্যদি ন স্থাৎ পুবাকৃতম্ ॥৩৭॥

তিবারামর্থসিদ্ধিন্ত নামুপশ্যন্তি যে নরাঃ।

তথৈবানর্থসিদ্ধিক্ষ যথা লোকাস্তথৈব তে ॥৩৮॥

## ভাবতকোমূদী

ইদানীমূক্তমতজাতহানায বিশেষং স্বয়তং যুক্ত্যা সমর্থয়িতুমাহ—তথেতি। তথৈবেত্যনেন প্রাপ্তকং সমৃতিনোতি। ধাতা ঈশবো যদি ভূতানামিষ্টানিষ্টফলপ্রদো ন স্থাৎ, তদা ভূতানাং মধ্যে কন্চনাপি জনঃ, কপণো দীনো নাম ন স্থাৎ। তথা চ হঠযত্বস্থতাব-রপসর্বকারণসত্ত্বহিপি ব্যক্তিবিশেষস্থ দৈক্তদর্শনাৎ তৎসম্পদং প্রতি দৈবাহসারী ঈশবঃ কারণং নাস্তাত্যহমীযতে, কার্যাং প্রতি কাবণকৃটস্রৈবাবশ্রকত্বাদিত্যাশয়ঃ। এতচ্চ "ঈশবঃ কারণম্ ইতি গ্রায়সিদ্ধান্তম্, "স হি সর্ববিৎ সর্বকর্ত্তা" ইতি সাংখ্যসিদ্ধান্তঞ্চাহ্রস্থান্তহিত্য । বস্তুতন্ত প্রাক্তনকর্মমাত্রস্থ কারণত্বাঙ্গীকারে তদহুসারিত্বাদীশ্বরস্থ কারণত্বসিদ্ধিঃ স্থতরামের। অতএব "নালম্বতে দৈষ্টিকতাং ন নিষীদ্বি পৌরুষে" ইতি মাঘকাব্যাদে প্রায়েণ সর্ববৈব কেবলযোর্দিবপুক্ষকারযোরেব কার্যসিদ্ধে কারণত্ব্যোপাদানং দুগতে । তা

অধ তর্ছি ঈশ্বরশ্যৈব কারণজমান্তাং কিং প্রাক্তনকর্মণ ঐতিককর্মণশ্চ তদঙ্গীকারেণেত্যাহ—
যমিতি। যদি পুরাকৃতং প্রাক্তনং কর্ম, ফলং প্রতি কারণং ন স্থাৎ, তদা পুরুষো যং যমর্থম্
অভিপ্রেন্দ্র; সন্ কর্ম কুরুতে, তত্তৎ তত্তবিষয়কং সর্বমেব কর্ম, সফসমেব স্থাৎ ঈশ্বরস্থ
সন্থাৎ। যৎ কর্ম সফসং ন স্থাৎ, তৎ প্রাক্তনকর্মাভাবাদেব। অতঃ সিহুং প্রাক্তনকর্মণঃ
কারণত্ম্য। কিঞ্চ কুলালব্যাপারাগ্যভাবে ঘটোৎপত্ত্যাদেরদর্শনাদৈহিকস্থ কর্মণঃ কারণত্বং
প্রত্যক্ষমেবেতি ভাবঃ ॥৩৭॥

ইদানীং পূর্ববাদিনো ভ্রান্তানাক্ষিপতি—ত্রাতি। যে নরাঃ, অর্থসিদ্ধিং ফদসিদ্ধিং তথৈব অনর্থসিদ্ধিং বিপৎপাতঞ্চ, জিন্নারাং ত্রাণি ঈশ্বর-প্রাক্তনকর্মৈদিককর্মাণি ঘারাণি কারণানি ভাবতভাবদীপঃ

ইতি প্রতিঙ্গানস্তীত্যধ্যাহত্য যোজ্যম্ ।৩৫॥ তত্র সিন্ধাস্তমাহ—তথেতি ।৩৬—৩৭। ত্রিন্ধারা-মিতি। হঠাদিত্রয়ং দারমেবার্থসিন্ধেম্প্যং কারণং কর্মৈবেত্যর্থ:। আত্মা দেহ:, দেববত্তে জড়া

(কিন্তু আমবা বলি—) 'ঈশ্বব যদি প্রাণিগণেব ইষ্ট ও অনিষ্ট ফল না দিতেন, তবে প্রাণিগণেব মধ্যে কেহই দীনভাবাপন্ন থাকিত না ॥৩৬॥

এবং প্রাবন্ধ কর্ম যদি না থাকিত, তবে মানুষ যে যে বিষয় লাভ কবিবাব ইচ্ছা কবিয়া কার্য্য কবিত, তাহার সেই সেই বিষয়েব সমস্ত কার্য্যই সফল হইত ॥১৭॥

<sup>(</sup>৩৮) অধৈবাদ্মা তবৈব তে—ইতি নীলকণ্ঠদমতঃ পাঠঃ বা ব কা।

কর্ত্তব্যমেব কর্মোতি মনোরেষ বিনিশ্চয়ঃ।
একান্তেন ছনীহোহয়ং পরাভবতি পূরুষঃ ॥৩৯॥
কুর্ববতো হি ভবত্যেব প্রায়েণেহ যুধিষ্ঠির!।
একান্তফলসিদ্ধিন্ত ন বিন্দত্যলসঃ কচিৎ ॥৪০॥
অসম্ভবে ছম্ম হেডুঃ প্রায়শ্চিতন্ত লক্ষয়েৎ।
কৃতে কর্মাণ রাজেন্দ্র! তথানৃণ্যমবাপ্লুতে ॥৪১॥

## ভারতকোমুদী

